ইতিমধ্যে ১৯৯০ খ্রিষ্টাব্দে ইরাক-কুয়েত যুদ্ধকে পুঁজি বানিয়ে আমেরিকা হারামাইনের পবিত্র ভূমিতে নিজেদের সেনা পাঠায়। উসামা বিন লাদেন জাজিরাতুল আরবে মার্কিন বাহিনীর অবস্থানের বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়ে ওঠেন। তিনি সৌদি রাজপরিবারের ক্ষমতাসীন বাদশাহ ফাহাদের কাছে এ মর্মে প্রস্তাব পাঠান—'যদি তিনি আমেরিকার সাহায্য গ্রহণে অস্বীকৃতি জানান, তাহলে মুজাহিদগণ আল্লাহর ওপর ভরসা করে ইরাকি বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হবে এবং তাদের পরাজিত করবে।' কিন্তু দুর্ভাগ্যজনকভাবে বাদশাহ ফাহাদ শায়খের কথায় কর্ণপাত না করে আমেরিকার আশ্রয়গ্রহণই গুরুত্বপূর্ণ মনে করেন। ফলে শায়খ তাঁর এ পদক্ষেপের বিরুদ্ধে সাধারণ মুসলমানদের জাগিয়ে তোলার চেষ্টা করেন। তিনি বিভিন্ন শহরের মসজিদসহ গণজমায়েতে সচেতনতামূলক বক্তব্যের মাধ্যমে মুসলমানদের এ ব্যাপারে সোচ্চার করতে থাকেন। জাজিরাতুল আরবে মার্কিন-বাহিনীর অবস্থানের বিরুদ্ধে পাঁচ শতাধিক আলিমের স্বাক্ষরযুক্ত ফাতওয়া প্রচারে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁর এসব কর্মকাণ্ডের কারণে ১৯৮৯ খ্রিষ্টাব্দ থেকে ১৯৯১ খ্রিষ্টাব্দ পর্যন্ত সরকারিভাবে তাঁর পাসপোর্ট বাজেয়াপ্ত করা হয়।

শায়খ বলতেন, 'রাশিয়া কমিউনিস্ট ব্লকের পরাশক্তি। রাশিয়ার অধঃপতনে পূর্ব ইউরোপ থেকে কমিউনিজম বিলীন হয়েছে। যদি আমেরিকার পতন হয়, তাহলে আরব ভূখণ্ডে রাজতন্ত্রের পতন ঘটবে। পবিত্র ভূমিতে নিজেদের সেনা জমায়েত করে আমেরিকা সবচেয়ে বড় ভুল করেছে। ১ লাখ ২০ হাজার মার্কিন সৈন্য সৌদিআরবে কাদের বিরুদ্ধে যুদ্ধ করছে? আজ মুসলমানদের আত্মমর্যাদাবোধ কোথায়? তারা কি নিজেরা আল্লাহর পবিত্র ঘরের হিফাজত করতে পারে না? রাসুল সা.-এর জন্মের

পূর্বে আবরাহার বাহিনী পবিত্র মক্কায় হামলা করলে আল্লাহ আবাবিলের মাধ্যমে তাদের প্রতিহত করেছিলেন। আজ পৃথিবীতে এক বিলিয়ন মুসলমান রয়েছে। এখন তো আর আবাবিল আসবে না। মুসলমানদের নিজেদেরই দাঁড়াতে হবে। হোয়াইট হাউসের পরিবর্তে মুসলমানদের উচিত আল্লাহর ঘর নিয়ে চিন্তা করা।'

১৯৯১ খ্রিষ্টাব্দ পর্যন্ত তিনি মার্কিন সৈন্যদের ফিরে যাওয়ার অপেক্ষা করছিলেন; কিন্তু দেড় বছরে তিনি ভালোভাবে বুঝে গিয়েছিলেন, সৌদি-সরকার কোনোভাবেই মার্কিন সৈন্যদের সৌদিআরব থেকে বের করতে পারবে না। শেষপর্যন্ত তিনি সৌদিআরব থেকে হিজরতের সিদ্ধান্ত নেন। হারামাইনের পবিত্র ভূমিতে ইহুদি-খ্রিষ্টানদের অবস্থানের সরকারি সিদ্ধান্তের বিরোধিতা করায় তাঁকে নজরবন্দি করা হয়। বাদশাহ ফাহাদের অত্যন্ত আস্থাভাজন তাঁর এক ভাইয়ের মাধ্যমে তিনি বাদশার কাছে বার্তা পাঠান, 'তিনি ব্যবসায়িক কাজে পাকিস্তান যেতে চান।' স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শাহজাদা আহমাদের সঙ্গেও তাঁর ভাইয়ের গভীর সখ্য ছিল। তবে স্বরাষ্ট্রমন্ত্রী শাহজাদা নায়েফ প্রতিবন্ধক হয়ে দাঁড়ান। স্বরাষ্ট্রমন্ত্রী শাহজাদা নায়েফ কোনো এক বিদেশযাত্রায় গেলে তার স্থলাভিষিক্ত হয়ে ভারপ্রাপ্ত স্বরাষ্ট্রমন্ত্রী শাহজাদা আহমাদ উসামা বিন লাদেনের বিদেশযাত্রার নিষেধাজ্ঞা তুলে দেন। ১৯৯১ খ্রিষ্টাব্দের এপ্রিল মাসে তিনি সৌদিআরব থেকে প্রথমে পাকিস্তান, অতঃপর আফগানিস্তানে পৌছান। আফগানিস্তানে তখনো মুজাহিদের অন্তর্দ্বন্দ্ব ছিল চরম পর্যায়ে। শায়খ তাঁদের পারস্পরিক সন্ধি করাতে বহুমুখী চেষ্টা চালিয়েও ব্যর্থ হন। শেষপর্যন্ত তিনি সেখান থেকে সুদান চলে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

১৯৮৯ খ্রিষ্টাব্দে সোভিয়েত সেনারা আফগানিস্তান থেকে পরাজিত হয়ে ফিরে যেতে বাধ্য হয়। এটি ছিল আফগান মুজাহিদদের এক বিশাল অর্জন। বহু শতাব্দী পর মুসলমানরা এমন বিজয় উদযাপন করেছে। জিহাদের সুফল ভোগ করা ও আফগানিস্তানে ইসলামি শরিয়া প্রতিষ্ঠার জন্য এটি ছিল একটি সোনালি সুযোগ; কিন্তু পাকিস্তান ও সৌদি কূটনীতিকদের অপতৎপরতায় আফগান মুজাহিদদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব তৈরি হয়। শায়খ মুজাহিদদের অন্তর্দ্বন্দ্বে কোনো অংশের পক্ষাবলম্বন করেননি; তিনি বরং নিরপেক্ষ থেকে তাঁদের পারস্পরিক সন্ধি করাতে তৎপর ছিলেন। কিন্তু তাঁর কোনো প্রচেষ্টাই সফলতার মুখ দেখছিল না। এক পর্যায়ে তিনি আফগানিস্তানকে বিদায় জানিয়ে সৌদিআরব ফিরে যান। সেখানে তিনি নিজের বাণিজ্যিক কাজে জড়িয়ে পড়েন এবং পৃথিবীর বিভিন্ন অঞ্চলের ইসলামি সংগঠনগুলোর সঙ্গে যোগাযোগ বজায় রাখেন।

আফগানিস্তানে সোভিয়েত ইউনিয়নের পরাজয়ের পর তিনি মুসলিমবিশ্বের শাসকদের

আমেরিকান ব্লকে যেতে দেখে চরম ব্যথিত হয়ে ওঠেন। এটা তিনি কোনোভাবেই মেনে নিতে পারছিলেন না। আমেরিকার চক্রান্ত সম্পর্কে তিনি ভালোভাবেই অবগত ছিলেন। আফগান জিহাদের পর আমেরিকা নিজের ধূর্ত খেলা শুরু করে। ইরাক-কুয়েত যুদ্ধের আড়ালে হারামের পবিত্র ভূমিতে মার্কিনদের দখলদারি শুরু হয়। ১৯৯০ খ্রিষ্টাব্দে মার্কিন বাহিনী জাজিরাতুল আরবে প্রবেশ করলে শায়খ তা কোনোভাবেই সহ্য করতে পারেননি। ইরাকি আগ্রাসনের অব্যবহিত পরে তিনি হারামাইন শরিফাইনের শাসকদের কাছে নিজের সহযোদ্ধাদের নিয়ে পবিত্র ভূমির প্রতিরক্ষায় ইরাকি বাহিনীর বিরুদ্ধে লড়াইয়ের প্রস্তাব পেশ করেন। তিনি আশা প্রকাশ করেন, আল্লাহর সাহায্যে তাঁরা ইরাকি বাহিনীকে পরাজিত করতে পারবেন, যেন এর পরিবর্তে সৌদি শাসকরা মার্কিন বাহিনীকে হারামাইনের পবিত্র ভূমিতে আসা থেকে বিরত রাখে; কিন্তু তাঁর এ প্রস্তাব ফিরিয়ে দেওয়া হয়। ১৯৯০ খ্রিষ্টাব্দে বিভিন্ন পত্রিকা ও সাংবাদিকদের দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন,

> পবিত্র আরব-ভূখণ্ডে মার্কিন লবির দখলদারি প্রতিষ্ঠিত হচ্ছে। তারা পুরো অঞ্চলে নিজেদের কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে তৎপর। মুসলমানদের পবিত্র স্থানসমূহ তাদের দখলদারির শিকার। এ প্রেক্ষিতে পুরো বিশ্বের মুসলমানদের নিজেদের এসব পবিত্রভূমি কাফিরদের নাগাল থেকে মুক্ত করতে সার্বিক প্রচেষ্টা অব্যাহত রাখা আবশ্যক। সৌদিআরবসহ বিশ্বের ইসলামি গবেষক ও মুফতিগণ পবিত্র ভূমিতে মার্কিনদের অবস্থানের বিরুদ্ধে ফাতওয়া জারি করেছেন। কাবা শরিফের চতুর্দিকে আমেরিকান বাহিনী অবস্থান করছে। জিদ্দার মার্কিন ঘাঁটি ও মক্কা মুকাররমার মধ্যে মাত্র ৭০ কিলোমিটারের পার্থক্য। মক্কা শরিফের পার্শ্ববর্তী অন্যান্য অঞ্চলেও আমেরিকান বাহিনী ঘাঁটি তৈরি করছে। মুসলিম উম্মাহর এক তৃতীয়াংশ ভূখণ্ড আজ ইহুদি-খ্রিষ্টানদের আগ্রাসনের শিকার। তাই তাদের আগ্রাসন থেকে এসব ভূখণ্ড মুক্ত করা আমাদের দায়িত্ব।

১৯৯৬ থেকে ১৯৯৮ খ্রিষ্টাব্দের মধ্যে শায়খ তিনটি জিহাদি বার্তা প্রেরণ করেন, যার মধ্যে হারামাইনের পবিত্র ভূমিতে মার্কিনদের বিরুদ্ধে জিহাদ ও অন্যান্য ইসলামি পবিত্র স্থানের ওপর মার্কিন দখলদারির বিরুদ্ধে জিহাদের ফাতওয়া ছিল অন্যতম। ১৯৯৬ খ্রিষ্টাব্দে তিনি আমেরিকার বিরুদ্ধে নিয়মতান্ত্রিক জিহাদের ঘোষণা দেন। ১৯৯৬ খ্রিষ্টাব্দের ২৬ আগস্ট তিনি নিজের প্রথম বার্তা প্রেরণ করেন, যার শিরোনাম ছিল 'উসামা বিন মুহাম্মাদ বিন লাদেনের পক্ষ থেকে জিহাদের ঘোষণা।' ১৯৯৮ খ্রিষ্টাব্দের মে মাসে তিনি 'ইন্টারন্যাশনাল ইসলামিক ফ্রন্ট' নামে একটি সংগঠনের

ঘোষণা দেন, যার নেতৃত্বে আমেরিকা ও ইসরাইলের বিরুদ্ধে নিয়মতান্ত্রিক যুদ্ধের ঘোষণা দেওয়া হয়। আমেরিকা ও অন্যান্য কুফরি শক্তিকে সৌদিআরবের পবিত্র ভূমি থেকে বহিষ্কার, ইসরাইল ও আমেরিকার আগ্রাসন থেকে মুসলমানদের মুক্ত করা ছিল তাঁর মৌলিক লক্ষ্য।

১৯৯৪ খ্রিষ্টাব্দের মার্চ মাসে সিএনএন রিপোর্টার পিটার আরনেটকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি আমেরিকার বিরুদ্ধে যুদ্ধের কয়েকটি কারণ তুলে ধরেন,

> আমার সামনে যখনই আমেরিকার আলোচনা করা হয়, তখন আমার সামনে লেবাননের কানআ অঞ্চলে ইসরাইলের নির্যাতনের চিত্র ভেসে ওঠে। নিরীহ অসহায় শিশুদের ওপর তাদের বোমাবর্ষণের সে দৃশ্য আমি কখনো ভুলতে পারি না। অসংখ্য নিরীহ শিশু মৃত্যুর শিকার হয়েছিল। যারা বেঁচে গিয়েছিল তারাও অঙ্গহানির শিকার হয়ে বেঁচে ছিল। এ ঘৃণ্য নৃশংসতার সঙ্গে আমেরিকা জড়িত থাকার এরচেয়ে বড় প্রমাণ আর কী হতে পারে—এ জঘন্য বোমা হামলার শিকার অসহায় শিশুদের জন্য তারা কোনো শোকবার্তাও পাঠায়নি। অন্যায়-অবিচারের সকল সীমাই তারা লঙ্ঘন করেছিল। ইতিপূর্বে কোনো সাম্রাজ্যবাদী শক্তির পক্ষ থেকে এমন নৃশংস ঘটনা ঘটানো হয়নি। মার্কিন সরকার পৃথিবীর বিভিন্ন অঞ্চলে মুসলমানদের অত্যাচার ও নিপীড়নের শিকার বানিয়ে রেখেছে। খাদ্য ও ওষুধের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে ইরাকের ৬০ লাখেরও বেশি শিশুর জন্য মৃত্যুর দুয়ার খুলে দিয়েছে। নিজেদের এসব ঘৃণ্য কর্মকাণ্ডের দায় মার্কিনদেরই নিতে হয়। এ যুদ্ধ এখন শুধু সামরিক পর্যায়ে নয়; সাধারণ মার্কিনরাও এর আওতায় চলে এসেছে।'

আরব ভূখণ্ডে আমেরিকান ঘাঁটি

আমেরিকা ও তার মিত্রশক্তি জাজিরাতুল আরবে ২৩ টি ঘাঁটি স্থাপন করেছে। শায়খ তাঁর দেয়ালে লটকানো মানচিত্রে একবার লাঠি দিয়ে জাজিরাতুল আরবে কোথায় কোথায় মার্কিন ঘাঁটি রয়েছে তা চিহ্নিত করে দেখিয়েছিলেন। তিনি বলেন, 'আরব ভূখণ্ডে ইহুদি-খ্রিষ্টানদের ঘাঁটিগুলো জিদ্দা, তায়েফ, তাবুক, রিয়াদ, খাদরুল বাতন, আল-জাওফ, দাম্মাম, কুয়েত, বাহরাইন, কাতার, আবুধাবি, আম্মান, মাসকাট, জর্দান, মিসর ও জিবুতিতে অবস্থিত।'

তিনি আরও বলেন, 'আমেরিকা জাজিরাতুল আরব থেকে প্রতিদিন হাজার হাজার ব্যারেল তেল চুরি করে নিয়ে যাচ্ছে। মসজিদে নববির ইমাম শায়খ হুজাইফি

সৌদিআরবে আমেরিকান সৈন্যের উপস্থিতির ব্যাপারে বলেছিলেন, "হিংস্র প্রাণী কি কখনো বকরির রক্ষণাবেক্ষণ করতে পারে?' আরব-ভূখণ্ডে ইহুদি-খ্রিষ্টানদের ঘাঁটিগুলোই মূলত শায়খের মূল লক্ষ্য ছিল। যেকোনো মূল্যে তিনি এসব ঘাঁটি ধ্বংস করতে তৎপর ছিলেন। ১৯৯৬-৯৭ খ্রিষ্টাব্দে আফগানিস্তানের মুজাহিদদের সামনে দেওয়া বিভিন্ন বক্তব্যে তিনি তাঁর এ মনোভাব প্রকাশ করেছিলেন। পরবর্তী সময়ে আফগানিস্তানে আসা বিভিন্ন সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকারকালেও তিনি তাঁর এ আকাঙ্ক্ষার কথা ব্যক্ত করেন।

উম্মাহর উপকরণসমূহের রক্ষণাবেক্ষণ

২০০০ খ্রিষ্টাব্দে শায়খ উসামা বিন লাদেন মুজাহিদদের সামনে এক বক্তব্যে বলেন,

> আমেরিকা আরব দেশসমূহের খনিজ ভান্ডার দখলের পরিকল্পনা করেছে। ১৯৭৩ খ্রিষ্টাব্দের পর থেকে পৃথিবীতে প্রতিটি বস্তুর মূল্যমাত্রা ঊর্ধ্বগতির হলেও সেই তুলনায় পেট্রোলের মূল্য বৃদ্ধি পায়নি। ১৯৭৩ খ্রিষ্টাব্দের পর থেকে আজ পর্যন্ত পেট্রোলের দাম ব্যারেলপ্রতি মাত্র ৮ ডলার বৃদ্ধি পেয়েছে, যেখানে অন্যান্য বস্তুর মূল্য প্রায় তিনগুণ বৃদ্ধি পেয়েছে। আরবের তেলের মূল্য ২৪ বছরে মাত্র কয়েক ডলার বৃদ্ধি পেয়েছে। কেননা, আমেরিকার বন্দুক আরবদের কপালে তাক করা। আমরা প্রতিদিন প্রতি ব্যারেলে ১১৫ ডলার হারাচ্ছি। শুধু সৌদিআরবই প্রতিদিন ১০ কোটি ডলার ক্ষতির মুখে পড়ছে। গত ১৩ বছরে আমেরিকা আমাদের ৫৪ ট্রিলিয়ন ৫৬ বিলিয়ন ডলারের বেশি ক্ষতি করেছে। এ ক্ষতিপূরণ আমেরিকার কাছ থেকে উশুল করা উচিত। পৃথিবীতে মুসলমানদের সংখ্যা ১ বিলিয়নের বেশি। এ বিশাল অর্থ থেকে প্রতিটি মুসলমান পরিবারকে ৫০ হাজারের বেশি ডলার করে বণ্টন করে দেওয়া যায়। স্মরণ রাখা উচিত, এ অর্থমূল্য শুধু সৌদিআরব থেকে যে তেল উত্তোলন করা হয়েছে, তার একটি সাদামাটা হিসাবমাত্র। মুসলমানদের অন্যান্য ভূখণ্ড থেকে আমেরিকা কী পরিমাণ অর্থ আত্মসাৎ করছে, তা অনুমান করা কষ্টসাধ্য।

মার্কিন পণ্য বয়কটের আহ্বান

এক বক্তব্যে শায়খ উসামা বিন লাদেন বলেন,

> জিহাদের প্রশিক্ষণ গ্রহণ করা প্রতিটি মুসলমানের জন্য আবশ্যক; কিন্তু গণতান্ত্রিক সরকারগুলো মার্কিন শক্তির বিরুদ্ধে প্রতিবাদী রমজি ইউসুফকে

সৌদিআরবে আমেরিকান সৈন্যের উপস্থিতির ব্যাপারে বলেছিলেন, "হিংস্র প্রাণী কি কখনো বকরির রক্ষণাবেক্ষণ করতে পারে?' আরব-ভূখণ্ডে ইহুদি-খ্রিষ্টানদের ঘাঁটিগুলোই মূলত শায়খের মূল লক্ষ্য ছিল। যেকোনো মূল্যে তিনি এসব ঘাঁটি ধ্বংস করতে তৎপর ছিলেন। ১৯৯৬-৯৭ খ্রিষ্টাব্দে আফগানিস্তানের মুজাহিদদের সামনে দেওয়া বিভিন্ন বক্তব্যে তিনি তাঁর এ মনোভাব প্রকাশ করেছিলেন। পরবর্তী সময়ে আফগানিস্তানে আসা বিভিন্ন সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকারকালেও তিনি তাঁর এ আকাঙ্ক্ষার কথা ব্যক্ত করেন।

উম্মাহর উপকরণসমূহের রক্ষণাবেক্ষণ

২০০০ খ্রিষ্টাব্দে শায়খ উসামা বিন লাদেন মুজাহিদদের সামনে এক বক্তব্যে বলেন,

> আমেরিকা আরব দেশসমূহের খনিজ ভান্ডার দখলের পরিকল্পনা করেছে। ১৯৭৩ খ্রিষ্টাব্দের পর থেকে পৃথিবীতে প্রতিটি বস্তুর মূল্যমাত্রা ঊর্ধ্বগতির হলেও সেই তুলনায় পেট্রোলের মূল্য বৃদ্ধি পায়নি। ১৯৭৩ খ্রিষ্টাব্দের পর থেকে আজ পর্যন্ত পেট্রোলের দাম ব্যারেলপ্রতি মাত্র ৮ ডলার বৃদ্ধি পেয়েছে, যেখানে অন্যান্য বস্তুর মূল্য প্রায় তিনগুণ বৃদ্ধি পেয়েছে। আরবের তেলের মূল্য ২৪ বছরে মাত্র কয়েক ডলার বৃদ্ধি পেয়েছে। কেননা, আমেরিকার বন্দুক আরবদের কপালে তাক করা। আমরা প্রতিদিন প্রতি ব্যারেলে ১১৫ ডলার হারাচ্ছি। শুধু সৌদিআরবই প্রতিদিন ১০ কোটি ডলার ক্ষতির মুখে পড়ছে। গত ১৩ বছরে আমেরিকা আমাদের ৫৪ ট্রিলিয়ন ৫৬ বিলিয়ন ডলারের বেশি ক্ষতি করেছে। এ ক্ষতিপূরণ আমেরিকার কাছ থেকে উশুল করা উচিত। পৃথিবীতে মুসলমানদের সংখ্যা ১ বিলিয়নের বেশি। এ বিশাল অর্থ থেকে প্রতিটি মুসলমান পরিবারকে ৫০ হাজারের বেশি ডলার করে বণ্টন করে দেওয়া যায়। স্মরণ রাখা উচিত, এ অর্থমূল্য শুধু সৌদিআরব থেকে যে তেল উত্তোলন করা হয়েছে, তার একটি সাদামাটা হিসাবমাত্র। মুসলমানদের অন্যান্য ভূখণ্ড থেকে আমেরিকা কী পরিমাণ অর্থ আত্মসাৎ করছে, তা অনুমান করা কষ্টসাধ্য।

মার্কিন পণ্য বয়কটের আহ্বান

এক বক্তব্যে শায়খ উসামা বিন লাদেন বলেন,

> জিহাদের প্রশিক্ষণ গ্রহণ করা প্রতিটি মুসলমানের জন্য আবশ্যক; কিন্তু গণতান্ত্রিক সরকারগুলো মার্কিন শক্তির বিরুদ্ধে প্রতিবাদী রমজি ইউসুফকে

তাদের হাতে তুলে দেয়। গণতন্ত্র ও মানবতার ধ্বজাধারী আমেরিকার নির্দেশে আমার চার পুত্র আজও কারারুদ্ধ। ৪ বছরের শিশুকন্যাকে বিদেশযাত্রার অনুমতি দেওয়া হচ্ছে না। আমাকে বলা হচ্ছে, বাদশাহ ফাহাদ ও আমেরিকার বিরুদ্ধে মুখ পুরোপুরি বন্ধ রাখলে ক্ষমা করে দেওয়া হবে। আমি মার্কিন অনুকম্পার ভিখারি নই। আমেরিকার সাহস থাকলে আমাকে গ্রেপ্তার করুক। আমার মৃত্যু হবে আল্লাহর ইচ্ছায়; মার্কিনদের ইচ্ছায় নয়।

আমি মুসলমানদের কাছে অনুরোধ করছি, তারা যেন সব ধরনের মার্কিন পণ্য বয়কট করেন। মার্কিন সাম্রাজ্যবাদীরা মুসলমানদের কী দিয়েছে? কাপুরুষ মার্কিনরা মৃত্যুকে ভয় পায়। রাশিয়া টুকরো টুকরো হয়েছে, আমেরিকাও একদিন ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যাবে ইনশাআল্লাহ।

লন্ডনের সানডে টাইমসে সিএনএন টিমের নেওয়া শায়খের একটি সাক্ষাৎকার প্রকাশিত হয়েছিল। সেই সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, 'আমরা মার্কিন সরকারের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা দিয়েছি। কারণ, তারা অত্যাচারী, সন্ত্রাসী। তারা মানবতাবিরোধী জঘন্য অপরাধে লিপ্ত। তারা প্রকাশ্যে ইসরাইলের অত্যাচার সমর্থন দিচ্ছে। রাসুল সা.-এর মিরাজের পবিত্র ভূমি দখল করতে হানাদার ইসরাইলকে সহযোগিতা করছে। আমরা মনে করি, ফিলিস্তিন ও ইরাকে মুসলমানদের গণহত্যার দায়ে মার্কিনরা সরাসরি দায়ী।

আমেরিকার এসব মানবতাবিরোধী অপরাধের কারণে আমরা তাদের বিরুদ্ধে প্রকাশ্যে যুদ্ধের ঘোষণা দিচ্ছি। এমন পরিস্থিতিতে আমাদের ধর্মের নির্দেশনা—যখন অত্যাচার-নিপীড়ন সীমালঙ্ঘন করবে, তখন আল্লাহর বিধান সমুন্নত করতে যেকোনো মূল্যে ঝাঁপিয়ে পড়তে হবে। এ জন্য আমেরিকাকে আমরা বিশ্বের সকল ইসলামি ভূখণ্ড থেকে সমূলে উৎখাত করতে চাই। এ যুদ্ধ আমেরিকার প্রতিটি সামরিক ও বেসামরিক নাগরিকের বিরুদ্ধে, যারা আমাদের পবিত্র ভূমিতে অবস্থান করছে বা আমাদের বেসামরিক মানুষদের বিরুদ্ধে পরিচালিত নিপীড়নকে সমর্থন করছে।

তবে আমাদের এই যুদ্ধ সর্বপ্রথম সে-সকল মার্কিন সেনার বিরুদ্ধে, যারা আমাদের পবিত্র ভূমিতে হানা দিয়েছে। আমাদের ধর্ম আমাদের শিখিয়েছে—আমাদের পবিত্র ভূমিগুলো মুসলিমবিশ্বের অন্য সকল ভূখণ্ডের চেয়ে অধিক মর্যাদাশীল। পবিত্র ভূমিতে কোনো কাফির হানাদারের অস্তিত্ব মেনে নেওয়া যায় না। এ জন্য যে-সকল মার্কিন বেসামরিক নাগরিক, যারা এসব অঞ্চল ছেড়ে

চলে যেতে চায় না, আমরা তাদের নিরাপত্তার দায়িত্ব নেব না। পৃথিবীতে আজ আমরা সোয়া ১ বিলিয়ন মুসলমান। যেকোনো মুহূর্তে আমাদের প্রতিক্রিয়ার বিস্ফোরণ ঘটতে পারে। ইরাকে আমাদের ৬ লক্ষ নিষ্পাপ শিশু মার্কিনদের কারণে খাদ্য ও পানীয় থেকে বঞ্চিত। আমাদের এই তীব্র প্রতিক্রিয়ার দায় আমেরিকার ওপরই বর্তায়। মার্কিনী অত্যাচারের সীমালঙ্ঘনের কারণে আজ এ যুদ্ধ মার্কিন যোদ্ধাদের পাশাপাশি বেসামরিক নাগরিকদেরও ঘিরে নিচ্ছে।

বেসামরিক মানুষও এ দায় থেকে পুরোপুরি মুক্ত নন। কেননা, তারা নিজেদের ভোটের মাধ্যমে মার্কিন সরকারকে প্রতিষ্ঠিত রাখছে; অথচ তারা জানে, তাদের এ সরকার ফিলিস্তিন, লেবানন ও ইরাকে প্রতিনিয়ত মানবতাবিরোধী অপরাধ করে যাচ্ছে। শুধু এসব অঞ্চলে নয়; পৃথিবীর বিভিন্ন অঞ্চলে তারা নিজেদের গোপন এজেন্টদের মাধ্যমে আমাদের আত্মীয়-পরিজন ও ইসলামি ব্যক্তিদের কারাগারে আবদ্ধ করছে। আল্লাহ্ সকলের মুক্তি ত্বরান্বিত করুন।

সুদানে পাঁচ বছর অবস্থান

সুদানের ধর্মীয় নেতা হাসান আত তুরাবি ১৯৯১ খ্রিষ্টাব্দে খারতুমে উসামা বিন লাদেনকে আমন্ত্রণ জানান। তিনি আফগান রণাঙ্গনে অংশগ্রহণ করা আরব মুজাহিদদের অংশ ছিলেন। আগেই তিনি আফগানিস্তান থেকে সুদানে ফিরে যান এবং বিন লাদেন কোম্পানিতে চাকরি শুরু করেন। সামরিক বিপ্লবের মাধ্যমে উমর আল বাশিরের সেনা বিপ্লবের তখন মাত্র দুই বছর পূর্ণ হয়েছিল। হাসান আত তুরাবি উমর আল বাশির সরকারের অত্যন্ত আস্থাভাজন ছিলেন। এ সুবাদে শায়খ সুদানে পাঁচ বছর অবস্থান করেন। *চারটি অঞ্চলে দারুল ইসলাম প্রতিষ্ঠার পরিকল্পনা* শিরোনামে সুদানে তাঁর অবস্থানের বিস্তারিত আলোচনা করা হয়েছে। শেষপর্যন্ত সুদান সরকার মার্কিনদের চাপে হাল ছেড়ে দেয় এবং শায়খের কাছে সুদান ছেড়ে যাওয়ার আবেদন করে।

সুদান থেকে আফগানিস্তান

সুদান থেকে আফগানিস্তান হিজরতের বিবরণ উসামা বিন লাদেনের ভাষায়,

> আমরা ১৯৯৬ খ্রিষ্টাব্দের মে মাসে জালালাবাদে। তখন কাবুলে আহমাদ শাহ মাসুদ এবং রাব্বানি সরকারের কর্তৃত্ব ছিল। আমাদের জালালাবাদে পৌঁছার পূর্বেই রাব্বানি সরকার মার্কিন সরকারের সঙ্গে আঁতাত করে গোপন চুক্তি সম্পাদন করে। গোপন চুক্তি অনুযায়ী আমাকে মার্কিনদের হাতে তুলে

দেওয়ার প্রতিশ্রুতি ছিল। এ চুক্তিপত্রে রাব্বানি, আহমাদ শাহ মাসুদ এবং হাজি কাদিরসহ রাব্বানি সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের স্বাক্ষর ছিল। জালালাবাদে অবস্থানরত তালেবানদের মিত্র কমান্ডার ইঞ্জিনিয়ার মাহমুদ শহিদ এবং উসতাজ সাজনু শহিদের মাধ্যমে এ চুক্তির কথা আমরা আগেই জেনে যাই। তারা তখন জালালাবাদের বিমানবন্দরে কর্মরত ছিলেন। পরবর্তী সময়ে এই দুই কমান্ডারকে তালেবানদের সহযোগিতার দায়ে শহিদ করে দেওয়া হয়।

রাব্বানির সরকারের সঙ্গে সমঝোতার আলোকে মার্কিনরা দুটি মার্কিন বিমান জালালাবাদে পাঠাতে চেয়েছিল; কিন্তু কমান্ডার মাহমুদ শহিদ এবং সাজনু শহিদ যেকোনো মূল্যে আমাদের নিরাপত্তা দিতে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন। তাঁরা মার্কিন বিমান অবতরণে বাধা দেওয়ার ঘোষণা দেন। রাব্বানির সরকারের কর্মকর্তাদের সঙ্গে তাঁদের এ নিয়ে বাগ্‌বিতণ্ডাও হয়। অন্যদিকে তালেবানরা মোল্লা বুরজানের নেতৃত্বে বিজয়গাথা রচনা করতে করতে জালালাবাদের উপকণ্ঠে এসে উপস্থিত হন। পরের দিন তালেবানরা মোল্লা বুরজানের নেতৃত্বে জালালাবাদ শহরে হানা দেয়। ভয়ংকর আক্রমণের মুখে রাব্বানি সরকার—যারা মার্কিনদের হাতে আমাদের তুলে দেওয়ার সকল প্রস্তুতি সম্পন্ন করে রেখেছিল—জালালাবাদ শহর ছেড়ে দিতে বাধ্য হয়। পর পর দুদিনে লাগমান ও কনটর প্রদেশও তাদের হাতছাড়া হয়। পটপরিবর্তনে আল্লাহর অশেষ অনুগ্রহে আমরা সকলেই নিরাপদে পৌঁছে আমাদের নাজমুল জিহাদ হেডকোয়ার্টারে অবস্থান করি।

উত্তর জোটের কমান্ডার সাইয়িদ জিয়া ফ্রান্সের বোমন্ড পত্রিকার প্রতিবেদককে জানান, 'আমরা জানি, উসামা বিন লাদেন অত্যন্ত ধনাঢ্য ব্যক্তি; কিন্তু তিনি আমাদের মধ্যে অত্যন্ত সাদাসিধে জীবনযাপন করতেন। তিনি দুবার রুশসৈন্যদের ঘেরাওয়ে পড়েছিলেন। একবার রুশবাহিনী তাঁকে চতুর্দিক থেকে ঘেরাও করে আক্রমণ করছিল। সে যুদ্ধ প্রায় ২৪ দিন স্থায়ী হয়েছিল। সেটা ছিল আমার দেখা সবচেয়ে দীর্ঘ যুদ্ধ। তখন উসামা বিন লাদেন তাঁর শতাধিক আরব সহযোদ্ধা নিয়ে সাত দিন পাহাড়চূড়ার একটি গুহায় আটকে ছিলেন। চতুর্দিক থেকে ভয়াবহ বোমা হামলা করা হচ্ছিল। উসামা বিন লাদেন ও তাঁর সহযোদ্ধারা তাঁদের অবস্থানের আশপাশে স্থলমাইন পুঁতে রেখেছিলেন, যেন রুশসৈন্যরা পাহাড়ে আরোহণ করতে না পারে। সপ্তম দিন তাঁরা সম্পূর্ণ শক্তি নিয়ে রুশদের উপর আক্রমণ করেন এবং বিজয় লাভ করেন।

উসামা বিন লাদেন ও আরব মুজাহিদরা অত্যন্ত সাহসী ছিলেন। এমন ভয়াবহ যুদ্ধ আমি জীবনে দেখিনি। আমাদের কাছে অস্ত্র ও গোলাবারুদের কমতি ছিল। আমরা

চাচ্ছিলাম যেন শত্রুরা আমাদের ক্যাম্পের কাছাকাছি চলে আসে এবং আমরা তাদের উপর ফায়ার করি; কিন্তু আরব যোদ্ধারা অত্যন্ত ঝুঁকিপূর্ণভাবে সাহসের প্রদর্শনী করতেন। তাঁরা ক্যাম্প থেকে বেরিয়ে রুশবাহিনীর সামনে গিয়ে আক্রমণ চালাতেন।'

মার্কিনদের বিরুদ্ধে জিহাদের ঘোষণা ও মসজিদে আকসার স্বাধীনতা

তিনি বিশ্বাস করতেন—বিশ্বব্যাপী মুসলমানদের নির্যাতন বিশেষত ফিলিস্তিনের মুসলিম গণহত্যার আশ্রয়-প্রশ্রয়দাতা আমেরিকা। এ জন্য আল কায়দা বিভিন্ন সময় পৃথিবীর বিভিন্ন অঞ্চলে আমেরিকান স্বার্থসংশ্লিষ্ট জায়গায় আঘাত হেনেছে। ফিলিস্তিন ও লেবাননে মুসলিম গণহত্যা, দুটি পবিত্র ভূমিতে মার্কিন দখলদারত্ব, মুসলমানদের রাষ্ট্রীয় ব্যাপারে মার্কিনদের হস্তক্ষেপ ও সৌদিআরবের পটপরিবর্তন বিশেষত আলিম ও মুজাহিদদের পাইকারিহারে গ্রেপ্তার হওয়ায় শায়খ উসামা বিন লাদেন ১৯৯৬ খ্রিষ্টাব্দে আমেরিকার বিরুদ্ধে যথারীতি যুদ্ধের ঘোষণা দেন। ১৯৯৬ খ্রিষ্টাব্দের ২৬ আগস্টে তিনি উসামা বিন মুহাম্মাদ বিন লাদেনের পক্ষ থেকে জিহাদের ঘোষণা শিরোনামে তাঁর প্রথম বার্তা প্রকাশ করেন। এ বক্তব্যে তিনি মার্কিন সৈন্যদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছিলেন, যেন তারা অতিসত্বর মুসলমানদের পবিত্র ভূমি ছেড়ে চলে যায়, অন্যথায় রুশবাহিনীর বিরুদ্ধে লড়াই করা মুজাহিদরা তাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে।

শায়খ ভালোভাবে অনুধাবন করতে পেরেছিলেন, বায়তুল মাকদিসে ইহুদিদের দখলদারত্ব ও মুসলিম দেশসমূহ মার্কিনদের হস্তক্ষেপ মুসলিমবিশ্বের মূল সমস্যা। মার্কিনশক্তি খর্ব হলে মধ্যপ্রাচ্যের শাসকরা দুর্বল হয়ে যাবে; আর মুসলিম অধ্যুষিত অঞ্চলে মার্কিন স্বার্থের বিরুদ্ধে সশস্ত্র হামলার মাধ্যমেই এটা সম্ভব।

তৃতীয় অধ্যায়

নাইন ইলেভেন ও বিন লাদেনের বিশ্বব্যাপী পরিচিতি

২০০১ খ্রিষ্টাব্দের ১১ সেপ্টেম্বর মার্কিন ইতিহাসে এক কালো দিন। আমেরিকান প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সদরদপ্তর পেন্টাগন ও নিউ ইয়র্কের বাণিজ্যকেন্দ্র ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে তিনটি বিমান আছড়ে পড়ে। পররাষ্ট্র মন্ত্রণালয় (স্টেট ডিপার্টমেন্ট) এর বাইরে গাড়িবোমা বিস্ফোরিত হয়। আত্মঘাতী এ হামলায় হাজারো মার্কিনী মৃত্যুমুখে পতিত হয়, হতাহত হয় অসংখ্য। এ হামলায় মার্কিনদের আর্থিক ক্ষতির পরিমাণ দাঁড়ায় বিলিয়ন ডলার। দেশব্যাপী বিমান চলাচল বন্ধ করে দেওয়া হয় এবং হোয়াইট হাউসসহ সকল সরকারি ভবন খালি করে নেওয়া হয়।

শায়খ আমেরিকায় হামলার যে পরিকল্পনা করেছিলেন, তাতে মূলত চারের অধিক বিমান হামলার পরিকল্পনা করা হয়েছিল। তাঁর পরিকল্পনা ছিল ৬ থেকে ১০টি বিমানের সাহায্যে মার্কিনদের উপর হামলা করা; কিন্তু দুটি কারণে দ্রুত সিদ্ধান্ত পরিবর্তন করে ফেলেন :

১. তিনি শঙ্কাবোধ করেছিলেন, মার্কিনরা তাদের হামলার পরিকল্পনা সম্পর্কে জেনে যেতে পারে। তাই তিনি দ্রুত অতর্কিত হামলা করে তাদের হতভম্ব করে দিতে চেয়েছিলেন।

২. ফিলিস্তিনি জনসাধারণের উপর জঘন্য নিপীড়নে তিনি চরম ব্যথিত ছিলেন। ফলে দ্রুত হামলার সিদ্ধান্ত নেন। এ কারণে তিনি সময়ক্ষেপণ না করে চারটি বিমানের মাধ্যমে হামলার সিদ্ধান্ত চূড়ান্ত করেন।

তাঁর ছবি নিয়ে ফিলিস্তিনের নারী ও শিশুদের মিছিলের দৃশ্য তাঁকে এ হামলা দ্রুত বাস্তবায়নে তাড়িত করে। এ দৃশ্য দেখে তিনি চরম ব্যথিত ছিলেন। এর কিছুদিন পরেই সেপ্টেম্বরে এই ঘটনা সংঘটিত হয়, যা মুসলিম উম্মাহর মধ্যে খুশির জোয়ার এনে দেয়। ফিলিস্তিনিরা বাতাসে ফায়ারিং, মিষ্টি বণ্টন ও একে অপরকে অভিনন্দন

জানানোর মাধ্যমে আনন্দ প্রকাশ করে। অতঃপর তিনি ফিলিস্তিনিদের সাহায্যের ব্যাপারে তাঁর প্রসিদ্ধ সেই শপথ করেছিলেন, যা বহু বছর ধরে আলোচিত ছিল।

সেপ্টেম্বরের এই ঘটনার পূর্বে মিসরের এক পরমাণু বিজ্ঞানীকে পরমাণু বোমা তৈরির দায়িত্ব দেওয়া হয়েছিল। শায়খ বিন লাদেন এ পরিকল্পনা বাস্তবায়নে বহু অর্থ ব্যয় করেছিলেন। তাঁরা পরমাণু বোমার সফল পরীক্ষাও করেছিলেন। এ সফলতায় মুজাহিদ নেতৃবৃন্দ অত্যন্ত আনন্দিত হয়েছিলেন। শায়খ নিজেই এ প্রকল্পের দেখাশোনা করতেন।

১১ সেপ্টেম্বরের পর সে বিষয়গুলো সবার সামনে উন্মুক্ত হয়ে পড়ে, যা এতদিন কেবল বিশেষ শ্রেণির মানুষের জানা ছিল। ইহুদি-খ্রিষ্টানরা তো ইসলামের চিরকালীন শত্রু। আর মুসলিমবিশ্বের ক্ষমতার আসনে চেপে থাকা দানবগুলো ইউরোপ-আমেরিকার আশ্রয়-প্রশ্রয়েই ক্ষমতায় টিকে আছে। তাদের শাসনের স্থিতিও ওদের করুণার উপর নির্ভরশীল। মুসলিমবিশ্ব—বিশেষ করে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে মার্কিনদের বিমান ও নৌঘাঁটি বিদ্যমান। মুসলিমবিশ্বের নেতৃবৃন্দ ওই মার্কিন সৈন্যদের ভয়ে সন্ত্রস্ত। তারা এদের প্রতিহতের চিন্তাও করে না।

১১ সেপ্টেম্বরের হামলার পর শায়খ বিন লাদেন বিশ্বব্যাপী পরিচিত হয়ে ওঠেন এবং মার্কিনদের শক্তিশালী প্রতিপক্ষ হিশেবে গণ্য হন। মার্কিন সরকার তাঁকে গ্রেপ্তার বা হত্যার জন্য ২৫ মিলিয়ন ডলার পুরস্কার ঘোষণা করে। মার্কিনরা তাঁকে সন্ত্রাসী হিশেবে পরিচিত করাতে চেয়েছিল; কিন্তু তিনি মুসলিমবিশ্বের একজন মহান নেতা ও বিপ্লবী যোদ্ধার ভূমিকায় আবির্ভূত হন। ধীরে ধীরে বিশ্বমুসলিমের কাছে প্রিয় হয়ে ওঠেন। সারা বিশ্বে মুসলমানদের ওপর নিপীড়নে ভারাক্রান্ত ও মুসলিমবিশ্বে বিপ্লবের প্রত্যাশী প্রতিটি মানুষের কাছে তিনি হয়ে উঠেন আশার আলো। ১১ সেপ্টেম্বরের পর অসংখ্য মুসলমান আল কায়দার সঙ্গে সম্পৃক্ত হতে থাকে।

চারিত্রিক মানদণ্ডে বিন লাদেন

শায়খ উসামা তাঁর ব্যক্তিজীবনে পরিপূর্ণরূপে সুন্নাহর অনুসারী ছিলেন। শায়খের ব্যক্তিগত দেহরক্ষী আরব মুজাহিদদের কমান্ডার শায়খ আবু বাসির নাসির আবু উহাইশি শপথ করে বলেন, 'আমি ব্যক্তিজীবনে কাউকে উসামা বিন লাদেনের চেয়ে সুন্নাহর বেশি অনুসারী দেখিনি। যারাই তাঁর সঙ্গে সময় কাটিয়েছেন তারাই স্বীকার করেন, তিনি ছিলেন ব্যক্তিজীবনে অত্যন্ত লাজুক প্রকৃতির। বন্ধুবান্ধবের সঙ্গে অত্যন্ত কোমল স্বরে কথা বলতেন; কিন্তু ধর্মীয় যেকোনো ইস্যুতে তাঁর আত্মমর্যাদাবোধ

ছিল অত্যন্ত প্রখর। ধর্মীয় ইস্যুতে তিনি জোরালো কণ্ঠে কথা বলতেন।' খ্যাতিমান সাংবাদিক আবদুল বারি আতওয়ান বলেন, 'বর্তমানে আরবদের মধ্যে তাঁর মতো বিনয়ী মানুষ পাওয়া দুষ্কর।'

ক্রুসেডযুদ্ধে ১০ বছর মুজাহিদদের নেতৃত্ব

আফগানিস্তানে মার্কিন হামলার সময় শায়খ বিন লাদেন নিজে মুজাহিদদের নেতৃত্বে ছিলেন। যুদ্ধক্ষেত্রে সবার আগে থাকতেন এবং মুজাহিদদের দেখাশোনা করতেন। তোরাবোরা পাহাড়ে মার্কিনদের বোমা হামলার সময় সবাই বেরিয়ে যাওয়ার পর তিনি বের হন। তাঁর সহযোদ্ধারা সকলেই নিরাপদে বেরিয়ে আসতে পেরেছে বলে নিশ্চিত হওয়ার পরই তিনি বের হতে সম্মত হন।

যুদ্ধক্ষেত্রে সদ্য যোগদান করা জনৈক মুজাহিদ তাকে বলেছিল, 'শায়খ! আপনি এমনটি না করলেই বরং ভালো হতো', উত্তরে তিনি তাকে যা বলেছিলেন তা স্বর্ণাক্ষরে লিখে রাখার উপযুক্ত। বলেছিলেন, 'জিহাদ ইসলামের সর্বোচ্চ পর্যায়ের আমল। যে ব্যক্তি এর শিখরে অবস্থান করবে, সে তার নিচের সব কিছু স্পষ্ট দেখতে পাবে; যে নিচের দিকে থাকবে, সে সবকিছু স্পষ্ট দেখতে পাবে না।'

তিনি আমিরের নেতৃত্ব মানার গুরুত্ব বুঝাতে তাঁর সহযোদ্ধাদের বলতেন, 'যদি আমি মৃত্যুবরণ করি অথবা নিহত হই, তাহলে যেন আমার ভালোবাসায় কেউ নিজের পথ থেকে বিচ্যুত না হয়; বরং তোমাদের মধ্যে যাকেই নেতা নির্বাচিত করা হবে, তোমরা তাঁর আনুগত্য করবে এবং তার কথা মানবে।'

আফগানিস্তানে মার্কিন হামলার শুরুতে মুজাহিদরা একটি গুহায় অবস্থান করেছিলেন। শায়খ স্বপ্নে দেখেন সে গুহায় একটি বিচ্ছু প্রবেশ করেছে। তিনি তাৎক্ষণিক সে গুহা ছেড়ে সবাইকে নিয়ে অন্যত্র চলে যান। দুই-তিন দিন পর মার্কিন বোমা হামলায় সে গুহা সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে যায়।

মূলত শত্রুদের জনৈক চর সে গুহায় জিপিএস চিপ রেখেছিল, যা মার্কিন বিমানবাহিনীকে রাস্তা দেখাচ্ছিল। আল্লাহ নিজ অনুগ্রহে শায়খকে হিফাজত করেন।

তিনি শুধু আফগানিস্তানেই মুজাহিদদের নেতৃত্ব দেননি; বিশ্বব্যাপী মার্কিন স্বার্থে আঘাত হানার কার্যকর কর্মপন্থাও নির্ধারণ করেছিলেন। তাঁর দূরদর্শী নেতৃত্বে মুজাহিদরা পৃথিবীর বিভিন্ন অঞ্চলে খ্রিষ্টান ও ইহুদি-বাহিনীকে নিজেদের লক্ষ্য বানিয়েছে। ইরাকি মুজাহিদদের সফল প্রতিরোধে আমেরিকা ও তার সহযোগী জোটকে লজ্জাজনক

পরাজয়ের মুখে পড়তে হয়েছে। আজ আমেরিকা ইরাক থেকে সেনাদল ফিরিয়ে নিচ্ছে। আফগানিস্তানেও তারা ভয়াবহ পরিস্থিতির মুখোমুখি। সেখান থেকেও তারা নিজেদের সেনা ফিরিয়ে নেওয়ার ঘোষণা দিচ্ছে।

বিন লাদেনের শাহাদাতের তামান্না

১৯৯৮ খ্রিষ্টাব্দে কান্দাহার এয়ারপোর্টের কাছে গোপন অবস্থান থেকে দেওয়া এক সাক্ষাৎকারে শায়খ বার বার তাঁর সম্ভাব্য শাহাদাতের আলোচনা করেন। তিনি বলেছিলেন, 'আমি এ কথা ভালোভাবেই জানি, আমার শত্রু অত্যন্ত শক্তিশালী; কিন্তু আমি তোমাদের এ কথারও আশ্বাস দিতে চাই, তারা হয়তো কখনো আমাকে হত্যা করতে পারবে; কিন্তু আমাকে জীবন্ত গ্রেপ্তার করতে পারবে না। যদি আমি মৃত্যুবরণও করি, আমেরিকার বিরুদ্ধে চলমান যুদ্ধ সমাপ্ত হবে না। আমি আমার বন্দুকের শেষ গুলি পর্যন্ত তাদের বিরুদ্ধে লড়াই করব। শাহাদাত আমার সবচেয়ে বড় স্বপ্ন। আমি এ কথার বিশ্বাস করি, আমার শাহাদাতের পর আরও বহু উসামার জন্ম হবে।'

তিনি বহুবার ভয়াবহ পরিস্থিতির মুখেও প্রতিশ্রুতি পূরণ থেকে বিচ্যুত হননি। কখনো অস্ত্র সমর্পণ করেননি। শেষপর্যন্ত আল্লাহ তাঁর প্রিয় বান্দার প্রতিশ্রুতি সত্য করে দেখিয়েছেন। ২০১১ খ্রিষ্টাব্দের ২ মে তিনি শাহাদাতের অমীয় সুধা পান করেন। শাহাদাতের স্বপ্ন নিয়ে তিনি রাজকীয় জীবন ছেড়ে পাথুরে পাহাড়ি ভূমিতে আবাস গেড়েছিলেন। টানা ৩২ বছর পৃথিবীর বিভিন্ন প্রান্তে বহু যুদ্ধক্ষেত্রে ভয়াবহ বিপদের সম্মুখীন হয়েছেন। শেষপর্যন্ত তিনি ইসলামের মর্যাদা সমুন্নত করতে তৎপর অসংখ্য প্রশিক্ষিত বীরসেনানী রেখে মহান প্রভুর দরবারে হাজিরা দিয়েছেন। আল্লাহ তাঁকে তাঁর মনোনীত আম্বিয়া ও বুজুর্গ বান্দাদের সঙ্গে মিলিত করুন এবং জান্নাতুল ফিরদাউসে উঁচু স্থান দান করুন। আমিন।

সিআইএর সঙ্গে গোপনযুদ্ধ

তিনি ইহুদি-খ্রিষ্টানদের মনস্তাত্ত্বিকভাবে কতটা আহত করেছিলেন, কাফির নেতৃবৃন্দের বক্তব্য থেকেই বার বার এর প্রমাণ পাওয়া যায়।

১৪ বছর ৮ মাস ১০ দিন পর্যন্ত লাজুক মুচকি হাসি নিয়ে নম্রভাষী দীর্ঘদেহী ব্যক্তিটি যেন কাফিরবিশ্বকে আক্রান্ত করেছিলেন। তাকদিরের ফায়সালায় তিনি চলে গেলেও কাফিরবিশ্বের বুকে এমন এক ক্ষত রেখে গিয়েছেন, যা ইনশাআল্লাহ কখনো মুছে যাবে না—কিয়ামত পর্যন্ত সে বেদনা তাদের বয়ে বেড়াতে হবে। ১৯৯৬ খ্রিষ্টাব্দের

২৩ আগস্ট উসামা বিন লাদেন *মুসলমানদের দুটি পবিত্র স্থানে হানাদার মার্কিনদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা* শিরোনামের বার্তা প্রকাশ করেছিলেন। তখন থেকে এই সময়কালের গণনা শুরু করা হয়েছে, যে বার্তায় তিনি পুরো বিশ্বের মুসলমানদের, বিশেষ করে জাজিরাতুল আরবের মুসলমানদের তাগুতি শক্তি মার্কিনদের বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার আহ্বান করেছিলেন। যদিও বাস্তবে এর বহু বছর আগে থেকেই তিনি কাফিরবিশ্বের চোখের বালি হয়ে দাঁড়িয়েছিলেন।

বিন লাদেনকে হত্যা বা গ্রেপ্তারে মার্কিন প্রচেষ্টা

১৯৮৯ খ্রিষ্টাব্দের নভেম্বর মাসে মার্কিন এজেন্টদের গোপন হামলায় শায়খ আবদুল্লাহ আজ্জামের শাহাদাত প্রমাণ করে আমেরিকা তত দিনে তার শত্রুদের চিনে ফেলেছে। তারা বুঝতে পেরেছিল, এরা যদিও এখনো আফগানিস্তানের লড়াই করছে; কিন্তু দৃষ্টি তাদের ফিলিস্তিনে নিবদ্ধ। আল্লাহর অনুগ্রহ, মার্কিনরা তাদের অগ্রযাত্রা রুখে দিতে পারেনি; তবে আফগান যুদ্ধপরবর্তী সময়ে স্বদেশী ও মার্কিন দোসররা তাঁদের জীবন বিষিয়ে তুলে। ফলে শায়খ উসামা বিন লাদেনের নেতৃত্বে মুজাহিদদের একটি দল সুদানে হিজরত করতে বাধ্য হন।

আল্লাহর প্রেমে মাতোয়ারা দলটি সুদানে গিয়েও চুপ থাকেনি। তাঁদের ভয়ে তখনো কাফিররা স্বস্তির নিঃশ্বাস নিতে পারছিল না। এ কারণেই আমেরিকা শায়খকে নিষ্প্রভ করে দিতে তৎপর হয়ে ওঠে। সুদানে গোপন হামলায় তাঁকে শহিদ করার চেষ্টা করা হয়। এতে ব্যর্থ হয়ে সুদানের ওপর রাজনৈতিক ও কূটনৈতিক চাপ প্রয়োগ করা হয়, যেন তারা শায়খকে সৌদিআরব বা আমেরিকার হাতে তুলে দেয়। কমপক্ষে কোনোভাবে যেন তাঁকে সুদানে অবস্থান করতে দেওয়া না হয়। আলে সালুল (আলে সাউদ) এই বীরযোদ্ধার ভারবহনে অক্ষম ছিল, তাই সৌদিআরব থেকে তাঁর নাগরিকত্ব বাতিল করা হয়। শেষপর্যন্ত সুদান মার্কিন চাপের মুখে স্থির থাকতে পারেনি।

পরিস্থিতি বিবেচনায় শায়খ আবার আফগানিস্তানের পথ ধরেন। সেখানে ততদিনে আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমরের নেতৃত্বে শায়খের স্বপ্নের ইমারাতে ইসলামিয়া আফগানিস্তান প্রতিষ্ঠিত হয়েছিল। তাঁর স্বপ্ন ছিল, পৃথিবীর বুকে এমন একটি ভূখণ্ড তৈরি হওয়া, যা আল্লাহর রাস্তায় জিহাদের কেন্দ্রবিন্দু হবে। অতঃপর তিনি আফগানিস্তানে অবস্থান করে পৃথিবীর শীর্ষ সন্ত্রাসী আমেরিকার বিরুদ্ধে বিশ্বযুদ্ধের ঘোষণা দেন।

সিআইএর বিন লাদেন ইউনিট গঠন

১৯৯৬ খ্রিষ্টাব্দে সিআইএ শায়খকে জীবন্ত গ্রেপ্তার বা শহিদ করার নিয়মতান্ত্রিক পরিকল্পনা গ্রহণ করে। এ এজেন্ডা বাস্তবায়নে অ্যালেক স্টেশন Alec Statoin নামে একটি বিশেষ গোপন বাহিনী সাজানো হয়। সিআইএর সাবেক প্রধান জর্জ টেন্টের ভাষ্যমতে এই ইউনিটের কাজ ছিল, উসামা বিন লাদেনকে খুঁজে বের করা, তাঁর ব্যাপারে বিভিন্ন গোপন তথ্য একত্র করা এবং তাঁর বিরুদ্ধে বিভিন্ন অপারেশন পরিচালনা করা। তাঁর অর্থনৈতিক শক্তি ক্ষতিগ্রস্ত করা এবং কর্মতৎপরতার ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবগত করা।

২০০১ খ্রিষ্টাব্দের সেপ্টেম্বরের ভয়াবহ হামলা এ বাহিনীর ব্যর্থতার প্রমাণ বহন করে; কিন্তু এ বাহিনী শায়খের ব্যাপারে যেসব তথ্য একত্র করেছিল, তা মার্কিনদের মনে বিন লাদেনের প্রভাব বাড়িয়ে দেয়। ১৯৯৭-৯৮ খ্রিষ্টাব্দে আফগানিস্তানে এক গোপন হামলার মাধ্যমে শায়খকে হত্যার পরিকল্পনা করা হয়; কিন্তু আল্লাহর অনুগ্রহে এবারও তারা ব্যর্থ হয়।

সুদান ও আফগানিস্তানে ক্রুজ মিসাইল হামলা

১৯৯৮ খ্রিষ্টাব্দের ৭ আগস্ট কেনিয়া ও তানজানিয়ায় মার্কিন দূতাবাসে বোমাহামলা মার্কিন শাসকদের অন্তরাত্মা কাঁপিয়ে তোলে। দিশেহারা মার্কিন সরকার তখন সুদান ও আফগানিস্তানে ৭৫টি ক্রুজ মিসাইল হামলা চালায়। আল্লাহর অশেষ দয়া ও অনুগ্রহে ৫ কোটি ডলার ব্যায়ের এই হামলা মার্কিনদের হাতে তেমন কোনো সফলতা ধরিয়ে দিতে পারেনি। জনাকয়েক মুসলমান শাহাদাতবরণ করেন। মার্কিনদের অহংকার ধুলোয় মিশে যায়। এ ঘটনার পরই মার্কিন গোয়েন্দাসংস্থা এফবিআই শায়খের নাম তাদের মোস্ট ওয়ান্টেড তালিকার শীর্ষে সংযোজন করে। তাঁর মাথার মূল্য নির্ধারণ করা হয় ২৫ মিলিয়ন ডলার।

Operation Jawbreaker-5

১৯৯৯ খ্রিষ্টাব্দের অক্টোবরে সিআইএর বিন লাদেন ইউনিট একটি গুরুত্বপূর্ণ অপারেশন পরিচালিত করে। ১৯৯৯ খ্রিষ্টাব্দের অক্টোবরে কোনো এক সোমবার এই ইউনিটের প্রধান এবং কাউন্টার টেরোরিজম সেন্টারের কয়েকজন কর্মকর্তা তাজিকিস্তান হয়ে উত্তর আফগানিস্তানের পাঞ্জশির অঞ্চল সফর করে। সেখানে তারা আহমদ শাহ মাসুদের সঙ্গে সাক্ষাৎ করে তাকে এ ঘৃণ্য চক্রান্তে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করে।

আহমদ শাহ মাসুদ উসামা বিন লাদেনের গ্রেপ্তার বা হত্যাকাণ্ডে যেকোনো মূল্যে মার্কিনদের সহযোগিতা করার প্রতিশ্রুতি ব্যক্ত করে; কিন্তু সঙ্গে সঙ্গে সে মার্কিনদের একজন হিতাকাঙ্ক্ষী হিশেবে তাদের এ কথাও জানিয়ে দেন—তারা কোনোভাবে যদি উসামা বিন লাদেনকে হত্যা করতেও পারে, তবু এ সমস্যার সমাধান হবে না, তাদের লক্ষ্য শেষপর্যন্ত অধরাই থেকে যাবে। কেননা, এটা শুধু বিন লাদেন ও তার কয়েকজন আরব যোদ্ধার মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং এটা আফগানিস্তান থেকে আরব পর্যন্ত বিছানো এমন এক সুনিপুণ কর্মযজ্ঞ, যাকে ব্যর্থ করার ক্ষমতা মার্কিনদের নেই।

২০০১ খ্রিষ্টাব্দের ৯ সেপ্টেম্বর আহমদ শাহ মাসুদ এক আত্মঘাতী হামলায় মৃত্যুবরণ করে; সে সঙ্গে মার্কিনদের এই অপারেশনেরও সমাধি ঘটে।

তোরাবোরার হামলা

নাইন ইলেভেনের পর আমেরিকা পাগলা কুকুরের মতো ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের ওপর ঝাঁপিয়ে পড়ে। হামলার উদ্দেশ্য ছিল আল কায়দার নেতৃত্ব, বিশেষত উসামা বিন লাদেনকে জীবিত গ্রেপ্তার বা হত্যা করা। আমেরিকা তোরাবোরা পাহাড়ে বিন লাদেনের সদলবলে উপস্থিতি জানতে পেরে সর্বাধুনিক সমরপ্রযুক্তি ও পূর্ণ শক্তি নিয়ে ছোট পাহাড়টি ঘিরে ফেলে। ২০০১ খ্রিষ্টাব্দের ডিসেম্বরের শুরুতে আরম্ভ হওয়া এ যুদ্ধে আমেরিকা F-15, F-18, B-52 ও C-130-সহ ৫০-এর অধিক বিমান ও ২০টি হেলিকপ্টার ব্যবহার করে। ৪ ডিসেম্বর থেকে ৭ ডিসেম্বর পর্যন্ত এ এলাকায় প্রায় ৭ লাখ পাউন্ড গোলাবারুদ খরচ হয়। ১৫,০০০ পাউন্ড ওজনের ডেইজি কাটারের মতো বোমা নিক্ষেপ করা হয়।

কিন্তু রাখে আল্লাহ মারে কে! শায়খ তাঁর অধিকাংশ সহযোদ্ধা নিয়ে সেখান থেকে নিরাপদে বেরিয়ে যেতে সক্ষম হন। এ যুদ্ধে ১৪ জন ও অন্য একটি সূত্রমতে ৪০ জন মুজাহিদ শাহাদাতবরণ করেন। মার্কিনরা এখানেও কাপুরুষতার পরিচয় দেয়। জীবিত কোনো তালেবানরা সেখানে নেই, এ মর্মে নিশ্চিত না হওয়া পর্যন্ত আমেরিকা তোরাবোরা পাহাড়ে নিজেদের সৈন্য অবতরণের ঝুঁকি নেয়নি। শুধু উত্তরাঞ্চলীয় জোটের যুদ্ধবাজ সেনা ও নিজেদের বিমানবাহিনীর ভরসায় তারা আল্লাহর প্রিয় বান্দাদের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল; কিন্তু তাদের সকল সামরিক শক্তি ও প্রযুক্তি ব্যর্থ হয়।

তোরাবোরা পাহাড় থেকে নিরাপদে বেরিয়ে আসার পর ১০ বছর শায়খ শুধু মার্কিনদের নয়; পুরো কাফিরবিশ্বের গলার কাঁটায় পরিণত হয়েছিলেন। আমেরিকা ও তার মিত্ররা হন্যে হয়ে পৃথিবীর বিভিন্ন প্রান্তে তাঁকে খুঁজে বেড়াচ্ছিল। ইসলামের

সিংহপুরুষ বিন লাদেনের সঙ্গে সম্পর্কিত হওয়া বা তাঁর সঙ্গে সম্পর্ক রাখার মিথ্যা অভিযোগে অসংখ্য লোককে গ্রেপ্তার করে গুয়ানতানামো বের মতো জঘন্য কারাগারে বন্দি করে রাখে। অত্যাধুনিক প্রযুক্তি ও বিশাল গোয়েন্দাবাহিনীর অধিকারী হওয়া সত্ত্বেও প্রায় ১০ বছর শায়খের কাছেও ঘেঁষতে পারেনি তারা।

তাবৎ কুফুরবিশ্বের জন্য শায়খের নাম একটি ভয়ংকর দুঃস্বপ্নে পরিণত হয়ে ওঠে। পাহাড়ি ধুলির দরবেশ অজ্ঞাত জায়গা থেকে শুধু একটি অডিও টেপ প্রকাশ করতেন; আর এতেই বিশ্ব-পরাশক্তির নিদ্রা হারাম হয়ে যেত। জর্জ বুশ ইরাকেও শায়খের প্রতিচ্ছবি দেখতে পায় এবং সেখানেও আমেরিকাকে আরেকটি ভয়াবহ যুদ্ধের মুখে ঠেলে দেয়। ২০০১ খ্রিষ্টাব্দের পর আমেরিকায় সংঘটিত দুটি জাতীয় নির্বাচনের প্রেসিডেন্ট প্রার্থীরা নিজেদের নির্বাচনী ইশতেহারে তাঁকে বিচারের কাঠগড়ায় দাঁড় করানোর ঘোষণা দেয়, যা থেকে মার্কিনদের কাছে তাঁর ব্যক্তিত্ব কতটা হুমকি ছিল, তা সহজেই অনুমেয়।

শেষপর্যন্ত মহান প্রভু যখন তাঁর প্রিয় সিংহের ললাটে শাহাদাতের মুকুট স্থাপন করতে ইচ্ছা করেন, তখন শত্রুরা তাঁর অবস্থানের সন্ধান পায়। আল্লাহর এ প্রিয় শার্দূল শেষ মুহূর্ত পর্যন্ত শত্রুদের বিরুদ্ধে লড়ে যান। তাঁর মৃত্যুতে যেন বীরত্বের আকাশ থেকে একটি তারকা খসে পড়ে জান্নাত অভিমুখে যাত্রা করে।

মার্কিনদের জন্য জীবিত বিন লাদেন যতটা ভয়ংকর ছিলেন, মৃত বিন লাদেন যেন এর চেয়েও ভয়ংকর হয়ে দাঁড়ান। তাঁর মৃতদেহ সমুদ্রের অজ্ঞাত স্থানে ভাসিয়ে দেওয়া ও শাহাদাতের কোনো প্রমাণ উপস্থাপন না করা তাদের এই ভীতির প্রমাণ বহন করে।

মার্কিনদের অর্থনীতি ভঙ্গুর করতে বিন লাদেনের পরিকল্পনা

মার্কিন অর্থনীতিতে শায়খ এমন কী ধাক্কা দিয়েছিলেন, যা আজও তাদের শান্তিতে ঘুমোতে দিচ্ছে না? এ প্রশ্নের পুরোপুরি পরিসংখ্যানভিত্তিক উত্তর দেওয়া সহজ নয়। সোমালিয়া থেকে নিউইয়র্ক পর্যন্ত মার্কিন স্বার্থে শায়খের আঘাতের বিবরণ তুলে ধরতে এই গ্রন্থটিও যথেষ্ট হবে না; কিন্তু শায়খের শাহাদাতের পর যে প্রশ্নটি আলোচনায় এসেছে, সেটা হচ্ছে বিন লাদেনকে শহিদ করতে মার্কিনদের কত মূল্য চুকাতে হয়েছে?

এ প্রশ্নের উত্তর দেওয়াও একেবারে সহজ নয়। আমেরিকার অস্তিত্ব ও তাদের রাজনীতিই এর বাস্তব মূল্য। মার্কিনদের বিশ্বের পরাশক্তি হওয়ার স্বপ্ন তত দিনে অধরা হয়ে আসছিল। সোভিয়েত ইউনিয়নের মতো যেকোনো সময় আমেরিকাও

বিধ্বস্ত হয়ে যেতে পারে। তবে বিন লাদেনের মৃত্যুর জন্য আমেরিকাকে যে মূল্য চুকাতে হয়েছে, ডলারের হিশেবে তার একটি সংক্ষিপ্ত পরিসংখ্যান আমরা পাঠকের সামনে তুলে ধরতে চাই।

তাঁকে হত্যায় ক্রুজ মিসাইল হামলার ব্যয় ৫০ কোটি ডলার। ১১ সেপ্টেম্বরের হামলায় মার্কিনদের প্রত্যক্ষ ক্ষতি প্রায় ৩০ বিলিয়ন ডলার। পরোক্ষ ক্ষতি ৩ হাজার বিলিয়ন ডলার। আফগানিস্তানের যুদ্ধে সরাসরি সামরিকখাতের ব্যয় ৫৬০ বিলিয়ন ডলার। ইরাকযুদ্ধের সামরিক ব্যয় ৮৫০ বিলিয়ন ডলার। স্বরাষ্ট্রখাতে নিরাপত্তাব্যয় ১ হাজার বিলিয়ন ডলার। সর্বসাকুল্যে ব্যয় ৫,৪৪০.৫ বিলিয়ন ডলার।

এখানে এসব যুদ্ধের পরোক্ষ ক্ষতি ও যুদ্ধখাতের বরাদ্দের জন্য গৃহীত ঋণের সুদের হিসাব করা হয়নি। তবু এ অঙ্ক মার্কিনী বার্ষিক জিডিপির ৩৬ শতাংশ ও মার্কিনদের বার্ষিক ট্যাক্সের প্রায় ২১০ শতাংশের সমান।

ড. শহিদ আবদুল্লাহ আজ্জামের চোখে বিন লাদেন

অধুনাকালের জিহাদি ফিকহের মুজাদ্দিদ শায়খ আবদুল্লাহ আজ্জাম রাহ. বলেন, 'আমরা আল্লাহর দরবারে প্রার্থনা করি, তিনি যেন আমাদের প্রিয় ভাই আবু আবদুল্লাহ উসামা বিন লাদেনকে হিফাজত করেন। পৃথিবীপৃষ্ঠে আমি তাঁর মতো ব্যক্তির দেখা পাইনি।'

অন্যত্র শায়খ আবদুল্লাহ আজ্জাম বলেন, 'এই ব্যক্তি একাই একটি জাতির সমান। আল্লাহর শপথ, মুসলিমবিশ্বে আমি তাঁর দৃষ্টান্ত খুঁজে পাই না। আল্লাহ তাঁর দীন ও সম্পদের হিফাজত করুন। তাঁর হায়াতে বরকত দান করুন।'

চোখ খুলে বহু মানুষ দেখতে পাই; কিন্তু তাঁর মতো কাউকে দেখতে পাই না।

যুগের সিংহপুরুষ ইস্পাতকঠিন মনোভাবের অধিকারী আবদুল্লাহ আজ্জামের চোখে বিন লাদেন কীভাবে এতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠলেন? এর উত্তর অত্যন্ত পষ্ট। কারণ, শায়খ উসামা বিন লাদেন আল্লাহর বাণী পড়েছিলেন,

> হে ইমানদারগণ, তোমাদের কী হলো, যখন আল্লাহর পথে বের হওয়ার জন্য তোমাদের বলা হয়, তখন মাটি জড়িয়ে ধরো! তোমরা কি আখিরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে পরিতুষ্ট হয়ে গেলে? অথচ আখিরাতের তুলনায় দুনিয়ার জীবনের উপকরণ অতি অল্প। [সুরা তাওবাহ : ৩৮]

এ আয়াতদৃষ্টে তিনি পরিপূর্ণ আত্মবিশ্বাস নিয়ে বলেন, 'এমনটি কখনোই হবে না।' অতঃপর তিনি নিজের জীবনের সকল সুখ-স্বাচ্ছন্দ্য ছেড়ে দিয়ে শাহাদাতের মৃত্যুর

তালাশে বেরিয়ে পড়েন। কবি বলেন,

> *নিশ্চয় আল্লাহ তাআলার এমন কিছু বুদ্ধিমান বান্দা রয়েছেন, যাঁরা জীবনের সকল বিনোদন ত্যাগ করে ফিতনা থেকে বেঁচে গেছেন। পৃথিবীকে দেখেই তাঁরা অনুধাবন করেছেন যে, এটি জীবিত ব্যক্তিদের স্থায়ী নিবাস নয়, তখন তাঁরা একে সমুদ্র মনে করেছেন এবং নেক আমলসমূহকে নৌকায় পরিণত করেছেন।*

আবদুল্লাহ আজ্জাম বিন লাদেনের অবস্থার বিবরণে বলেন, 'তিনি অসহায় দরিদ্রদের মতো জীবনযাপন করেন। হজে গেলে তাঁর বাসায় গিয়ে যে-কেউ দেখতে পেত তাঁর ঘরে কোনো আসবাবপত্র নেই; অথচ তাঁর চার জন স্ত্রী ছিল। মিসর বা জর্দানের সাধারণ কোনো কর্মচারীর ঘরও তাঁর ঘরের চেয়ে সুসজ্জিত ছিল; কিন্তু তাঁর কাছে মুজাহিদদের জন্য অর্থ-সহযোগিতা চাওয়া হলে মুহূর্তেই তিনি কয়েক মিলিয়ন রিয়ালের চেক লিখে দিতেন।'

তিনি আরও বলেন, 'আফগানরা দেখেছে তিনি এমন একজন আরব, যিনি তাঁর কোম্পানি, ব্যবসাবাণিজ্য ও অর্থসম্পদ সৌদিআরব, মধ্যপ্রাচ্যে বা জর্দানে ছেড়ে এসে পাহাড়ের গুহায় শুকনো রুটি ও চায়ের ওপর নির্ভর করে জীবনযাপন করছেন। তাঁরা আরও দেখেছে, বিন লাদেন মদিনার মসজিদে নববির সংস্কারকাজ ও নিজের কামাই-রোজগার ছেড়ে যুদ্ধক্ষেত্রে অবস্থান করছেন; এ জন্যই তারা এই মর্দে মুজাহিদের জন্য হৃদয় উজাড় করে দুআ করত।'

শায়খ আজ্জাম আরও বলেন, 'বিন লাদেন একবার তাঁর এক বোনের কাছে জিহাদের জন্য সম্পদ খরচ-সংক্রান্ত ইবনু তাইমিয়ার ফাতওয়া তুলে ধরেন। এতে তিনি ৮ মিলিয়ন রিয়ালের চেক শায়খের হাতে তুলে দেন। পরবর্তী সময়ে তাঁর বোনের পরামর্শদাতারা বোনকে বোঝায়—"আপনি কি পাগল হয়ে গেছেন? আপনার ভাইয়ের কথায় আপনি এতগুলো অর্থ দিয়ে দিলেন; অথচ আপনি নিজে ভাড়া বাসায় থাকেন। গৃহনির্মাণের জন্য কম করে হলেও ১ মিলিয়ন রিয়াল যদি রেখে দিতেন!" তখন তিনি তাঁর ভাইয়ের কাছে গিয়ে বলেন, "হে আমার ভাই, আমাকে ১ মিলিয়ন ডলার ফিরিয়ে দাও। আমি ঘর নির্মাণ করতে চাই।" তিনি বলেন, "না, আল্লাহর কসম, আমি একটি রিয়ালও ফিরিয়ে দেবো না। তুমি তো এখনো তোমার ভাড়া ফ্ল্যাটে আয়েশি জীবনযাপন করছ; অথচ আফগানিস্তানের মুসলমানরা মৃত্যুর সময়ও তাঁবুর ছায়া পাচ্ছে না।"'

দুনিয়ার অর্থসম্পদ শায়খকে ধোঁকা দিতে এলে তিনি তাকে বলেন, 'অন্য কাউকে

ধোঁকা দাও। নিঃসন্দেহে আমি তোমাকে এমন তিন তালাক দিয়েছি, যারপর আমি আর ফিরিয়ে নেব না।'

হুংকার দিয়ে পৃথিবী কাঁপিয়ে দেওয়া এই সিংহপুরুষের বিনয়ের আলোচনা করতে গিয়ে শায়খ আবদুল্লাহ আজ্জাম বলেন, 'আর যখন তিনি আপনার সঙ্গে বসবেন, মনে হবে তিনি একজন সেবকমাত্র। ব্যক্তিত্বের পাশাপাশি অন্যকে সম্মানপ্রদর্শন ছিল তাঁর স্বভাব। তিনি সর্বদা যুদ্ধের ময়দানে অবস্থানের ইচ্ছা পোষণ করতেন। যখন তিনি আমার বাসায় থাকতেন, ফোনের রিং বাজলে তিনি নিজে ফোন উঠিয়ে আমার কাছে এনে দিতেন, যেন আমাকে নিজের জায়গা থেকে উঠতে না হয়। এটি ছিল তাঁর ব্যক্তিত্ব ও শিষ্টাচারের নমুনা। আল্লাহ্ তাঁর হিফাজত করুন। প্রথম বার রমজানে তিনি আমাকে তাঁর ঘরে দাওয়াত করেন। ইফতারের সময় আমার সামনে একটি পাত্র নিয়ে আসেন, যাতে সামান্য ঝোলের মাঝে অল্প মাংসবিশিষ্ট কয়েকটি হাড্ডি ছিল।'

সে সুন্দর মুহূর্তগুলোর কল্পনা করুন, যা শায়খ আবদুল্লাহর ভাষায় ফুটে উঠেছে, 'যদি আজকের সকল মুসলমান নিজের সবকিছু বিলিয়ে দিয়ে ওই বাস্তবতাসমৃদ্ধ মুহূর্তগুলো অনুভব করত, যখন যুদ্ধের দামামা বেজে উঠে এবং বিপদ সামনে চলে আসে। সাহসী ব্যক্তিদের ব্যাপারে চক্রান্ত হতে থাকে আর বেহেশতি হুরের প্রেমিকগণ যুদ্ধ-ময়দানের দিকে এগিয়ে যেতে থাকেন। তখন আপনি অগ্রগামী যোদ্ধাকে বাধা দিলে তাঁর চোখের কোণায় যেন আশাভঙ্গের অশ্রুরা মিছিল করে। তাঁদের প্রত্যেকেই শাহাদাতের তীব্র আকাঙ্ক্ষা লালন করেন; অথচ আশাহত হয়ে যেন তাঁরা বাকরুদ্ধ হয়ে যায়। তাঁর চেয়ে অগ্রগামী ভাইটিই হয়ে যায় তাঁর চিন্তার কেন্দ্রবিন্দু। মৃত্যু থেকে তাঁকে নিবৃত্ত রাখার দৃশ্য হয় ক্ষুধার্ত সিংহকে শিকার থেকে বাধা দেওয়ার মতো। যদি যুদ্ধের ময়দানে সেনাপতির অবাধ্যতার ভয় না থাকত, তাহলে তাঁরা যুদ্ধময়দানে এমনভাবে ঝাঁপিয়ে পড়তেন, যেমন ক্ষুধার্ত ব্যক্তিরা দস্তরখানে ঝাঁপিয়ে পড়ে। আর উসামা বিন লাদেন! তাঁর অবস্থা তো এমন, যেন তৃষ্ণার্ত ঘোড়াকে পানি পান থেকে বাধা দেওয়া হচ্ছে।'

বিন লাদেনের অসুস্থতা নিয়ে মিথ্যা প্রচার

১১ সেপ্টেম্বরের পর ন্যাটোর ক্রুসেড-শক্তি নিজেদের সর্বাধুনিক প্রযুক্তি ও অস্ত্রশস্ত্র ব্যবহার করেও তাঁকে খুঁজে পেতে ব্যর্থ হয়। তাদের উন্নত প্রযুক্তির জন্য এটা ছিল মারাত্মক ব্যর্থতা। নিজেদের এই ব্যর্থতা আড়াল করতে তারা মিডিয়ার সামনে তাঁর সুস্থতা নিয়ে ধারাবাহিক মিথ্যা সংবাদ ও প্রতিবেদন প্রকাশ করতে থাকে। তারা

প্রমাণ করতে চেয়েছিল, এত দিনে তাঁর মৃত্যু হয়ে গেছে, তিনি আর পৃথিবীতে নেই। আমরা এখানে শায়খ উসামা বিন লাদেনকে একান্তভাবে দেখা দুই ব্যক্তির বক্তব্য তুলে ধরছি। তাঁরা স্পষ্টভাবে বলেছেন, বিন লাদেন কিডনিজনিত অসুস্থতাসহ কোনো ধরনের প্রাণঘাতী অসুস্থতায় ভুগছিলেন না।

প্রসিদ্ধ সার্জন ডাক্তার আমির আজিজ, যিনি ২০০১ খ্রিষ্টাব্দের নভেম্বরে শায়খের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি তখন তাঁর ব্যক্তিগত চিকিৎসক হিশেবে নিয়োজিত ছিলেন। তিনি বলেন, 'বিন লাদেনের শারীরিক অবস্থা দেখে তাঁর মধ্যে অসুস্থতার কোনো লক্ষণ খুঁজে পাওয়া যায়নি। তিনি কিডনিরোগে আক্রান্ত নন, তাঁকে নিয়মিত ডায়ালাইসিস করতে হচ্ছে' এসব তথ্য মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত। নাইন ইলেভেনের পর কাবুলে আমার সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়েছিল। আমি সেখানে অসুস্থ রোগীদের দেখাশোনা করতাম। সেখানে তিনি আমার কাছে এসেছিলেন। আমি তাঁকে সুস্থ অবস্থায় চলাফেরা করতে দেখছি। তিনি স্বাভাবিক পরিমাণে খাওয়া-দাওয়া করতেন এবং সাক্ষাৎপ্রার্থীদের সঙ্গে অত্যন্ত আনন্দের সঙ্গে সাক্ষাৎ করতেন। আমি বিশ্বাস করতে পারছি না, ডায়ালাইসিসের ওপর নির্ভর কোনো ব্যক্তি এত স্বাভাবিক চলাফেরা করতে পারে।

কান্দাহারে অবস্থানকালে একবার তালেবানদের পক্ষ থেকে একজন আহত রোগীর চিকিৎসার জন্য আমাকে কান্দাহারের রেস্ট হাউসে নিয়ে যাওয়া হয়। আমি সেখানে পৌঁছে দেখি, আহত ব্যক্তিটি স্বয়ং বিন লাদেন—ঘোড়া থেকে পড়ে আহত হয়েছিলেন তিনি। আমি তাঁর শারীরিক চেকআপ করি। অবস্থা মোটেও শঙ্কাজনক ছিল না। কোমরের হাড়ে ফ্র্যাকচার হয়েছিল। আমি প্লাস্টার করে দিই এবং কিছু ব্যায়াম ও ওষুধের ব্যবস্থাপত্র লিখে দিই। সেখানে এ-ই ছিল তাঁর সঙ্গে আমার সাক্ষাতের বিবরণ। অতঃপর কান্দাহার এয়ারপোর্টের কাছে আমাদের দ্বিতীয় বার সাক্ষাৎ হয়। যেখানে আমাদের ভালোভাবে আপ্যায়ন করা হয়।'

আল কুদস আল আরবি পত্রিকার সম্পাদক আবদুল বারি আতওয়ান একজন আরব সাংবাদিক, যিনি তালেবান শাসনামলে শায়খের সাক্ষাৎকার গ্রহণ করেছিলেন এবং তাঁর সঙ্গে কিছুদিন কাটিয়েছিলেন। তিনি বিন লাদেনের অসুস্থতার ব্যাপারে বলেন, 'বিন লাদেন কিডনি-সংক্রান্ত জটিলতায় ভুগছেন, আমার জন্য এটা অবিশ্বাস্য সংবাদ। কিডনিরোগে আক্রান্ত ব্যক্তির চিকিৎসা ডায়ালাইসিস ব্যতীত সম্ভব নয়। আমি তাঁর সঙ্গে তিন দিন কাটিয়েছিলাম। তিনি অত্যন্ত হাস্যোজ্জ্বল ও প্রফুল্ল ছিলেন। ডায়াবেটিসে আক্রান্ত ব্যক্তিরা সাধারণত কিডনিরোগে আক্রান্ত হন; কিন্তু বিন লাদেন

অত্যন্ত কড়া মিষ্টি-চা পান করতেন। ডায়াবেটিসের রোগী হলে এত মিষ্টি সেবন করতেন না। তাঁর চা এত মিষ্টি হতো, যা আমাদের জন্য পান করা সম্ভব ছিল না। অন্যদিকে সাধারণত কিডনি-সমস্যায় আক্রান্ত ব্যক্তিদের সবসময় নিজের কাছে পানি রাখতে হয়; কিন্তু তাঁর অবস্থা এমন ছিল না।'[২]

২০০০ খ্রিষ্টাব্দে বিন লাদেন পঞ্চম বিয়ে করেন। নাইন ইলেভেনের কিছুদিন পর সে স্ত্রীর গর্ভে এক শিশুকন্যার জন্ম হয়, নাম রাখা হয় সাফিয়া। বিন লাদেন বলেন, 'তিনি তাঁর এই শিশুকন্যার নাম রাসুল সা.-এর ফুফু সাফিয়া বিনতু আবদুল মুত্তালিবের নামে রাখেন, যিনি আহজাবযুদ্ধে একজন ইহুদিকে হত্যা করেছিলেন।' তিনি প্রত্যাশা করতেন, তাঁর এই শিশুকন্যাও একদিন ইহুদি-খ্রিষ্টানদের হত্যা করবে।

কিডনির জটিল রোগে আক্রান্ত একজন ব্যক্তি কীভাবে বিয়ে করতে পারে? সে তো স্বাভাবিক জীবনযাপন করতেই অক্ষম থাকার কথা; অথচ তিনি বিয়ে করেন এবং সেখানে তাঁর শিশুকন্যা জন্মগ্রহণ করেছিল। বস্তুত বিন লাদেনের অসুস্থতা ও মৃত্যু নিয়ে এসব প্রোপাগান্ডা ছিল স্পষ্ট মিথ্যাচার, এতে সত্যের লেশমাত্র ছিল না।

মোল্লা মুহাম্মাদ উমরের চোখে বিন লাদেন

আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমর রাহ.-এর চোখে বিন লাদেন ছিলেন অত্যন্ত সম্মানিত ও প্রিয়ভাজন। তিনি আন্তরিকতার সঙ্গে আরব মুজাহিদদের জন্য নিজের হৃদয়দ্বার খুলে দিয়েছিলেন। এ জন্যই বিন লাদেন আফগানিস্তানকে নিজের বাসস্থান বানিয়েছিলেন। আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমর কাফিরশক্তির প্রচণ্ড চাপের মুখেও বিন লাদেনের সাহায্য থেকে অস্বীকৃতি জানান। ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের পতনের শঙ্কা তৈরি হলেও তিনি তাঁকে শত্রুদের হাতে তুলে দিতে রাজি হননি। ইসলামের ইতিহাসে এ এক অবিস্মরণীয় অধ্যায়।

শায়খুল হাদিস মাওলানা ডাক্তার শের আলি শাহ দা. বা. মোল্লা উমরের সঙ্গে এক সাক্ষাতের বিবরণ তুলে ধরেন। ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের পতনের কিছুকাল পূর্বে পাকিস্তানের আলিমগণের একটি প্রতিনিধিদল আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমরের সঙ্গে এক পরামর্শ বৈঠকে মিলিত হন। সেই প্রতিনিধিদলের সঙ্গে আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমরের আলোচনার বিবরণ শায়খুল হাদিস মাওলানা ডাক্তার শের আলি সাহেবের ভাষায়,

---

২ আল-জাজিরা টেলিভিশনের ডকুমেন্টারি (I knew bin Laden : Part-1)

'আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমরের কাছে যে আলিম প্রতিনিধিদল পাঠানো হয়েছিল, তাঁদের মুখপাত্র ছিলেন মাওলানা মুফতি তাকি উসমানি। আমি দোভাষীর কাজ করছিলাম। তাকি উসমানির উরদু বক্তব্য পশতু ভাষায় ও মোল্লা উমরের পশতু ভাষার উত্তর উরদুতে অনুবাদ করতাম। আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমরের ইমানি আত্মমর্যাদাবোধ দেখে মাওলানা সলিমুল্লাহ খানসহ অন্য সকল আলিম কান্না করতে থাকেন। তাঁরা বলেন, "আল্লাহর শপথ, এঁরা সাহাবিযুগের লোক, বর্তমান যুগে চলে এসেছেন।" মোল্লা মুহাম্মাদ উমর তখন বলেন, "আমি বিন লাদেনের ব্যাপারে আল্লাহর দরবারে প্রার্থনা করি, হে আল্লাহ তাঁর জীবন বৃদ্ধি করুন। আমি সারা রাত কান্না করি। যে লোক পবিত্র মদিনা থেকে জিহাদের উদ্দেশ্যে আফগানিস্তানে আগমন করেছে, আমি কীভাবে তাঁকে কাফিরদের হাতে তুলে দিতে পারি?"'

মোল্লা মুহাম্মাদ উমরের কাছে শায়খের ব্যক্তিত্বের মর্যাদা কতটা গুরুত্বপূর্ণ ছিল, তা তাঁর এসব বক্তব্য থেকে অনুধাবন করা যায়,

- পুরো পৃথিবীর সকল শক্তিও যদি আমাদের বিরুদ্ধে জোটবদ্ধ হয়, তবু পৃথিবীর এমন কোনো শক্তি নেই, যা বিন লাদেনকে হস্তান্তরের ব্যাপারে আমাদের বাধ্য করতে পারে। তিনি আমাদের মেহমান। আমরা কোনো চাপের মুখে বা কোনো লালসার বশবর্তী হয়ে তাঁকে কারও হাতে তুলে দিতে পারি না। আত্মমর্যাদাবোধসম্পন্ন কোনো মুসলমান অন্য মুসলমানকে কাফিরের হাতে তুলে দিতে পারে না। আমরা জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তাঁর হিফাজত করব। তাঁর নিরাপত্তার জন্য রক্তক্ষয়ী লড়াইয়ের জন্য আমরা প্রস্তুত।'
- যদি পুরো আফগানিস্তান ধ্বংস হয়ে যায় তবু আমরা কোনো মূল্যে বিন লাদেনকে কারও হাতে তুলে দেবো না। কোনো মুসলমানকে কাফিরের হাতে তুলে দেওয়া আমার আত্মমর্যাদাবোধের পরিপন্থি। আমরা ইসলামি আত্মমর্যাদাবোধসম্পন্ন জাতি, এর জন্য যেকোনো বিপদাপদ সহ্য করতে আমরা রাজি।
- আমাদের শরীরে একবিন্দু রক্ত বাকি থাকতেও আমরা বিন লাদেনের নিরাপত্তা নিশ্চিত করব। যদি আফগানিস্তানের সকল ঘর ধ্বংস হয়ে যায়, পাহাড়গুলো ছিন্নভিন্ন হয়ে যায়, লোহা গলে যায়, তবু আমরা তাঁকে কারও হাতে তুলে দেবো না।

১৯৯৯ খ্রিষ্টাব্দের অক্টোবর মাসে জাতিসংঘ এ মর্মে হুঁশিয়ারি উচ্চারণ করে, যদি আফগানিস্তান এক মাসের মধ্যে বিন লাদেনকে আমেরিকার হাতে তুলে না দেয়, তাহলে তাদের বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ আরোপ করা হবে। এ ব্যাপারে *বিবিসি*

আমিরুল মুমিনিন মোল্লা উমরের সাক্ষাৎকার গ্রহণ করে। সেখানে তিনি যে উত্তর দিয়েছিলেন, তা স্বর্ণাক্ষরে লিখে রাখার মতো।

বিবিসি : জাতিসংঘ আপনাদের ওপর অর্থনৈতিক অবরোধের জন্য এক মাসের সময়সীমা দিয়েছে। এর মধ্যে আপনারা পারস্পরিক সংলাপে বসছেন না কেন?

আমির : আমরা সংলাপের জন্য প্রস্তুত; কিন্তু বিন লাদেনের হস্তান্তর আমাদের জন্য স্পর্শকাতর ইস্যু।

বিবিসি : তালেবানদের সফলতা ঈর্ষণীয়। তদুপরি একজন ব্যক্তির জন্য পুরো দেশকে বিপদের মুখে ঠেলে দেওয়া হচ্ছে; এটি এড়িয়ে যাওয়া যায় না?

আমির : বিষয়টি এমন নয় যে, ইসলামবহির্ভূত কোনো বিষয়ের ওপর আমরা একগুঁয়েমি করছি; অথবা ব্যক্তিগত স্বার্থে আমরা কোনো সিদ্ধান্ত নিচ্ছি; বরং এটাই ইসলামি বিধান। ইসলাম আমাদের এতে সম্মত হওয়ার অনুমতি দেয়নি। আমাদের ধর্মীয় বিধানমতে, কোনো মুসলমানকে কাফিরের হাতে তুলে দেওয়া যায় না।

আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ উমরের ইমানদীপ্ত এসব বক্তব্য বড় বড় শক্তির মুখ বন্ধ করে দিয়েছিল। তিনি নিজ অবস্থানে অটল ছিলেন। ফলে শেষপর্যন্ত আমেরিকা আফগানিস্তানের ওপর হামলা করে এবং ইসলামি সাম্রাজ্য আফগানিস্তানের পতন ঘটায়, তবু তিনি একজন মুসলমানের সম্মান ও মর্যাদাসংক্রান্ত ইসলামি বিধানের গায়ে তিলমাত্র আঁচড় লাগতে দেননি।

চতুর্থ অধ্যায়

বিন লাদেনের স্মরণীয় কীর্তি

হিজরি পঞ্চদশ শতকের শুরুতে মুসলিম উম্মাহর তিন শতকের দাসত্ব ও লাঞ্ছিত জীবনের পরিবর্তে সম্মান, মর্যাদা ও প্রগতির পথে অগ্রযাত্রা শুরু হয়েছিল। আল্লাহর অনুগ্রহে রাসুল সা.-এর দেখানো পদ্ধতিতে জিহাদ ও কিতালের অনুকূল পরিবেশ তৈরি হয়েছিল। আফগানিস্তানে সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে যুদ্ধের দামামা বেজে উঠেছিল। পূর্ব-পশ্চিমের ইসলামি শার্দূলেরা ছিল এই যুদ্ধের সৈনিক। এই জিহাদি কাফেলার নকিবের ভূমিকা পালন করেছিলেন শায়খ আবদুল্লাহ আজ্জাম রাহ., যাঁর সম্মোহনী দাওয়াত ও আলোকিত ব্যক্তিত্ব উম্মাহর সিংহপুরুষদের আফগানিস্তানের যুদ্ধক্ষেত্রে সমবেত করেছিল। এই বীর যুবাদের মধ্যে আলোকিত একটি নাম উসামা বিন লাদেন।

আল্লাহর সাহায্য ও অনুগ্রহের ভরসায় মুজাহিদরা লাল সেনাদের বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। শেষপর্যন্ত তাঁদের সামনে টিকতে না পেরে সোভিয়েত ইউনিয়ন পরাজয়বরণ করে পালিয়ে যেতে বাধ্য হয়। আরব-আজমের সম্মিলিত মুজাহিদ কাফেলা তখনো বিশ্রামের কথা ভাবেননি। কৃত্রিম প্রভুত্বের দাবিদারদের মসনদ গুড়িয়ে দেওয়াই ছিল তাঁদের পরবর্তী লক্ষ্য। বিশ্বের একক পরাশক্তি হওয়ার স্বপ্নদর্শী আমেরিকা তাঁদের টার্গেটে পরিণত হয়, যেন পৃথিবীপৃষ্ঠ থেকে তাগুতি শক্তিকে সমূলে উৎপাটিত করে আল্লাহর দীনকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করা যায়।

শায়খ আবদুল্লাহ আজ্জামের শাহাদাতের পর এ বরকতময় কাফেলার নেতৃত্বে আবির্ভূত হন শায়খ উসামা বিন লাদেন। তিনি তাঁর অসামান্য প্রতিভা ও আল্লাহর পক্ষ থেকে দেওয়া অনুগ্রহের সকল উপকরণ জিহাদের ময়দানে ঢেলে দেন। এভাবেই মহান রাব্বুল আলামিন বর্তমান যুগের হুবল দেবতার মসনদ গুড়িয়ে দিতে 'জাইশে উসামা' গঠন করেন। নিঃসন্দেহে শায়খ উসামা বিন লাদেন ছিলেন এই উম্মাহর কল্যাণকামী। আমরা এখানে তাঁর জীবনের কয়েকটি উল্লেখযোগ্য কীর্তির সংক্ষিপ্ত

আলোচনা করছি। আমরা শুধু তাঁর জীবনের ওই সব বড় বড় কীর্তির সংক্ষিপ্ত আলোচনা করতে পারি, যার বিস্তারিত বিবরণ মহান রাব্বুল আলামিনের নির্দেশে তাঁর আমলনামায় লেখা হয়েছে। হয়তো-বা মহান রাব্বুল আলামিন তাঁর আমলনামা নিয়ে আরশ বহনকারী ফেরেশতাদের সামনে গর্বভরে আলোচনা করছেন,

এই বান্দা তো উভয় জগত থেকে বিরূপ শুধু আমার কারণেই।

মুসলমানদের আত্মমর্যাদাবোধ জাগিয়ে তোলা

রাসুল সা. বলেছেন, 'ইসলাম সর্বদা বিজয়ী থাকবে, কখনো বিজিত হবে না।'[৩] রাসুলের এই হাদিসকে কেন্দ্র করে উসামা বিন লাদেন তাঁর সকল কর্মযজ্ঞ পরিচালিত করতেন।

আফগানিস্তানের প্রথম যুদ্ধের পূর্বে পুরো বিশ্বে মুসলমানরা অত্যাচারিত ও নিপীড়িত জীবনযাপন করছিল। ইসলামের পরিচয় দেওয়া ছিল নিজেকে বিপদের মুখে ঠেলে দেওয়ার সমার্থক। ইসলামি সংস্কৃতি গ্রহণকে অপরাধ হিশেবে গণ্য করা হতো। পূর্ববর্তী বুজুর্গদের আলোচনা থেকে বেঁচে থাকাই কল্যাণকর মনে করা হতো; কিন্তু আফগানযুদ্ধের মাধ্যমে আল্লাহ এ হীনম্মন্যতা বদলে দিয়েছিলেন। সোভিয়েত ইউনিয়নের পতনের পর আমেরিকা ইসলামবিরোধী শক্তি হিশেবে সামনে আসে। উসামা বিন লাদেন এ কথা বলে মুসলিম যুবকদের মনোবল বাড়িয়ে তুলছিলেন— 'নিশ্চয়ই তোমরা তাওহিদের বলে বলিয়ান।' আল্লাহ ইসলামের জন্য যে সম্মান, মর্যাদা ও প্রগতির প্রতিশ্রুতি দিয়েছেন, তা শুধু জিহাদের মাধ্যমেই বাস্তবায়িত হওয়া সম্ভব। তিনি মুসলিম যুবকদের আল্লাহর প্রতিশ্রুতিগুলোর ব্যাপারে অবগত করেন। পাশাপাশি জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়তে এবং কুরআন-সুন্নাহর দীক্ষার আলোকে জিহাদ করতে আহ্বান করেন। তিনি তাঁর এক বক্তব্যে বলেন,

যেহেতু তিনি ইলেকট্রিক যোগাযোগমাধ্যম ব্যবহার করতেন না, তাই নির্দ্বিধায় বলা যায়, তিনি তাঁর বার্তাবাহকের মাধ্যমেই বহির্জগতের সঙ্গে যোগাযোগ রক্ষা করতেন। সিআইএ ভালোভাবেই বুঝতে পেরেছিল, বিন লাদেনের ব্যক্তিগত বার্তাবাহকের সন্ধান পাওয়া গেলে তাঁর পর্যন্ত পৌঁছানো যাবে; কিন্তু মার্কিনরা শায়খ আহমাদ সম্পর্কে তেমন কিছু জানত না, তাই তাঁর ব্যাপারে অধিক তথ্য সংগ্রহের জন্য তারা খালিদ শায়খ ও আবু ফারাজ আল লিবিকে টার্গেট করে। শেষপর্যন্ত আবু ফারাজ আল লিবি অমানবিক নির্যাতনের মুখে স্বীকার করতে বাধ্য হন, শায়খ আহমাদের মাধ্যমেই তিনি বিন লাদেনের বার্তা পেয়েছিলেন। তাঁকে তত দিনে গুয়ানতানামো বে কারাগারে বন্দি খালিদ শায়খের স্থলাভিষিক্ত করে অপারেশনাল কমান্ডার হিশেবে নিযুক্ত করা হয়েছে—এ তথ্য পেয়েই আমেরিকা আবিষ্কার করে, শায়খ আহমাদ বিন লাদেনের অত্যন্ত আস্থাভাজন ও ঘনিষ্ঠ সহচর।

সিআইএর কর্মকর্তা, তথ্য সরবরাহকারী ও স্থানীয় গোয়েন্দা এজেন্টরা আফগানিস্তান ও পাকিস্তানে হন্যে হয়ে শায়খ আহমাদের খোঁজ নিতে থাকে। ধীরে ধীরে তারা জানতে পারে, তাদের কাঙ্ক্ষিত এই লোকটিই মূলত আবু আহমাদ আল কুয়েতি। পাশাপাশি তারা আরও জানতে পারে, তাঁর আরেক ভাইও বিন লাদেনের বার্তাবাহক ও একান্ত আস্থাভাজন। এবার তারা জোরেশোরে দুজনের খোঁজ করতে থাকে।

সিআইএ দেদারসে অর্থ ব্যয় করতে থাকে। স্থানীয় এজেন্টদের পেছনে বিপুল অর্থ খরচ করতে শুরু করে। টানা ছয় বছর অনুসন্ধানের পর ২০১০ খ্রিষ্টাব্দের আগস্ট মাসে শেষপর্যন্ত মার্কিনরা সফলতার মুখ দেখে। সিআইএর এজেন্টরা পেশোয়ারে সাদা সুজুকিতে সফররত শেখ আহমাদকে খুঁজে বের করে।

এবার মার্কিন এজেন্টরা শায়খ আহমাদের পেছনে ছায়ার মতো লেগে থাকে। কিছুদিন পর তিনি অ্যাবোটাবাদে আসেন। সেখানে তিনি একটি ভিলায় প্রবেশ করেন। ভিলার আকার ও পরিবেশ মার্কিনদের দৃষ্টি আকর্ষণ করে। তারা বুঝতে পেরেছিল এখানে আল কায়দার কোনো গুরুত্বপূর্ণ নেতা অবস্থান করে। এই ঘরের কাছাকাছিই একসময় আবু ফারাজ আল লিবি অবস্থান করতেন।

তিন তলাবিশিষ্ট অ্যাবোটাবাদের সেই ভবনটি ১৮ ফুট উঁচু প্রাচীরঘেরা ছিল, যার ওপর কাঁটাতার দিয়ে নিরাপত্তা নিশ্চিত করা হয়েছিল। বাহির থেকে কোনো ধরনের তারের সংযোগ না থাকায় সহজেই অনুমান করা যায়, এখানে কোনো ধরনের টেলিফোন বা ইন্টারনেট ব্যবহার করা হয় না। অবশ্য ডিস অ্যান্টিনা লাগানো ছিল। উঁচু দরজা ও স্বল্পসংখ্যক জানালাবিশিষ্ট ভবনটি স্থানীয় অন্যান্য বাসার তুলনায় অনেকটা স্বতন্ত্র ছিল। তৃতীয় তলার বারান্দায় সাত ফুট উঁচু দেয়াল তোলা ছিল। এই দেয়ালটিই বিশেষভাবে মার্কিনদের মনোযোগ আকর্ষণ করে। তাদের জন্য অনুমান করা সহজ ছিল, মানুষের নজর এড়িয়ে দীর্ঘ কায়াবিশিষ্ট কারও চলাফেরার সুবিধার জন্যই এ দেয়ালটি নির্মাণ করা হয়েছে। তারা জানত বিন লাদেন ৬ ফুট ৪ ইঞ্চির দীর্ঘদেহী ছিলেন। ওয়াজিরিস্তানের দুই ভাই এ ভবনের মালিক হওয়ায় এলাকায় ওয়াজিরিস্তান ভিলা নামে এর পরিচিতি ছিল।

সিআইএ এবার ড্রোনের সাহায্যে এই ভিলার ওপর নজরদারি করতে থাকে। বিভিন্ন দিক থেকে হাজার হাজার ছবি সংগ্রহ করতে শুরু করে। ভবনে আসা-যাওয়া করা ব্যক্তিদের তথ্য সংগ্রহ করতে থাকে। তারা এ-ও জানতে পারে, ভবনের বাসিন্দারা নিজেদের পরিত্যক্ত ময়লা-আবর্জনা ভিলার ভেতরেই খালি জায়গায় পুড়িয়ে ফেলে, ময়লা ফেলার জন্য তারা বাসার বাইরে যায় না। এই তথ্যটি মার্কিনদের সন্দেহ আরও বাড়িয়ে দেয়। ২০১০ খ্রিষ্টাব্দের সেপ্টেম্বর মাসে সিআইএর বিশেষজ্ঞরা জানিয়ে দেয়, এ ভবনের ভেতরেই অবস্থান করছেন তাদের একান্ত কাঙ্ক্ষিত ব্যক্তি—উসামা বিন লাদেন। ড্রোন ক্যামেরার তথ্য বিশ্লেষণ করে জানা যায়, দুজন বার্তাবাহকের পরিবার ব্যতীত সে ভিলায় আরও একটি পরিবার বসবাস করে। ভবনটিতে কয়েকজন নারী ও শিশুর উপস্থিতিও লক্ষ করা যায়।

মার্কিন নীতিনির্ধারকরা আরও তথ্য সংগ্রহের জন্য সেই ভিলার আশপাশে গোয়েন্দা

তৎপরতা জোরদার করে। এটি ছিল ডিসেম্বর মাসের কথা। এ পরিকল্পনা বাস্তবায়নে বিশাল অর্থের প্রয়োজন ছিল। অন্যান্য খাতের বাজেট কমিয়ে সিআইএকে এই অপারেশন বাস্তবায়নের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেওয়া হয়। পাকিস্তানি এক এজেন্টকে অফিসার ইনচার্জ নিযুক্ত করে ওয়াজিরিস্তান ভিলা সংলগ্ন সিআইএর অস্থায়ী অফিস তৈরি করা হয়। লাহোর ও ইসলামাবাদ থেকে তাকে নিয়মিত দিকনির্দেশনা দেওয়া হতো।

এবার তারা অর্থের বিনিময়ে স্থানীয় সোর্সের মাধ্যমে ভবনের ভেতরের শব্দ সংগ্রহের সরঞ্জাম যুক্ত করতে সক্ষম হয়। এদিকে টেলি-ফটোলেন্সের মাধ্যমে ঘরের বাসিন্দাদের ওপর ২৪ ঘণ্টা নজরদারি করা শুরু করে। চালকবিহীন বিমান ও ড্রোনের মাধ্যমেও নজরদারি অব্যাহত রাখা হয়। মোটকথা, ছোট একটি বিল্ডিংটিকে ঘিরে সিআইএ তার সর্বস্ব উজাড় করে গোয়েন্দা নেটওয়ার্ক গড়ে তোলে।

মার্কিন মুখপাত্রের ভাষ্যমতে, শেষপর্যন্ত ওয়াজিরিস্তান ভিলায় বিন লাদেনের উপস্থিতির প্রমাণ মেলে। ২০১১ খ্রিষ্টাব্দের জানুয়ারি মাসে গোপন মাইক্রোফোনে বিন লাদেনের আওয়াজ ধরা পড়ে। সিআইএ তাৎক্ষণিক বিন লাদেনের পুরাতন বক্তব্যের সঙ্গে মিলিয়ে তাঁর কণ্ঠস্বর শনাক্ত করে। তাদের এজেন্টরা আশপাশের ভবন থেকে ভিলার ভেতরে তাঁর স্পষ্ট ছবি তুলতে সক্ষম হয়। তাৎক্ষণিক এসব তথ্য মার্কিন প্রেসিডেন্টের কাছে পাঠিয়ে দেওয়া হয়। এতক্ষণে মার্কিনদের সন্দেহ বিশ্বাসে পরিণত হয়—ওয়াজিরিস্তান ভিলাতেই বিন লাদেন অবস্থান করছেন। এ ব্যাপারে নিশ্চিত হওয়ার পর অ্যাবোটাবাদে সিআইএর অস্থায়ী কার্যালয়ের প্রয়োজন ফুরিয়ে এলে ফেব্রুয়ারি মাসেই তা বন্ধ করে দেওয়া হয়।

অ্যাবোটাবাদে সিআইয়ের অস্থায়ী অফিসে কতজন কাজ করত, বরাবরই মার্কিন সরকার এ ব্যাপারটি এড়িয়ে যায়। তারা জানায়, এ ব্যাপারগুলো অত্যন্ত গোপনীয়তার সঙ্গে নিয়ন্ত্রণ করা হতো। কেননা, বিন লাদেন এ ব্যাপারে বিন্দুমাত্র আঁচ করতে পারলেই নিরাপদে পালিয়ে যেতে পারতেন।

পরবর্তী সময়ে জানা যায়, বিন লাদেন বিগত পাঁচ বছর ধরে এই ভিলার তৃতীয় তলার একটি কক্ষে অবস্থান করছেন। তিনি খুব কমই ঘরের বাইরে যেতেন। তাঁর ২৯ বছর বয়সি ইয়ামেনি স্ত্রী আমাল পাকিস্তানের নিরাপত্তা কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদে এমনটিই জানান। পাকিস্তানে তাঁকে করা জিজ্ঞাসাবাদের বিস্তারিত বিবরণ পাকিস্তান সরকার মার্কিনদের হাতে তুলে দিতে অস্বীকৃতি জানায়। মূলত পাকিস্তান সরকারকে না জানিয়ে মার্কিনদের স্পর্শকাতর এই অভিযান পরিচালনা করা পাকিস্তানকে চরমভাবে আহত করেছিল।

বিন লাদেন এখানেই অবস্থান করছেন, মার্কিনরা এ ব্যাপারে নিশ্চিত হলে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণ করতে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার নেতৃত্বে হোয়াইট হাউসে পাঁচটি গুরুত্বপূর্ণ বৈঠকের আয়োজন করা হয়। অত্যন্ত গোপনীয়তার সঙ্গে ১৪ মার্চ আয়োজিত প্রথম বৈঠকে মার্কিন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা অংশগ্রহণ করেন। দুটি মার্কিন বোমাবাহী বিমানের মাধ্যমে ২ হাজার পাউন্ড ওজনের ডজনখানেক বোমা নিক্ষেপ করে পুরো ভবনটি নিশ্চিহ্ন করে দেওয়ার পরিকল্পনা তুলে ধরা হয়; কিন্তু এভাবে অভিযান চালানো হলে ভবনটিতে অবস্থানরত শিশু ও নারীরাও নিহত হবে, এ অজুহাতে বারাক ওবামা এতে সম্মতি দেননি। মূলত মার্কিন সরকার বিন লাদেনের মৃত্যুর পর তাঁর ডিএনএ পরীক্ষা করে মৃত্যু নিশ্চিত হতে চেয়েছিল। অ্যাবোটাবাদের সেই ভবন পর্যন্ত গোপন সুড়ঙ্গ খননের মাধ্যমে অপারেশন পরিচালনার পরিকল্পনাও উপস্থাপন করা হয়; কিন্তু স্যাটেলাইটের মাধ্যমে প্রাপ্ত তথ্যমতে, ভূগর্ভস্থ পানির স্তর উঁচু হওয়ায় এই পরিকল্পনাও বাদ দেওয়া হয়। শেষপর্যন্ত কমান্ডো হামলা চালিয়ে তাঁকে হত্যার পরিকল্পনা গৃহীত হয়। ২০১১ খ্রিষ্টাব্দের ২৯ এপ্রিল পুরো বিশ্ব যখন ব্রিটেনের যুবরাজ প্রিন্স উইলিয়ামের (বইতে এন্ড্রু দেওয়া আছে, কিন্তু তার বিয়ে হয়েছে ১৯৮৬ খ্রিষ্টাব্দে। নাম ও ঘটনার মিল নেই।) বিয়ে উদযাপনে ব্যস্ত, তখনই এই পরিকল্পনা বাস্তবায়নের মঞ্জুরি দেওয়া হয়।

এর আগেই পরিকল্পনা করা হয়, নির্দিষ্ট তারিখে আফগানিস্তানের বাগরাম বিমানঘাঁটি থেকে দুটি ব্ল্যাক হক ও দুটি চিনুক হেলিকপ্টার প্রায় শতাধিক মার্কিন সৈন্য নিয়ে পাকিস্তানের দিকে উড়ে যাবে। মার্কিন সরকারের দাবি অনুযায়ী এসব হেলিকপ্টার পাকিস্তানের তারবিলা গাজি বিমানঘাঁটিতেও অবস্থান করানো হয়, যা ব্যবহারের অনুমতি আমেরিকাকে দেওয়া হয়েছিল। শতাধিক মার্কিন সৈন্যের মধ্যে দুডজনের মতো কমান্ডো ছিল, যারা মূলত অপারেশন পরিচালনার দায়িত্বে ছিল।

সিআইএর বাগরাম ঘাঁটিতে কার্ডবোর্ড ও অন্যান্য বস্তুর মাধ্যমে ওয়াজিরিস্তান ভিলার রেপ্লিকা তৈরি করে অভিযানে অংশগ্রহণ করা কমান্ডোদের প্রশিক্ষণ দেওয়া হয়। এসব কমান্ডো মূলত আমেরিকান নৌবাহিনীর অ্যান্টি-টেরোরিজম ইউনিট নেভি সিলের সদস্য ছিল।

নেভি সিল মার্কিন নৌবাহিনীর অত্যন্ত গোপন একটি ইউনিট, যার সম্পর্কে বিশেষ কোনো তথ্য পাওয়া যায় না। শুধু এটা জানা যায়, ১৯৮০ খ্রিষ্টাব্দের পর বিশেষ এই ইউনিট গঠন করা হয়। তেহরানের ইরানি বিপ্লবীদের হাতে বন্দি ৫২ জন মার্কিনীকে যখন কোনোভাবে মুক্ত করা সম্ভব হচ্ছিল না, তখনই এই ইউনিটের গোড়াপত্তন করা

হয়। যারা অত্যন্ত গোপনীয়তার সঙ্গে নিজেদের কর্মকাণ্ড পরিচালনা করে, প্রকাশ্যে যার দায় সাধারণত মার্কিন সরকার ও সেনাবাহিনী নিজেদের কাঁধে নেয় না। এ জন্য এই ইউনিটের কমান্ডোদের 'কৃষ্ণযোদ্ধা' নামেও অভিহিত করা হয়। এ কমান্ডো ইউনিট মার্কিন নৌবাহিনীর অংশ হলেও জল-স্থল ও আকাশ—সব পথেই অভিযান পরিচালনায় সক্ষম। অত্যাধুনিক সব ধরনের অস্ত্র ও প্রযুক্তি ব্যবহারের পাশাপাশি গেরিলাযুদ্ধের জন্য তাদের অত্যন্ত কঠোর প্রশিক্ষণ দেওয়া হয়। বিভিন্ন বিদেশি ভাষায় তারা স্বাচ্ছন্দ্যে কথাবার্তা বলতে পারে। বিন লাদেন-হত্যার অভিযানের সঙ্গে জড়িত কমান্ডোরা সাবলীলভাবে পশতু ভাষায় কথা বলতে পারত। এ বাহিনীতে সাধারণত এমন যুবকদের ভর্তি করানো হতো, যারা প্রচণ্ড মনোবল ও শারীরিক শক্তির অধিকারী, যারা সব ধরনের পরিস্থিতির মোকাবিলা করতে সক্ষম।

মূল পরিকল্পনা অনুযায়ী ৩০ এপ্রিল শনিবার মার্কিনরা ওয়াজিরিস্তান ভিলার উপর হামলা করার কথা ছিল; কিন্তু সে রাতে আকাশ পরিষ্কার থাকায় মার্কিনদের হেলিকপ্টার সহজেই পাকিস্তানিদের নজরে পড়ার আশঙ্কায় তা মুলতবি করা হয়; কিন্তু রবিবার রাতে আকাশে মেঘের ঘনঘটা থাকায় কালো হেলিকপ্টারগুলো খুব একটা দৃষ্টিগোচর হচ্ছিল না। হেলিকপ্টারের আওয়াজ অত্যন্ত নিচু রাখতে অত্যাধুনিক স্টিলথ টেকনোলজি ব্যবহার করা হয়েছিল। পাশাপাশি পাকিস্তানি রাডারের আওতা থেকে বাঁচতে খুব নিচু হয়ে হেলিকপ্টারগুলো ওড়ানো হয়েছিল। আবার এসব হেলিকপ্টারে রাডার জ্যাম করে দেওয়ার প্রযুক্তিও ব্যবহার করা হয়। মোদ্দাকথা, মার্কিনরা তাদের যাবতীয় উন্নত প্রযুক্তি ও টেকনিক ব্যবহার করে নিজেদের প্রধান শত্রুকে ধ্বংস করতে মাঠে নেমেছিল।

যে মোবাইল কল অ্যাবোটাবাদ পৌঁছায়

: আমি ভালো আছি, তোমরা কেমন আছ?

: গত কয়েকদিন যাবৎ আমার শরীর ভালো ছিল না, এখন মোটামুটি সুস্থ আছি। আমি আবারও পুরানো সহকর্মীদের সঙ্গে কাজ করতে চাই।

: আচ্ছা ঠিক আছে, দেখেশুনে চলবে।

২০১০ খ্রিষ্টাব্দের মাঝামাঝিতে কোনো এক বিকেলে মোবাইলের এই কথাবার্তা আপাতদৃষ্টিতে খুবই সাধারণ মনে হতে পারে। এ কথোপকথনটি ছিল বিন লাদেনের নির্ভরযোগ্য সহযোদ্ধা আরশাদ খানের সঙ্গে কুয়েতে অবস্থানরত তাঁর এক নিকটাত্মীয়ের। সিআইএর এক এজেন্ট এসব কথাবার্তা রেকর্ড করেছিল। অত্যাধুনিক

প্রযুক্তি ও মোবাইল ট্র্যাকিং সিস্টেমের মাধ্যমে তারা জানতে পারে, আরশাদ খান তখন পেশোয়ারে একটি সাদা সুজুকিতে সফররত। এভাবেই দীর্ঘ আট বছরের অধীর অপেক্ষার পর মার্কিনরা বিন লাদেন পর্যন্ত পৌঁছার গুরুত্বপূর্ণ সূত্র পেয়ে যায়। তারা বেশ কিছুদিন থেকেই কুয়েতে অবস্থানরত আরশাদ খানের আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবের মোবাইলে নিয়মিত আঁড়ি পেতে চলছিল।

৪০ বছর বয়সি আরশাদ খান কুয়েতে পশতু পিতা-মাতার ঘরে জন্ম নিয়েছিলেন। বাল্যকাল থেকে তিনি কুয়েতেই প্রতিপালিত হয়েছিলেন। আরবি ও পশতু ভাষায় সাবলীলভাবে কথাবার্তা বলতে পারতেন। তাঁর পিতা রুশদের বিরুদ্ধে আফগান জিহাদে অংশগ্রহণ করা আরব ও আফগান মুজাহিদদের সঙ্গে হৃদ্যতা পোষণ করতেন, তাঁদের সঙ্গে মেলামেশা করতেন। আর এভাবেই তাঁর সঙ্গে বিন লাদেনের সম্পর্ক তৈরি হয়। এ সম্পর্ক থেকেই তাঁর ছেলে আরশাদ খান ধীরে ধীরে আল কায়দার নেতৃবৃন্দের আস্থাভাজনে পরিণত হন। আরবি ও পশতু জানা আরশাদ খান আল কায়দার জন্য অত্যন্ত কার্যকর ব্যক্তিত্বে পরিণত হন। আরব ও আফগান মুজাহিদদের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারায় ধীরে ধীরে তিনি বিন লাদেনের একান্ত আস্থাভাজনেও পরিণত হন।

নাইন ইলেভেনের ঘটনার পর গুয়ানতানামো বে কারাগারে বন্দি আল কায়দার কোনো এক সদস্যের কাছ থেকে মার্কিনরা আরশাদ খানের ব্যাপারে জানতে পারে। আল কায়দা-সংশ্লিষ্টদের কাছে তিনি আবু আহমাদ আল কুয়েতি নামে পরিচিত ছিলেন। মার্কিনরা জানতে পেরেছিল, তিনি আল কায়দার বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মকর্তা, এমনকি বিন লাদেনেরও বার্তাবাহক হিশেবে কাজ করেন। বিন লাদেন গোপন জায়গা থেকে পৃথিবীর বিভিন্ন অঞ্চলে বার্তা পাঠাতে বাহকেদের সাহায্য নিয়ে থাকেন, এ কারণেই মার্কিনরা তাঁকে বেশ গুরুত্ব দিতে থাকে।

দীর্ঘদিনের প্রচেষ্টায় ২০১০ খ্রিষ্টাব্দের মাঝামাঝি সময়ে সিআইএর এজেন্ট যখন আরশাদ খানকে খুঁজে পেতে সক্ষম হয়, তখন থেকে তারা গোপনভাবে তাঁর ওপর নজরদারি করতে থাকে। এভাবেই মার্কিনরা অ্যাবোটাবাদের বিলাল টাউনে এসে পৌঁছায়। ভবনের অবস্থা যাচাই করে মার্কিন সৈন্যরা সচকিত হয়ে ওঠে। ভবনের ওপর গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করতে সিআইএ সেখানে নিজেদের অস্থায়ী অফিস স্থাপন করে। ওয়াজিরিস্তান ভিলায় কথাবার্তা রেকর্ড করতে কোনোভাবে তারা গোপন ডিভাইস পাঠাতে সক্ষম হয়।

সিআইএ নির্বিঘ্নে নিজেদের গোয়েন্দা কর্মকাণ্ড পরিচালনা ও বিন লাদেনের ডিএনএর

নমুনা সংগ্রহের জন্য পাকিস্তান স্বাস্থ্যবিভাগের কয়েকজন ডাক্তারকে অর্থের বিনিময়ে নিজেদের এজেন্ট বানিয়ে নিয়েছিল। তারা একটা ভুয়া হেপাটাইটিস ভ্যাকসিন কার্যক্রম হাতে নেয়, যার আওতায় সে এলাকার ঘরে ঘরে গিয়ে নারী-পুরুষ ও শিশুদের টিকা দেওয়ার কাজ শুরু করে। যখন কোনো ব্যক্তির শরীরে ইনজেকশনের সিরিঞ্জ প্রবেশ করানো হয়, তার মাথায় লেগে থাকা রক্তকণিকার মাধ্যমে সহজেই ডিএনএর নমুনা সংগ্রহ করা যায়। ডাক্তার শাকিল আফরিদি এ কার্যক্রমে মুখ্য ভূমিকা পালন করে। সে একজন নারীসদস্যকে সে ঘরে প্রবেশ করাতে সক্ষম হয়, যেখানে বিন লাদেন তাঁর শিশুসন্তানদের নিয়ে অবস্থান করছিলেন। ডাক্তার শাকিল আফরিদির কথামতে সে ওয়াজিরিস্তান ভিলার ভেতরে আঁড়িপাতার সরঞ্জাম লগিয়ে দেয়।

বিন লাদেনের সন্ধানে মার্কিনরা বিশেষ স্যাটেলাইটেরও ব্যবহার করেছিল। যে স্যাটেলাইটে তাঁর চেহারা শনাক্তকারী সফটওয়ার যুক্ত করে দেওয়া হয়েছিল, যা ভবনের আঙিনায় চলাফেরা করা বিন লাদেনের ছবি তুলতে সক্ষম হয়।

তবে আরশাদ খান যদি তাঁর পরিজনদের সঙ্গে কথাবার্তায় আরেকটু সর্তকতা অবলম্বন করতেন, তাহলে মার্কিনরা কোনোভাবেই বিন লাদেনের সন্ধান পেত না। আরশাদ খান ও তাঁর ভাই তারিকের পূর্বপুরুষ ওয়াজিরিস্তানের অধিবাসী ছিলেন, তাই এলাকায় এ ভবনটি ওয়াজিরিস্তান ভিলা নামে পরিচিত হয়। তাঁরা দুজনেই অত্যন্ত সদালাপি মানুষ ছিলেন। নিয়মিত সালাত আদায় করতেন। এলাকার মানুষের সঙ্গে তেমন মেলামেশা করতেন না। তাঁদের বাচ্চারাও তেমন একটা বের হতো না। এ ভবনেই বিন লাদেন বসবাস করছিলেন। চোর-ডাকাতের আক্রমণ থেকে বাঁচার অজুহাতে ভবনের পাচিল ১৮ ফুট উঁচু করে দেওয়া হয়েছিল।

সিআইএ যখন নিশ্চিত হয় বিন লাদেন এ ভবনেই বসবাস করছেন, তখন বোমা হামলা করে পুরো ভবন ধসিয়ে দেওয়ার পরিকল্পনা করে; কিন্তু সেখানে শিশু ও নারীদের অবস্থান বিবেচনায় নিয়ে এ পরিকল্পনা বাদ দেওয়া হয় এবং শেষপর্যন্ত এ ভবনে কমান্ডো হামলা করে তাঁকে হত্যার পরিকল্পনা গৃহীত হয়।

সূত্রমতে, অত্যন্ত গোপনীয়তার সঙ্গে এই সামরিক অভিযান পরিচালনা করা হয়। আমেরিকা তার সহযোদ্ধা পাকিস্তানকেও এ হামলা সম্পর্কে অবগত করেনি। এ অভিযান পরিচালনায় তিনটি মার্কিন বিমানবাহী রণতরি—কার্ল ভিনসন, ইউএসএস এন্টারপ্রাইজ ও ইউএসএস রোনাল্ড রিগ্যান অংশগ্রহণ করে। এ থেকেই এ হামলার বিশাল ব্যয় ও গুরুত্বের ধারণা পাওয়া যায়। এ হামলায় কোটি কোটি ডলার ব্যয় করতে মার্কিনরা কোনো কার্পণ্য করেনি।

২০১১ খ্রিষ্টাব্দের ১ মে সর্বপ্রথম RQ-170 ড্রোন ওয়াজিরিস্তান ভিলা পর্যবেক্ষণ করে সংশ্লিষ্ট ব্যক্তিদের তথ্য পাঠায়। অতঃপর আরবসাগরে অবস্থানরত দুটি বিমানবাহী জাহাজ থেকে বিভিন্ন ধরনের বিমান ও যুদ্ধবিমান আকাশে পাখা মেলে।

RQ-170 ড্রোন আমেরিকার অত্যাধুনিক ড্রোন টেকনোলজি, যা শুধু গোয়েন্দাবৃত্তির কাজে ব্যবহার করা হয়। এটি নিঃশব্দে রাডারকে ফাঁকি দিয়ে লক্ষ্যের খুব কাছাকাছি থেকে অত্যন্ত নিখুঁত ছবি তুলতে সক্ষম।

মার্কিনদের বিমানবহরে EA-63 ও EA-18g বিমানও অন্তর্ভুক্ত ছিল। এ দুটি বিমানই আধুনিক যুদ্ধে মার্কিনদের সফল হাতিয়ার হিশেবে বিবেচিত। EA-63 বিমানে Anti-radiation missile (অ্যান্টি রেডিয়েশন মিসাইল), Harm missile (হার্ম মিসাইল) ও shrike missile যুক্ত করা হয়েছিল, ফলে একে সহজেই যুদ্ধবিমানে পরিণত করা যায়। আর EA-18g বিমানে communications receiver and jamming system কমিউনিকেশনস রিসিভার অ্যান্ড জ্যামিং সিস্টেম যুক্ত করা হয়েছিল, যার মাধ্যমে শত্রু-বিমানের পাইলটের সঙ্গে সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া ছিল অত্যন্ত সহজ।

মার্কিনরা E-2 হক আইও উড়িয়েছিল। এটি ছিল কয়েকশ মাইল দূর থেকে শত্রুবিমান শনাক্তে সক্ষম। এর পাশাপাশি পাকিস্তানের তরফ থেকে বা সম্ভাব্য যেকোনো হামলা থেকে নিরাপত্তা নিশ্চিত করতে মার্কিনরা অত্যাধুনিক F/A-18E/F যুদ্ধবিমানও ব্যবহার করে, যা মূলত অন্যান্য বিমানের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যবহৃত হয়ে থাকে। এ ছাড়া শত্রুবিমানের সিগন্যাল পর্যালোচনা ও তার ওপর নজরদারি করার প্রযুক্তি সংবলিত বিশেষ ধরনের বিমানও ব্যবহার করে। অভিযানে অংশগ্রহণ করা হেলিকপ্টারে তাৎক্ষণিক জ্বালানির প্রয়োজন মেটাতে KC-130 ট্যাংকার প্রস্তুত রাখা হয়। জালালাবাদে MV-22 বিমান বিন লাদেনের মরদেহ রণতরি কার্ল ভিনসনে পৌঁছানোর জন্য সব প্রস্তুতি সেরে রাখা হয়। ব্যাকআপ হিশেবে প্রস্তুত রাখা হয় চিনুক হেলিকপ্টার।

E-8 জয়েন্ট স্টারস বিমান থেকে তাদের কর্তাব্যক্তিরা পুরো হামলার দেখাশোনা ও পরিচালনা করছিলেন। মার্কিন এই বিমান ছিল আকাশে তাদের সামরিক ব্যবস্থাপনার প্রধান কার্যালয়। এই বিমানের মাধ্যমের শত্রুদের যেকোনো গতিবিধি স্পষ্টভাবে পর্যবেক্ষণ করা যায়।

এ বিশাল ব্যবস্থাপনার পর তিনটি স্টিলথ ব্ল্যাক হক হেলিকপ্টারের সাহায্যে ২৪-২৫ জন নেভি সিল কমান্ডো ওয়াজিরিস্তান ভিলার বাসিন্দাদের উপর হামলা চালায়। হামলা চলাকালে ভেতর থেকে প্রতিরোধমূলক এক ফায়ারে একটি হেলিকপ্টার ভূপাতিত হয়।

তখন আরশাদ খান সস্ত্রীক, তারিক খান এবং খালিদ বিন লাদেন শাহাদাতবরণ করেন।

সূত্রমতে, মার্কিনরা ব্যাকআপ হিশেবে আরও তিন-চারটি হেলিকপ্টার প্রস্তুত রেখেছিল। একটি ব্ল্যাক হক হেলিকপ্টার ধ্বংস হলে তৃতীয় আরেকটি, অন্য সূত্রমতে একটি চিনুক হেলিকপ্টার কমান্ডোদের ফিরতি যাত্রার জন্য পাঠানো হয়। যদি সেটি চিনুক হেলিকপ্টার হয়ে থাকে, তাহলে নিঃসন্দেহে তার গতিবিধি নিঃশব্দ করতে ব্যাপক পরিবর্তন করা হয়েছিল।

ওয়াজিরিস্তান ভিলায় হামলা করা মার্কিন কমান্ডোরা অত্যাধুনিক প্রযুক্তি ও যুদ্ধসরঞ্জামে সজ্জিত ছিল। সর্বাগ্রে অবস্থান করা কমান্ডোদের কাছে ইনফ্রারেড রশ্মি ব্যবহার করে অন্ধকারের দৃশ্য স্পষ্ট দেখা এবং ধারণের ভিডিয়ো ক্যামেরা ছিল। বোমা-অভেদ্য বিশেষ পোশাক পরিহিত কমান্ডোরা সকলেই ছিল অত্যাধুনিক HK-416 রাইফেলধারী। এসব রাইফেল নির্ভুল লক্ষ্যভেদের জন্য সুপ্রসিদ্ধ। তাদের চোখে ছিল রাতের অন্ধকারে স্পষ্ট দেখতে পাওয়া যায় এমন বিশেষ চশমা।

মিডিয়ার ভাষ্যমতে, মার্কিন কমান্ডোদের সঙ্গে ভবনে লুকিয়ে থাকা লোকজন ও অস্ত্রের সন্ধানের জন্য একটি সামরিক কুকুরও সঙ্গে নেওয়া হয়েছিল। কুকুরের ঘ্রাণশক্তি মানুষের চেয়ে প্রায় ১ হাজার গুন বেশি হয়ে থাকে। সেই কুকুরের মুখে লাখ টাকা ব্যয়ের টাইটানিয়ামের কৃত্রিম চোয়াল লাগানো ছিল। ফলে এটি যদি বুলেটপ্রুফ পোশাক পরিহিত কোনো ব্যক্তিকেও কামড় দেয় তাহলে তার গোশত আলাদা করে ফেলতে পারত। বিন লাদেন কোনো গুহায় আশ্রয় নিলেও যেন তাকে খুঁজে নিতে পারে, সে জন্য কুকুরটির গায়ে ইনফ্রারেড ক্যামেরা লাগানো ছিল।

রাডারের চোখ এড়িয়ে চলতে সক্ষম মার্কিন হেলিকপ্টারগুলো খুব নিচু দিয়ে উড়ছিল। পাশাপাশি পাহাড়ি অঞ্চল হওয়ায় মার্কিন বিমানগুলো রাডারের চোখ এড়াতে বাড়তি সুবিধা পাচ্ছিল।

পশ্চিমা মিডিয়ার ভাষ্যমতে, বারাক ওবামা অভিযান পরিচালনাকারীদের যেকোনো মূল্যে পাকিস্তানিদের সঙ্গে সংঘর্ষ এড়িয়ে চলার নির্দেশ দিয়েছিলেন। তবে পাকিস্তানিদের পক্ষ থেকে হেলিকপ্টারগুলোর উপর আক্রমণ করা হলে যেন যেকোনো মূল্যে মার্কিন সৈন্যদের নিরাপদ করার অনুমতি দেওয়া হয়। বস্তুত পাকিস্তানের পক্ষ থেকে হামলার সমূহ সম্ভাবনা ছিল। বাস্তবে যদি এমনটি হতো, তাহলে পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ হয়ে উঠত।

৩৮ থেকে ৪০ মিনিটের এই কমান্ডো-অভিযানে পাঁচজনের শাহাদাত ব্যতীত বিন লাদেনের কনিষ্ঠা স্ত্রী আমাল ও তাঁর ১২ বছর বয়সি কন্যা সাফিয়া আহত হন। ঘরে

বেশ কয়েকজন শিশু অবস্থান করছিল। তাদের মধ্যে আরশাদ খানের দুই বা তিনজনসহ তারিক খানের চারজন সন্তান ছিল। বিন লাদেনের সঙ্গে তাঁর আটজন সন্তান-সন্ততি ও নাতি-নাতনি বসবাস করছিল। তাঁর ২২ বছর বয়সি পুত্র খালিদ তারিক খানের বোনকে বিয়ে করেছিলেন। অন্যদিকে বিন লাদেনের তৃতীয় স্ত্রী খাইরিয়া সাবেরা ও চতুর্থ স্ত্রী সিহাম সাবেরও তাঁদের সঙ্গে অবস্থান করছিলেন। তন্মধ্যে হামজা বিন লাদেন ছিলেন প্রথমজনের পুত্র, অন্যদিকে খালিদ বিন লাদেন ছিলেন সিহাম সাবেরের পুত্র।

মিডিয়াসূত্রে জানা যায়, মার্কিন সেনাবাহিনী ব্যাকআপ হিশেবে যে দুটি ব্ল্যাক হক ও দুটি চিনুক হেলিকপ্টার প্রস্তুত রেখেছিল, এর দুটি অ্যাবোটাবাদের নিকটবর্তী জেলা কালাঢাকার একটি ময়দানে অবস্থান করছিল। ওয়াজিরিস্তান ভিলা থেকে প্রায় ১৫০ কিলোমিটার দূরের এই মাঠে হেলিকপ্টারগুলো প্রায় ৫০ মিনিট পর্যন্ত অপেক্ষা করে।

বেগম খাইরিয়া সাবের পাকিস্তানি কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদের মুখে জানান, তাঁর ২০ বছর বয়সি পুত্র হামজা সেখানে তাঁদের সঙ্গে অবস্থান করছিল; কিন্তু তাঁর কোনো খোঁজ পাওয়া যায়নি। তাঁর ভাষ্যমতে হয়তো মার্কিনরা তাঁকে সঙ্গে করে নিয়ে গেছে; অথবা তিনি পালিয়ে যেতে সক্ষম হয়েছেন।

রবিবার রাত প্রায় ১টা। মার্কিন হেলিকপ্টারগুলো ওয়াজিরিস্তান ভিলায় পৌঁছায়। শুরুর দিকে হোয়াইট হাউসের পক্ষ থেকে বলা হয়েছিল—তখন ভবনের ছাদে বিন লাদেনের দেহরক্ষী অবস্থান করছিলেন। হেলিকপ্টারের উপস্থিতি টের পেয়ে তারা রকেট লঞ্চার দিয়ে হামলা করেন। এতে একটি ব্ল্যাক হক হেলিকপ্টার ভূপাতিত হয়, যদিও এর আরোহী মার্কিন সৈন্যরা সবাই অক্ষত থাকে। মার্কিন সরকারের মুখপাত্র বলেন, 'প্রথম হেলিকপ্টার ভূপাতিত হতে দেখে প্রেসিডেন্ট বারাক ওবামা চরম হতাশ হয়ে পড়েন। তিনি তখন পদস্থ কর্মকর্তাদের সঙ্গে ল্যাংলি ভার্জিনিয়ায় স্যাটেলাইটের মাধ্যমে পুরো অভিযান প্রত্যক্ষ করেছিলেন। ১৯৯৩ খ্রিষ্টাব্দে সোমালিয়ায় এমন একটি ব্ল্যাক হক হেলিকপ্টার ভূপাতিত হয়ে ১৮ জন মার্কিন সৈন্য নিহত হয়েছিল। এই ঘটনার পুনরাবৃত্তির শঙ্কায় বারাক ওবামা হতাশ হয়ে পড়ছিলেন।'

এই অপারেশনে প্রথম সারিতে অংশগ্রহণকারী একজন কমান্ডোর ক্যাপে অত্যাধুনিক কর্ডলেস ক্যামেরা সংযুক্ত ছিল, যার মাধ্যমে ওয়াজিরিস্তান থেকে হাজার মাইল দূরে অবস্থিত ভার্জিনিয়া থেকে তা সরাসরি পর্যবেক্ষণ করা সম্ভব হচ্ছিল। এই ক্যামেরাটি ট্রান্সমিটামের মাধ্যমে প্রথমে RQ170 গোয়েন্দা ড্রোনে (যা আফগানিস্তানে 'কান্দাহারের পশু' নামে খ্যাত ছিল) পাঠানো হতো, সেখান থেকে ভার্জিনিয়ার সিআইএর সদর দপ্তর ল্যাংলিতে সম্প্রচারিত হতো।

সূত্রমতে জানা যায়, রকেট লঞ্চার ও হেলিকপ্টার ধ্বংসের শব্দ শুনে অ্যাবোটাবাদের বিলাল টাউনের লোকজনের ঘুম ভেঙে যায়। ঘটনা দেখতে তারা বাসার বাইরে বের হলে পশতু ভাষাভাষী সিআইএর স্থানীয় এজেন্টরা তাদের নিজেদের ঘরে চলে যেতে বলে।

এরপর হেলিকপ্টার থেকে প্রায় দুই ডজন কমান্ডো সিঁড়ি বেয়ে ওয়াজিরিস্তান ভিলার আঙিনায় অবতরণ করে। তারা অন্ধকারে দেখার জন্য নাইট ভিশন চশমা পরিহিত ছিল। প্রথমেই শায়খ আহমাদ আল কুয়েতি ও তাঁর ভাইয়ের সঙ্গে তাদের সংঘর্ষ হয়। তাঁরা দুজনই শাহাদাতবরণ করেন। শায়খ আহমাদের স্ত্রীও গুলিবিদ্ধ হয়ে শাহাদাতবরণ করেন। ইতিমধ্যে কমান্ডোরা তৃতীয় তলায় বিন লাদেনের কক্ষ পর্যন্ত পৌঁছে যায়।

প্রথমদিকে হোয়াইট হাউসের প্রবক্তারা এই মিথ্যা প্রোপাগান্ডা ছড়িয়েছিল যে, মার্কিনদের উপস্থিতি টের পেয়ে তিনি নিজের স্ত্রীকে ঢাল বানিয়ে আত্মরক্ষার চেষ্টা করেছিলেন। এর মাধ্যমে মূলত মার্কিন-মিডিয়া বিন লাদেনকে কাপুরুষ প্রমাণের ব্যর্থ চেষ্টা করছিল। কিন্তু পরবর্তী সময়ে তারা এ বক্তব্য প্রত্যাহার করে নিতে বাধ্য হয়। তারা জানায় বিন লাদেন একে-৪৭ রাইফেল হাতে নেওয়ার চেষ্টা করছিলেন; আর তাৎক্ষণিক ক্যামেরাধারী কমান্ডো তাঁকে এক বা দুটি গুলি মেরে হত্যা করে। মার্কিনদের ভাষ্যমতে, তারা তাঁকে জীবিত গ্রেপ্তার করতে চেয়েছিল; কিন্তু লড়াইয়ের তীব্রতায় তাঁকে হত্যা করতে হয়।

এ ব্যাপারে মার্কিন মিডিয়ার মিথ্যাচার সহজেই ধরা পড়ে। এত বড় অপারেশন পরিচালিত হচ্ছে, হেলিকপ্টার ধ্বংস হয়েছে; তবু বিন লাদেন নিজের কক্ষে কোনো ধরনের প্রস্তুতি না নিয়ে বসে ছিলেন? তাদের ভাষ্যমতে, তিনি তাঁর একে-৪৭ রাইফেল যখনই হাতে নিতে চেয়েছিলেন, তখনই মার্কিন সেনারা গুলি করে তাঁকে হত্যা করে; অথচ বাস্তবে তাঁর আক্রমণে কয়েকজন মার্কিন কমান্ডোও নিহত হয়েছিল। একটু চিন্তা করুন, বহু বছর ধরে যিনি ভয়াবহ প্রত্যক্ষ যুদ্ধের নেতৃত্ব দিয়ে আসছেন, সব ধরনের অস্ত্র চালনায় যিনি অভ্যস্ত, খুব কাছেই মার্কিন কমান্ডোদের উপস্থিতি টের পেয়েও কি তিনি তাদের নির্বিঘ্নে অগ্রসর হতে দেবেন? মার্কিনরা যখন তাঁর উপর আক্রমণ চালায়, তিনি তখন নিরস্ত্র ছিলেন—এটা মার্কিন মিডিয়ার স্পষ্ট মিথ্যাচার।

মিডিয়ায় প্রচার করা হয়, কমান্ডোরা বিন লাদেনের কক্ষে প্রবেশ করতে চাইলে প্রথমে তাঁর স্ত্রী আমাল সামনে আসেন। তিনি ভেতরে তাদের প্রবেশ করতে বাধা দেওয়ার চেষ্টা করলে তাঁকে গুলি করে আহত করা হয়। অতঃপর তারা ভেতরে প্রবেশ করে বিন লাদেনের লাশ নিয়ে বাগরামের উদ্দেশে বেরিয়ে পড়ে। এই অপারেশনের নাম ছিল 'অপারেশন জেরোনিমো।' কোডওয়ার্ড ছিল, এ.কি.য়া (এনেমি কিল্ড ইন

অ্যাকশন) অর্থাৎ, উসামা বিন লাদেনকে হত্যা করা হয়েছে।

মার্কিনরা বিন লাদেনের কক্ষে প্রবেশ করে। কেউ লুকিয়ে আছে কি না, তা জানতে সবকিছু তল্লাশি করে। সেখান থেকে তারা পাঁচটি কমপিউটার, ১০টি হার্ড ড্রাইভ, শতাধিক সিডি-ডিভিডিসহ বিভিন্ন দস্তাবেজ নিজেদের সঙ্গে করে নিয়ে যায়। এসবের পরীক্ষা-নিরীক্ষার জন্য সিআইএ প্রধানের পক্ষ থেকে একটি বিশেষ কমিটি তৈরি করে দেওয়া হয়। মার্কিন সরকারের দাবিমতে, প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষায় তারা জানতে পারে, নাইন ইলেভেনের বর্ষপূর্তিতে বিন লাদেন মার্কিন বিমান ও মেট্রোরেলে আত্মঘাতী বোমা হামলা চালানোর পরিকল্পনা করছিলেন।

ওয়াজিরিস্তান ভিলায় চারটি মৃতদেহ ও একজন আহত নারীকে রেখেই মার্কিনরা সেখান থেকে চলে যায়। পরে জানা যায়, সে ভবনে বিন লাদেন তিন স্ত্রী ১৩ জন সন্তান-সন্ততি ও নাতি নিয়ে বসবাস করছিলেন। যাঁদের বয়স দুই থেকে ১২ বছরের মধ্যে। বিন লাদেনের ১২ বছর বয়সি কন্যাও সেখানে ছিলেন। পরবর্তী সময়ে তাঁদের পাকিস্তান সিকিউরিটি ফোর্সের হিফাজতে নিয়ে যাওয়া হয়। তাঁর স্ত্রী আমালকে অ্যাম্বুলেন্সে করে হাসপাতালে পৌঁছে দেওয়া হয়। তাঁর এক স্ত্রী ছিলেন সৌদি ও অন্যজন ইয়ামেনি বংশোদ্ভূত।

৪০ মিনিটের অভিযান চলাকালে মার্কিন হেলিকপ্টার ভবনের উপরই ওড়াওড়ি করছিল। মার্কিনরা চলে যাওয়ার সময় ভূপাতিত হেলিকপ্টারটি সম্পূর্ণ ধ্বংস করে যায়, যেন পাকিস্তানিরা এর কোনো প্রযুক্তি কাজে লাগাতে না পারে। সংবাদমাধ্যমের বরাতে জানা যায়, ভবনে প্রবেশের সময় মার্কিনরা এমন কিছু স্টেনগ্রেনেড নিক্ষেপ করেছিল, যা মানুষের শরীর অবশ করে দেয়। ফলে ভবনের ভেতর তাদের তেমন বড় ধরনের আক্রমণের মুখোমুখি হতে হয়নি।

বাগরাম সেনাঘাঁটিতে পৌঁছে সর্বপ্রথম বিন লাদেনের শরীরের মৃতদেহের পরিমাপ নেওয়া হয়। তাঁর শরীরের মাপ যথাযথ মিলে গেলে এবার তাঁর ডিএনএ টেস্ট করা হয়, যা তাঁর বোনসহ অন্য আত্মীয়স্বজনদের ডিএনএর সঙ্গে মিলে যায়। নাইন ইলেভেনের ঘটনার পর মার্কিন সরকার বিন লাদেন-পরিবারের অন্যান্য সদস্যের ডিএনএ নিজেদের সংরক্ষণে রেখেছিল। এভাবেই মার্কিনরা বিন লাদেনকে হত্যার সত্যায়ন পেয়ে যায়।

মার্কিন সরকারের ভাষ্যমতে, পাকিস্তান, আফগানিস্তান ও সৌদিআরবের সরকার বিন লাদেনের মৃতদেহ গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তাঁকে আরবসাগরে অবস্থানরত রণতরি কার্ল ভিনসনে নিয়ে যাওয়া হয়। সেখানে ইসলামি রীতিনীতি মেনে তাঁর শেষকৃত্য সমাপ্ত করে একটি ভারী ব্যাগে করে মৃতদেহ সমুদ্রে সমাহিত করা হয়।

সমুদ্রে সমাহিত করার সময় জাহাজে অবস্থানরত একজন মুসলমান সৈন্য ইসলামি রীতির আলোকে কুরআন তিলাওয়াত করছিল।

এই ছিল ইসলামের ইতিহাসের বীর সিপাহসালারের জীবনের সংক্ষিপ্ত উপাখ্যান, যিনি জাজিরাতুল আরবের মরুভূমি থেকে আত্মপ্রকাশ করে সমুদ্রযাত্রার মাধ্যমে তাঁর জীবনসফরের সমাপ্তি টানেন। হয়তো সবাই ভাবছে, এত বড় পৃথিবীতে তাঁকে সমাহিত করতে তিন গজ জায়গা পাওয়া গেল না! কিন্তু সমুদ্র হয়তো আল্লাহর দরবারে প্রার্থনা করে বলছিল, হে আল্লাহ, পৃথিবীপৃষ্ঠে তোমার প্রিয় অসংখ্য শহিদের কবর রয়েছে; কিন্তু আমার উত্তাল তরঙ্গমালা ও বিক্ষুব্ধ সমুদ্রবক্ষে কোনো শহিদের সমাধি হয়নি। আল্লাহ হয়তো সমুদ্রের আবেদনে সাড়া দিয়েছেন, তাই তাঁকে সমুদ্রে সমাহিত করা হয়েছিল।

বিন লাদেনের শাহাদাতে ইহুদি-খ্রিষ্টানদের প্রতিক্রিয়া

শায়খ উসামা বিন লাদেন কাফিরবিশ্বের কাছে কতটা আতঙ্কের কারণ ছিলেন, তাঁর শাহাদাতে ইহুদি-খ্রিষ্টান নেতৃবৃন্দ ও জনসাধারণের প্রতিক্রিয়া থেকে তা সহজেই অনুমান করা যায়। তাঁর শাহাদাতের খবর প্রচার হতেই ওয়াশিংটন, নিউইয়র্ক, ক্যালিফোর্নিয়া, বোস্টন, ওহাইওসহ আমেরিকার বিভিন্ন অঙ্গরাজ্যে খ্রিষ্টান কাপুরুষেরা নিজেদের গুহা থেকে বেরিয়ে রাস্তায় আনন্দমিছিল শুরু করে। অন্যদিকে কাফিরবিশ্বের নেতৃবৃন্দ তাঁর শাহাদাতের সংবাদে আনন্দ প্রকাশ করে এটিকে শান্তি ও নিরাপত্তার বিজয় বলে অভিহিত করে। কাফির নেতৃবৃন্দের জন্য তিনি কতটা গলার কাঁটা হয়ে ছিলেন, তার সহজ ধারণা দিতে তাঁর শাহাদাতের পর তথাকথিত বিশ্ব মোড়লদের কিছু বিবৃতি তুলে ধরছি।

- মার্কিন রাষ্ট্রপতি বারাক ওবামা বিন লাদেনের শাহাদাতের ঘোষণা দিতে গিয়ে বলেন, আজ আমি মার্কিন জনসাধারণ ও বিশ্ববাসীকে জানিয়ে দিতে চাই, আমেরিকা এক অভিযানে আল কায়দা নেতা উসামা বিন লাদেনকে হত্যা করেছে। সে বিগত ২০ বছর ধরে আল কায়দার প্রধান অ্যাম্বাসেডরের ভূমিকা পালন করে। এ সময়ে সে আমাদের ও আমাদের জোটভুক্ত বিভিন্ন দেশে হামলার পরিকল্পনা করে। তাকে হত্যা করতে পারা আল কায়দার বিরুদ্ধে আমাদের পরিচালিত যুদ্ধের সবচেয়ে বড় সফলতা। তবে তার মৃত্যুতে আমাদের যুদ্ধ থেমে যাবে না। তারা এখন আমাদের উপর আরও হামলা চালাতে পারে। তাই দেশের ভেতরে-বাইরে আমাদের অত্যন্ত সতর্ক থাকতে হবে।
- সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশ বলেন, এটি আমেরিকার জন্য এক

ঐতিহাসিক বিজয়। শান্তিকামীদের বিজয়। যারা নাইন ইলেভেনে নিজেদের স্বজন হারিয়েছেন তাদের জন্য বিজয়। সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধ চলমান থাকবে। আমেরিকা আজ প্রমাণ করেছে, দেরিতে হলেও ন্যায় প্রতিষ্ঠা হবেই।

- সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন বলেন, এ মুহূর্তটি শুধু নাইন ইলেভেনের হামলায় যাদের আত্মীয়স্বজন নিহত হয়েছে তাদের জন্যই গুরুত্বপূর্ণ নয়; বিশ্বের প্রতিটি এমন মানুষের জন্য এটি একটি স্মরণীয় মুহূর্ত, যারা তাদের প্রজন্মের জন্য একটি শান্তিপূর্ণ পরিবেশ রেখে যাওয়ার প্রত্যাশী। এই সফলতা অর্জনে আমি রাষ্ট্রপতি বারাক ওবামা ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অভিনন্দন জানাচ্ছি।
- ব্রিটেনের প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন বলেন, বিন লাদেনের মৃত্যুসংবাদ পুরো বিশ্ববাসীর জন্য আনন্দের। নাইন ইলেভেনসহ আরও বহু হামলায় পেছনে তার হাত ছিল, যেসব হামলায় ব্রিটেনের নাগরিকসহ অসংখ্য মানুষ মৃত্যুবরণ করেছেন। তাকে হত্যা করতে পারা আমাদের জন্য বিশাল সফলতা। নিউইয়র্কের মানুষ ১০ বছর যাবৎ এ সংবাদের অপেক্ষা করছিলেন। আমি আশা করছি, যারা নিজেদের আত্মীয়স্বজনদের হারিয়েছেন, তাদের জন্য এটি অনেক বড় প্রশান্তির খবর।
- ফ্রান্সের প্রেসিডেন্ট সারকোজি বলেন, এটি সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিশ্বব্যাপী শান্তিপ্রচেষ্টার জন্য বিশাল সফলতা, তবে আল কায়দা এখনো খতম হয়নি।
- রুশ প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ বলেন, বিন লাদেনের হত্যাকাণ্ডে রাশিয়ানরা উপকৃত হয়েছে। আমাদের দক্ষিণাঞ্চলের বিভিন্ন যুদ্ধক্ষেত্রে ইসলামি জঙ্গিদের বিরুদ্ধে লড়াই চলছে। বিন লাদেনের এই হত্যা-অভিযানসহ সন্ত্রাসীদের বিরুদ্ধে যেকোনো ধরনের অপারেশনের সঙ্গে আমাদের রাষ্ট্রীয় নিরাপত্তার গভীর সম্পর্ক রয়েছে। আল কায়দা আমাদের বিভিন্ন অঞ্চলে নিজেদের প্রতিনিধি পাঠিয়ে থাকে, তারা এখনো এটা করছে।
- জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল বলেন, শান্তিকামীরা বিজয়ী হয়েছে। তবে এর অর্থ এই নয় যে, বিশ্বে সন্ত্রাসবাদের পরাজয় হয়েছে। আমাদের অত্যন্ত সতর্ক থাকতে হবে।
- চীনের পররাষ্ট্রমন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, বিন লাদেনের মৃত্যু সন্ত্রাসবাদবিরোধী যুদ্ধে সফলতার মাইলফলক ও ইতিবাচক অগ্রগতির প্রতীক।
- ইসরাইলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু বলেন, এটি স্বাধীনতা ও মানবিক মূল্যবোধের বিজয়। সকল গণতান্ত্রিক দেশ কাঁধে কাঁধ মিলিয়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে লিপ্ত।

- ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিং বলেন, আমি এ ঘটনাকে অগ্রগতির মাইলফলক হিশেবে আনন্দ প্রকাশ করছি। আশা করছি, এর ফলে আল কায়দাসহ অন্যান্য সন্ত্রাসবাদী সংগঠন চরম ধাক্কা খাবে।
- কাদিয়ানি মুখপাত্র হারেস জাফর বলেন, বিন লাদেনের মতো নামকরা সন্ত্রাসীর মৃত্যুতে আমি আনন্দ প্রকাশ করছি, তার সাম্রাজ্যের পতন হয়েছে।
- ইরানি পররাষ্ট্রমন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, বিন লাদেনের মৃত্যুতে এ অঞ্চলে শান্তি ও নিরাপত্তা বহাল হবে। সন্ত্রাসবাদ দমনের নামে ইঙ্গ-মার্কিন জোটের সেনাদের এখন আর মধ্যপ্রাচ্যে অবস্থান করার কোনো যৌক্তিকতা নেই। ইরান সর্বদা সন্ত্রাসবাদের নিন্দা করে।
- পাকিস্তানের প্রেসিডেন্ট জারদারি বলেন, বিন লাদেনের হত্যার মাধ্যমে নতুন সহস্রাব্দের শুরুতে সন্ত্রাসবাদের মুখ বন্ধ করে দেওয়া হয়েছে। তার মৃত্যুতে পাকিস্তানিদের আনন্দিত হওয়া উচিত। অন্য যেকোনো দেশের চেয়ে পাকিস্তানের জন্য আল কায়দার থাবা থেকে মুক্ত হওয়া অত্যন্ত জরুরি। যদিও রবিবারের অপারেশনে পাকিস্তান অংশগ্রহণ করেনি; কিন্তু পাকিস্তানের এক দশকের সহযোগিতার ফলেই মার্কিনরা বিন লাদেন পর্যন্ত পৌঁছাতে সক্ষম হয়েছে।
- ইউসুফ গিলানি বলেন, বিন লাদেনের হত্যা আমাদের জন্য অত্যন্ত বড় সফলতা। তার হত্যা-অভিযান পাকিস্তান ও বিশ্ব নেতৃবৃন্দের সন্ত্রাসবিরোধী যুদ্ধের দৃঢ় সংকল্পের প্রমাণ বহন করে। অত্যাধুনিক প্রযুক্তি থাকা সত্ত্বেও তাকে আরও আগে গ্রেপ্তার করতে না পারাটা অত্যন্ত লজ্জাজনক। ইউসুফ গিলানি আরও বলেন, বিন লাদেনের হত্যা এক ঐতিহাসিক সফলতা। এ অভিযান পরিচালনায় পাকিস্তানি ইন্টেলিজেন্সের পরিপূর্ণ সহযোগিতা ছিল।
- পারভেজ মোশাররফ বলেন, এটি অত্যন্ত ইতিবাচক মাইলফলক। এর প্রভাব হবে সুদূরপ্রসারী। আজ আমরা এ যুদ্ধে বিজয় লাভ করেছি; কিন্তু সন্ত্রাসবাদের বিরুদ্ধে আমাদের যুদ্ধ চলমান থাকবে। বিন লাদেন পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিল। পাকিস্তানের অভ্যন্তরীণ বহু সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে আল কায়দা সম্পৃক্ত ছিল। তাই এটি পাকিস্তানের বিজয়।
- সৌদিআরবের স্বরাষ্ট্রমন্ত্রী আহমাদ বিন আবদুল আজিজ বলেন, আল কায়দার সর্বোচ্চ নেতার হত্যা, সন্ত্রাসবাদের বিরুদ্ধে চলমান যুদ্ধে বিশ্বনেতৃবৃন্দের অগ্রযাত্রা অব্যাহত করবে।

- সৌদি যুবরাজ ওয়ালিদ বিন তালাল বলেন, বিন লাদেনের হত্যা শুধু মার্কিনদের জন্য নয়; পুরো বিশ্বের জন্য ইতিবাচক ঘটনা।
- হামিদ কারজাই বলেন, চমৎকার! এটি চরম আনন্দের সংবাদ। বিন লাদেন সত্যিকারার্থে মানবতা ও সভ্যতার শত্রু ছিল। তার হত্যা আফগানিস্তানের তালেবানদের দমনে অগ্রণী ভূমিকা পালন করবে। এর দ্বারা প্রমাণিত হয়, সন্ত্রাসবাদের বিরুদ্ধে চলমান যুদ্ধ শুধু আফগান-গ্রামাঞ্চলে নয়; শত্রুর নিরাপদ অঞ্চলেও তা চলমান থাকবে।
- তুরস্কের প্রেসিডেন্ট আবদুল্লাহ গুল বলেন, এর মাধ্যমে প্রমাণিত হয়, সন্ত্রাসবাদী নেতারা শেষপর্যন্ত জীবিত বা মৃত ধরা পড়েন। বিশ্বের প্রধান সন্ত্রাসীর নিহত হওয়া এর সবচেয়ে বড় প্রমাণ।

বিন লাদেনের শাহাদাতে আরব গণমাধ্যমের প্রতিক্রিয়া

শায়খ উসামা বিন লাদেনের শাহাদাতের পর আল কায়দার ভবিষ্যৎসহ বিভিন্ন বিষয়ে প্রশ্ন উঠতে থাকে। আমরা এখানে এসব প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করব। বিশেষ করে আরব গণমাধ্যমে এ ব্যাপারে প্রচারিত কিছু সংবাদ আমরা পাঠকের সামনে উপস্থাপন করব।

প্রসিদ্ধ আরবি টিভি-চ্যানেল *আল-জাজিরা* আল কায়দার ভবিষ্যৎ নিয়ে বিশিষ্টজনদের মতামত জানতে চায়। বিন লাদেনের শাহাদাতের পর আল কায়দার নেতৃত্ব নিয়েও বিশিষ্টজনেরা বিভিন্ন মত প্রকাশ করেন। অধিকাংশের ভাষ্যমতে, ডাক্তার আইমান আল জাওয়াহিরির হাতেই আল কায়দার নেতৃত্ব তুলে দেওয়া হবে। আবার কারও কারও অভিমত ছিল, বিন লাদেনের সন্তানকে তাঁর স্থলাভিষিক্ত নিয়োগ দেওয়া হবে।

এখানে আরও একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন ওঠে, বিন লাদেনের শাহাদাতের পর আল কায়দার কর্মকাণ্ড স্বাভাবিক গতিতে থাকবে, নাকি এর কর্মধারায় পরিবর্তন আসবে?

বহুদিন ধরে বিভিন্ন ইসলামি সংগঠনসমূহ নিয়ে গবেষণাকারী ফিলিস্তিনের বেরজিত ইউনিভার্সিটির অধ্যাপক ড. ইয়াদ আল বারগুতির মতে, 'আল কায়দার চিন্তাধারায় কোনো ধরনের পরিবর্তন আসবে না। তাঁরা বিন লাদেনের নির্ধারিত নীতিমালার ওপরই অবিচল থাকবে।' তাঁর ভাষ্যমতে, 'আয়মান আল-জাওয়াহিরি বিন লাদেনের স্থলাভিষিক্ত হবেন।'

তিনি বলেন, 'আল কায়দা কোনো একক রাষ্ট্রীয় সংগঠন নয়; বরং বিভিন্ন দেশেই এর কর্মকাণ্ড চলমান। তাঁরা সংঘবদ্ধ হয়ে কেন্দ্রের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখেন। পুরো

বিশ্বের আল কায়দার সদস্যরা যেভাবে বিন লাদেনের নেতৃত্ব মেনে চলতেন, সেভাবে এখনো কেন্দ্রীয় নেতৃত্ব মেনে চলবেন।'

ইসলামি সংগঠন নিয়ে গবেষণা করা ড. ওয়ালিদ আল মুদাল্লালের মতে, 'পশ্চিমাদের ব্যাপারে বিন লাদেন যে দর্শন লালন করতেন, আল কায়দা তার ওপর অটল থাকবে।' তাঁর ভাষ্যমতে, 'আল কায়দার সঙ্গে বহু অভিজ্ঞ নামকরা ব্যক্তি জড়িত আছেন, তবে তাঁদের মধ্যে প্রসিদ্ধ ব্যক্তি আইমান আল জাওয়াহিরি। আবার তাঁরা নিজেদের নতুন নেতৃত্ব গোপনও রাখতে পারেন।'

তিনি বলেন, 'যতদিন পর্যন্ত ফিলিস্তিনের সমস্যার সঠিক সমাধান না হবে, ততদিন পর্যন্ত আল কায়দা নিজের দর্শনে অবিচল থাকবে। যতদিন পর্যন্ত জাজিরাতুল আরবসহ ইসলামি ভূখণ্ডে মার্কিনদের দখলদারত্ব বাকি থাকবে, ততদিন পর্যন্ত আল কায়দাও বাকি থাকবে।' তিনি আরও বলেন, 'পশ্চিমাদের ইসলামবিদ্বেষ সবার সামনে এখন আরও স্পষ্ট। এতে আল কায়দার দর্শন আরও শক্তিশালী হবে, যার মোকাবিলা আরব শাসকরা করতে পারবে না।'

বিশিষ্ট রাজনীতি-গবেষক খালেদ আল আম্মারের মতে, আল কায়দার মতো সংগঠন কোনো এক ব্যক্তির মৃত্যুতে দুর্বল হয়ে যাবে না; বরং আল কায়দা এখন একটি দর্শনে পরিণত হয়েছে। তিনি বলেন, বিগত কয়েক বছর ধরে বিন লাদেন শুধু প্রতীকী নেতৃত্ব পালন করেছেন। আল কায়দার যাবতীয় কর্মকাণ্ড অন্যান্য নেতৃবৃন্দ পরিচালনা করতেন।

প্রসিদ্ধ আরব সাংবাদিক ও লন্ডন থেকে প্রকাশিত আরবি পত্রিকা *আল-কুদস আল-আরাবির* সম্পাদক আবদুল বারি আতওয়ান সম্প্রতি তাঁর এক নিবন্ধে বিন লাদেনের ব্যাপারে ব্যাপক আলোচনা করেছেন। বিন লাদেনের পর এই সংগঠন কীভাবে চলবে, এ প্রশ্নের উত্তর দিয়েছেন। পশ্চিমা বিশেষজ্ঞ ও আরব রাজনীতিবিদদের মতে, 'বিন লাদেনের শাহাদাতের পর আল কায়দা দুর্বল হয়ে যাবে; কিন্তু তিনি তাদের এ মতের সঙ্গে একমত নন।' তাঁর ভাষ্যমতে, 'বিন লাদেন কাফিরদের হাতে বন্দি না হয়ে সম্মানের মৃত্যুবরণ করেছেন। এখন আল কায়দা আরও শক্তিশালী হবে। নিজেদের নেতার শাহাদাতের ঘটনায় আল কায়দার পক্ষ থেকে পশ্চিমাদের বিরুদ্ধে আরও কঠিন প্রতিশোধের সম্ভাবনাও একেবারে উড়িয়ে দেওয়া যায় না।' তিনি আরও বলেন, 'নাইন ইলেভেনের ঘটনার পর থেকেই বিন লাদেন ময়দানে অবস্থান করা নেতৃবৃন্দের হাতে সকল ক্ষমতা তুলে দিয়েছিলেন।'[২৬]

---

২৬ *আল-কুদস আল-আরাবি* : মে ২০১১।

আবদুল বারি আতওয়ান তাঁর প্রবন্ধে আরও লেখেন, ১৯৯৬ খ্রিষ্টাব্দে যখন আমি প্রথম বার আফগানিস্তানের পূর্বাঞ্চলীয় অঙ্গরাজ্য নাঙ্গারহারের তোরাবোরা এলাকায় বিন লাদেনের সঙ্গে সাক্ষাৎ করি, তখন তাঁকে আমি অন্যান্য সাধারণ আরবের চেয়ে ব্যতিক্রম দেখতে পাই। তিনি অত্যন্ত সাদাসিধে ও সম্ভ্রান্ত ব্যক্তিত্বের অধিকারী ছিলেন। খুব ধীরে ধীরে কথা বলতেন। তাঁর সামনে কথা বলা ব্যক্তির কথার মধ্যখানে কথা বলতেন না। তিনি তাঁর সঙ্গে সাক্ষাৎ করা ব্যক্তিদের অত্যন্ত সম্মান করতেন। কেউ তাঁকে কোনো ব্যাপারে প্রশ্ন করলে তিনি সংক্ষিপ্তভাবে চমৎকার উত্তর দিতেন।

আবদুল বারি আতওয়ান বলেন, আজও আমার মনে আছে, আমি তাঁকে তাঁর শেষ ইচ্ছা সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম। তিনি কিছুক্ষণ চুপ করে ছিলেন। এরপর অশ্রুসিক্ত নয়নে মাথা নেড়ে বলেছিলেন, 'আমার শেষ ইচ্ছা, শাহাদাতের মৃত্যু যেন নসিব হয়।'

বিন লাদেনের পরিজনদের মুক্ত করা আমাদের দায়িত্ব

বুরায়দা রা. হতে বর্ণিত; রাসুল সা. বলেন,

> মুজাহিদদের ঘরে থাকা স্ত্রীগণের সম্মান করা স্থানীয় লোকদের জন্য নিজের মা-বোনের মতো সম্মান রক্ষা করা আবশ্যক। যে ব্যক্তি যুদ্ধের ময়দানে গমন না করবে, সে জিহাদে গমন করা মুজাহিদের পরিবার-পরিজনদের খোঁজখবর নেওয়ার দায়িত্বশীল হবে। যদি সে এতে কোনো ধরনের খিয়ানত করে, কিয়ামতের দিন তাকে সেই মুজাহিদের সামনে দাঁড় করানো হবে, মুজাহিদ তার আমল থেকে যত পরিমাণ ইচ্ছে সাওয়াব নিয়ে যাবে।

পাকিস্তানের মুসলমান ভাইয়েরা একটু চিন্তা করুন, আমরা কি আল্লাহর কাছে এ কথা বলে পার পেয়ে যাব যে, বিন লাদেনের স্ত্রী-পরিজন পাকিস্তানের নাগরিক নন; তাঁদের খোঁজখবর নেওয়া বা পাশে দাঁড়ানো আমাদের দায়িত্ব নয়।

আসুন, অসহায় মুসলমান নারী ও শিশুদের পক্ষে আওয়াজ তুলুন। এরা মুসলমানদের সন্তান। মুসলমানদের ইজ্জত ও সম্মানের প্রতীক। এরা মুজাহিদদের সম্মান ও উম্মাহর আমানত। ১৮ কোটি মুসলমানের এ দেশ থেকে মুসলিম নারী ও শিশুদের কি কাফিরদের হাতে তুলে দেওয়া হবে? ইসলামবিদ্বেষী নরপশুদের হাতে সোপর্দ করা হবে? এসব হিংস্র পশুরা বাগরাম ও আবু গারিব কারাগারে কী-না করেছে? আফিয়া সিদ্দিকির কাহিনি কি আপনাদের মনে নেই? মনে রাখবেন, ইসলামের বন্ধনকে সব ধরনের আত্মীয়তার চেয়ে ঊর্ধ্বে মনে না করা পর্যন্ত কোনো ব্যক্তি পূর্ণ মুসলমান হতে

পারে না। ইসলামের নামে প্রতিষ্ঠিত একটি রাষ্ট্র কী করে ইসলামের বন্ধন ভুলে যেতে পারে? এ জন্যই কি পশ্চিমারা আমাদের জাতীয়তা ও দেশাত্মবোধের সবক পড়িয়েছে? ইমানি আত্মমর্যাদাবোধের প্রদর্শনী করে মুসলমান নারী-শিশুদের প্রত্যার্পণ বন্ধে সব ধরনের প্রচেষ্টা চালানো আমাদের জন্য আবশ্যক।

ইরানে কারাবন্দি হওয়া বিন লাদেনের পরিবার

নাইন ইলেভেনের হামলার পর শায়খ উসামা বিন লাদেনের পরিজনদের প্রায় ২০ জন ইরানে চলে যান। ইরান সরকার সেখানে তাঁদের আট বছর কারারুদ্ধ করে রাখে। সদ্য তাঁরা জামিনে মুক্ত হয়েছেন। ইরানে তাঁর পরিবারের যাঁরা কারারুদ্ধ ছিলেন, তাঁদের মধ্যে তাঁর ২৭ বছর বয়সি উসমান বিন লাদেন, তাঁর দুই স্ত্রী, দুই ছেলে, এক মেয়ে ও ৩০ বছর বয়সি সাদ বিন লাদেন, তাঁর দুই কন্যা, এক ছেলে, ২৫ বছর বয়সি মুহাম্মাদ বিন লাদেনের (আবু হাফসের কন্যার সঙ্গে তাঁর বিয়ে হয়েছিল) দুই কন্যা, এক ছেলে, ১৯ বছর বয়সি হামজা বিন লাদেন, তাঁর মা খায়রিয়া সাবেরিয়া, বিন লাদেনের মেয়ে ফাতিমা বিনতু লাদেন, তাঁর স্বামী ও কন্যা নাজওয়া অন্তর্ভুক্ত ছিল।

বিন লাদেনের হত্যাকাণ্ডে বিশ্বব্যাপী মুসলমানদের প্রতিক্রিয়া

- পাকিস্তানের পেশোয়ার, করাচি, লাহোর, কোয়েটা, মুলতানসহ বিভিন্ন শহরে বিন লাদেনের গায়েবানা জানাজা আদায় করা হয়। শুক্রবার দেশব্যাপী বিভিন্ন মসজিদে তাঁর জন্য বিশেষ দুআ করা হয়। বেলুচিস্তানে জমিয়তে উলামায়ে ইসলাম তাঁর পক্ষে প্রতিবাদমিছিল বের করে। পার্লামেন্ট বৈঠক চলাকালে মুফতি কিফায়াতুল্লাহ তাঁর জন্য মাগফিরাত কামনা করেন।
- অধিকৃত কাশমিরের অধিকাংশ মসজিদে বিন লাদেনের গায়েবানা জানাজা আদায় করা হয়। সাইয়িদ আলি গিলানি শ্রীনগরে জুমুআর সালাতের পর তাঁর গায়েবানা জানাজার ইমামতি করেন।
- ৬ মে শুক্রবার মিসরে বিন লাদেন-দিবস পালন করা হয়। কায়রোর হাজারো মুসলমান তাঁর গায়েবানা জানাজা আদায় করেন।
- ইন্দোনেশিয়ার তানজিম আল কায়দা সোলোর আহ্বানে বহুসংখ্যক মুসলমান প্রতিবাদমিছিলে অংশগ্রহণ করেন। এই মিছিলে মুখ ঢাকা যোদ্ধারা বিন লাদেনের শাহাদাতের বদলা নেওয়ার ঘোষণা দেন।

- মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে মুসলমানরা বিন লাদেনের পক্ষে মিছিল বের করেন।
- তুরস্কের ইস্তাম্বুলের প্রসিদ্ধ ফাতিহ মসজিদে বহুসংখ্যক মুসলমান বিন লাদেনের গায়েবানা জানাজায় অংশগ্রহণ করেন। অতঃপর তাঁরা মসজিদের বাইরে মার্কিনদের বিরুদ্ধে স্লোগান দেন।
- লেবাননের বিভিন্ন শহর ও রাজধানী বৈরুতের বিভিন্ন জায়গায় বিন লাদেনের গায়েবানা জানাজা আদায় করা হয়। সেখানে অবস্থানরত ফিলিস্তিনিরা দলে দলে এসব জানাজায় অংশগ্রহণ করেন।

  শায়খ উমর বাকরি মুসলমানদের পরামর্শ দিয়েছিলেন, বিন লাদেনের গায়েবানা জানাজা ও প্রতিবাদসভাগুলো যেন মার্কিন দূতাবাস ও কনস্যুলেটের সামনে আদায় করা হয়, যাতে মার্কিনরা এতে প্রভাবিত হয়।
- মধ্য-লন্ডনে হাজারো মুসলমানের উপস্থিতিতে বিন লাদেনের গায়েবানা জানাজা আদায়ের পর মার্কিন দূতাবাস-অভিমুখে প্রতিবাদমিছিলের আয়োজন করা হয়।
- রাশিয়ার রাজধানী মস্কোতে মুসলমানরা বিন লাদেনের পক্ষে প্রতিবাদমিছিল করেন।
- ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় জুমুআর সালাতের পর লাদেনের গায়েবানা জানাজা আদায় করা হয়। অতঃপর শায়খ জামিল ইয়াহিয়ার নেতৃত্বে তাঁরা মার্কিন দূতাবাসের বাইরে মার্কিনবিরোধী স্লোগান দেন।
- ইউক্রেনের রাজধানীতে মুসলমানরা বিন লাদেনের স্মরণসভার আয়োজন করেন।

বিশ্বব্যাপী আয়োজিত এসব গায়েবানা জানাজা ও প্রতিবাদসভাগুলো বিভিন্ন দেশের মিডিয়ায় ব্যাপক কভারেজ পায়।

- তাহরিকে সদর ও অল পাকিস্তান ব্যবসায়ী পরিষদের কেন্দ্রীয় চেয়ারম্যান তারিক মাহমুদের সভাপতিত্বে আয়োজিত সম্মেলনে সাধারণ সম্পাদক সুলতাম মাহমুদ মালিক, সহসভাপতি চৌধুরী মাহবুব সুবহানি, সিনিয়র ভাইস চেয়ারম্যান রাও ইফতিখার আহমাদ প্রমুখ মার্কিন খুনিদের হাতে বিন লাদেনের শাহাদাতের তীব্র নিন্দা জানান। মুলতান এমসিসি গ্রাউন্ডে তাঁর গায়েবানা জানাজা আদায় করা হয়।[২৭]

---

২৭ *রোজনামা ইসলাম ৪ মে ২০১১।*

ষষ্ঠ অধ্যায়

বিন লাদেনের ব্যাপারে
পাকিস্তানি আলিমদের অভিমত

মুফতি নিজামুদ্দিন শামজায়ির ঐতিহাসিক ফাতওয়া

১৯৯৮ খ্রিষ্টাব্দে ইসলামের সিংহ শায়খ উসামা বিন লাদেনকে মার্কিন কমান্ডোদের মাধ্যমে গ্রেপ্তারের জোর প্রচেষ্টা চালানো হয়। তাঁর অবস্থান লক্ষ্য করে ক্রুজ মিসাইল হামলা চালানো হয়। পাকিস্তান এ ক্ষেত্রে মার্কিনদের সহযোগিতা করতে পারে, এমন সম্ভাবনা তৈরি হওয়ায় মাওলানা নিজামুদ্দিন শামজায়ি বিন লাদেনকে গ্রেপ্তার বা শহিদ করা হলে পাকিস্তানে জিহাদ ফরজ হওয়ার ব্যাপারে এক দুঃসাহসিক ফাতওয়া প্রদান করেন।

শামজায়ি রাহ. তাঁর সেই ঐতিহাসিক ফাতওয়ায় বলেন,

> বিন লাদেনকে গ্রেপ্তার বা হত্যা করা হলে শরিয়তের দৃষ্টিতে এর সঙ্গে জড়িত দেশিবিদেশি সকল শক্তি ও সরকারের বিরুদ্ধে জিহাদ করা ফরজে পরিণত হবে। কেননা, তিনি বর্তমান বিশ্বে জিহাদ ও ইসলামের বিজয়পতাকার ধারণকারী। তিনি নিজের জানমাল দিয়ে ইসলামকে বিজয়ী করার আপ্রাণ প্রচেষ্টা চালাচ্ছেন। এ জন্য জীবনের সকল আরাম-আয়েশ ত্যাগ করে কষ্টের জীবন বেছে নিয়েছেন। পাকিস্তান সরকার ও তার গোয়েন্দাসংস্থার মদদ ব্যতীত তাঁকে গ্রেপ্তার করা সম্ভব নয়। যদি তাঁকে গ্রেপ্তার করা হয়, তাহলে শুধু পাকিস্তানের সাহায্যেই এটি সম্ভব। তাই আমি ফাতওয়া দিচ্ছি, যদি এমনটি হয় তাহলে মুসলমানদের জন্য, বিশেষত পাকিস্তানি মুসলমানদের জন্য বর্তমান সরকারের বিরুদ্ধে জিহাদ করা ফরজ বলে গণ্য হবে।
>
> পাকিস্তান ও সৌদি সরকার বিন লাদেনের গ্রেপ্তারে মনোযোগী হওয়ার পরিবর্তে নিজেদের মার্কিন দাসত্ব থেকে মুক্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রাখা উচিত। বর্তমানে লাখ লাখ মার্কিন ইহুদি-খ্রিষ্টান সেনা সৌদিআরব ও মধ্যপ্রাচ্যের

তেল উৎপাদনকারী অন্য দেশগুলোতে অবস্থান করছে। এসব দেশের সরকার তাদের যাবতীয় ব্যয়ভার বহন করছে। তাদের জন্য শুকর ও মদ পরিবেশন করছে। তাদের জৈবিক চাহিদা মেটাতে মুসলমান নারীদের ব্যবহার করছে। তাই শরিয়তের দৃষ্টিতে এসব দেশের নাগরিকদের জন্য তাদের শাসকদের বিরুদ্ধে বিদ্রোহ করে ক্ষমতাচ্যুত করা আবশ্যক।

বর্তমানে আমেরিকা ও পশ্চিমা দেশগুলো আরবদের তেলসম্পদ নামমাত্র মূল্যে ডাকাতি করে নিয়ে যাচ্ছে। মুসলমান কাপুরুষ শাসকদের অবহেলায় তাদের বিলিয়ন বিলিয়ন ডলারের লোকসান সহ্য করতে হচ্ছে। তাই শরিয়তের বিধানমতে তাদের পদচ্যুত করা আবশ্যক।

আল্লাহর কৃপায় বর্তমানে মুসলিম যুবাদের মধ্যে জিহাদি চেতনা পরিলক্ষিত হচ্ছে। এতে আফগানিস্তানের পাশাপাশি বিন লাদেনের ব্যক্তিত্বও গুরুত্বপূর্ণ নিয়ামকের ভূমিকা পালন করছে। তাঁকে গ্রেপ্তার বা হত্যা করা পাকিস্তান সরকারের মদদ ব্যতীত কোনোভাবেই সম্ভব নয়। যদি এমনটি হয়, তাহলে এ পরিকল্পনা রুখে দিতে পাকিস্তানি মুসলমানদের জিহাদে নেমে পড়া আবশ্যক হবে। আমি আফগানিস্তানের ইসলামি সরকার ও তালেবানদের দৃষ্টি আকর্ষণ করছি, যদি আফগানিস্তানে বিন লাদেনের গায়ে কোনো আঁচড় লাগে, তাহলে তালেবানরা বিশ্বমুসলমানদের সহমর্মিতা হারাবে। আমি দেশব্যাপী আলিমগণের কাছে আবেদন করছি, তারা যেন বক্তব্য ও লেখনীর মাধ্যমে জনসাধারণকে এসব চক্রান্ত সম্পর্কে অবহিত করেন।[২৮]

জামিয়াতুর রশিদের প্রতিষ্ঠাতা মুফতি রশিদ আহমাদ

১৯৯৮ খ্রিষ্টাব্দে বিন লাদেন মুফতি রশিদ আহমাদ বরাবর এক পত্র লিখে তাঁর কাছে সাহায্যের আবেদন করেন। প্রত্যুত্তরে ১৯৯৮ খ্রিষ্টাব্দের রমজানে মুফতি রশিদ আহমাদ তাঁর সঙ্গে সাক্ষাতের জন্য আলিমদের একটি প্রতিনিধিদল পাঠান।

প্রতিনিধিদলের একজন প্রখ্যাত আলিম শায়খ উসামা বিন লাদেনের সঙ্গে সাক্ষাতের বৃত্তান্ত তুলে ধরে বলেন, আমরা যখন বিন লাদেনের সঙ্গে সাক্ষাতের জন্য পৌঁছাই, তাঁর দেহরক্ষীদের আমরা পরিচয় দিয়ে বলি, 'আমরা জামিয়াতুর রশিদের দারুল ইফতা থেকে এসেছি।' দেহরক্ষীরা আমাদের জানান, 'শায়খ গত রাতে আপনাকে এবং মাওলানা ফজল মুহাম্মাদকে স্বপ্নে দেখেছেন।'

---

২৮ ড. মুফতি নিজামুদ্দিন শামজায়ি

ইতিমধ্যে ইফতারের সময় হলে বিন লাদেনসহ আরব মুজাহিদগণ রাফয়ে ইয়াদাইন না করে হানাফি মাজহাবমতো সালাত আদায় করেন। অতঃপর আরব রীতিনীতিতে আমাদের আপ্যায়ন করানো হয়। আমরা সকলেই খাওয়া-দাওয়া করি। এরপর বিন লাদেনের সঙ্গে আমাদের বৈঠক হয়। তিনি আমাদের প্রশ্ন করেন, 'পাকিস্তানবাসী আমার ব্যাপারে কেমন মনোভাব পোষণ করে?' আমি উত্তরে বলি, 'পাকিস্তানবাসী আপনার জন্য উৎসর্গপ্রাণ। তারা আপনার নামে নিজেদের সন্তানদের নাম রাখে।'

তিনি বলেন, 'পাকিস্তানের আলিমরা মিডিয়া কেমন ব্যবহার করেন? সৌদিআরবের আলিমরা তো ব্যাপকভাবে মিডিয়া ব্যবহার করেন এবং এর মাধ্যমে জিহাদের দাওয়াত দিয়ে থাকেন।' আমি বলি, 'আমাদের আলিমগণ মিডিয়ার ব্যবহার তেমন পছন্দ করেন না।' উত্তরে তিনি বলেন, 'মিডিয়ার মাধ্যমে ব্যাপকভাবে দীনের প্রচার-প্রসার করা যায় এবং জিহাদের দাওয়াত দেওয়া যায়।' আমি বলি, 'ইসলামের দাওয়াত স্বাভাবিক পন্থায় হওয়া উচিত।' তিনি চুপ হয়ে যান।

অবশ্য পরবর্তী সময়ে মুফতি রশিদ আহমাদ মিডিয়ার মাধ্যমে জিহাদের দাওয়াতের বৈধতার ঘোষণা দিয়েছিলেন। যখন আমরা তাঁর থেকে বিদায় নিই, তখন তিনি নিজেই গাড়ি পর্যন্ত আমাদের এগিয়ে দেন এবং আমাকে একটি ছড়ি হাদিয়া দেন। এরপর কান্দাহারের গভর্নর মুহাম্মাদ হাসান পুরো শহর আমাদের ঘুরিয়ে দেখান এবং শহিদানের কবর জিয়ারত করান। রাস্তায় আমরা আরও কিছু কবর দেখতে পাই। আমাদের জানানো হয়, রুশবাহিনী এখানে বিভিন্ন আলিমদের শহিদ করে। পরবর্তী সময়ে তিনি একজন মুজাহিদের মাধ্যমে আমার কাছে কুরআনের একটি নুসখা ও এক সেট পোশাক পাঠান এবং আমার কাছে কম্পাস চেয়ে পাঠান, যা আমি তাঁর বরাবর পাঠিয়ে দিই।

মুফতি মাওলানা আতিকুর রহমান

উসামা শব্দের অর্থ বনের রাজা, যার হুংকারে বনের সকল পশু তার সামনে নতি স্বীকার করে। উসামা বিন লাদেন তাঁর নামের যথার্থতা প্রমাণ করেছেন, তিনি সত্যিকারার্থেই ছিলেন ইসলামের সিংহ, যাঁর হুংকারে কাফিরদের সভাসদরা কেঁপে ওঠে। কাফিরবিশ্বের জন্য তিনি এক দুঃস্বপ্নে পরিণত হয়ে উঠেছিল। যাঁর ভয়ে ইহুদি-খ্রিষ্টান ও তাদের অনুসারীরা আতঙ্কে কেঁপে ওঠে, তাদের নিদ্রা হারাম হয়ে যায়। যাঁর আতঙ্কে মার্কিনদের জন্য পৃথিবী আজ সংকীর্ণ হয়ে আসছে। মার্কিনরা পৃথিবীর বিভিন্ন অঞ্চল থেকে নিজেদের দূতাবাস বন্ধ করে পালিয়ে যাচ্ছে। সে দিন বেশি দূরে নয়, যে দিন আমেরিকার ঘরবাড়িগুলোও ইহুদি-খ্রিষ্টানদের আশ্রয় দেওয়ার উপযুক্ত

থাকবে না। বিন লাদেন ও তাঁর পরিবার বহুদিন ধরে বিন লাদেন কোম্পানির মাধ্যমে হারামাইন শরিফাইনের নির্মাণ ও দেখাশোনার দায়িত্ব পালন করেছেন। প্রায় ২০ বছর যাবৎ আল্লাহর ঘরের খিদমাত আনজাম দিচ্ছেন। হয়তো এর বদৌলতেই মহান আল্লাহ তাঁর মাধ্যমে জিহাদ ও খিলাফতের পুনর্জাগরণ তৈরি করেছেন।

তিনি জিহাদি কর্মকাণ্ড শুরু করলে আমেরিকার সুদৃষ্টি পেতে সৌদির রাজপরিবার তাঁর নাগরিকত্ব কেড়ে নেয়। ফলে তিনি নির্বাসিত জীবনযাপন শুরু করেন। তিনি বিলিয়ন ডলারের সম্পদ হাতছাড়া করতে রাজি ছিলেন; কিন্তু ইসলামি খিলাফত প্রতিষ্ঠার আন্দোলন থেকে বিচ্যুত হতে রাজি ছিলেন না। এসব ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে আজ তিনি মুসলিম উম্মাহর হৃদয়ের স্পন্দন হিশেবে পরিণত হয়েছেন। মুজাহিদদের সবচেয়ে প্রিয়তম নেতায় পরিণত হয়েছেন। আল্লাহর দরবারে তাঁর মর্যাদা ও সম্মানের অনুধাবন করা যাবে পরকালে; কিন্তু ইহকালেই তিনি নিজের ব্যক্তিত্ব ও মর্যাদা প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন।

রাসুল সা. যেমন উসামা বিন জায়েদ রা.-কে ইহুদি-খ্রিষ্টানদের সম্মিলিত শক্তির বিরুদ্ধে সেনাপতি নির্বাচিত করে পাঠিয়েছিলেন, তেমনিভাবে আল্লাহ আজ উসামা বিন লাদেনকে আরবের বিলিয়নিয়ার পরিবারের বিলাসী জীবনের পরিবর্তে আফগানিস্তানে পাহাড়ি ভূমিতে কাফিরদের জন্য মূর্তিমান আতঙ্ক হিশেবে পাঠিয়েছেন। ইসলামের শত্রুদের জন্য মৃত্যুপয়গামে পরিণত করেছেন।

লাল মসজিদের প্রতিষ্ঠাতা মাওলানা আবদুল্লাহ শহিদের কবিতা

ইসলামাবাদের লাল মসজিদের প্রতিষ্ঠাতা মাওলানা আবদুল্লাহকে 'তাহফফুজে হারামাইন'-এর ব্যাপারে দুঃসাহসিক আলোচনার অপরাধে শহিদ করে দেওয়া হয়েছে। মূলত শায়খ উসামা বিন লাদেনের কাছ থেকেই তিনি হারামাইনের হিফাজতের প্রেরণা পেয়েছিলেন। ১৯৯৮ খ্রিষ্টাব্দের অক্টোবর মাসে তিনি শাহাদাতের কয়েক সপ্তাহ পূর্বে বিন লাদেনের ব্যাপারে আরবিতে প্রশংসামূলক কবিতা রচনা করেছিলেন। এই কবিতা থেকে বিন লাদেনের সঙ্গে আলিমদের সখ্যের অনুমান করা যায়। বিন লাদেন শুধু সাধারণ মানুষেরই নয়; আলিমগণের ভালোবাসায়ও সিক্ত ছিলেন।

উসামা উত্তম অশ্বারোহী
রণাঙ্গনের যোদ্ধাদের মধ্যে তিনি শ্রেষ্ঠতম।
তিনি সৌদিআরবের একজন মর্দে মুজাহিদ
যিনি মার্কিনদের তোপের শিকার।

কিন্তু তিনি কোনো পরোয়া করেন না
কোনো ধরনের ভীতি বা শঙ্কাও অনুভব করেন না।
আমেরিকা তাঁকে ধ্বংস করতে প্রত্যয়ী
কিন্তু তিনি নিজ লক্ষ্য থেকে ফিরে যেতে রাজি নন।
বস্তুত উসামা একজন সাহসী নেতা
ও কিছু করে দেখাতে প্রত্যয়ী।
অনেক আগে তিনি সৌদি থেকে হিজরত করে এসেছেন
তিনি অত্যন্ত সম্ভ্রান্ত ও দানশীল ব্যক্তি।
আমরা তাঁকে দেখেছি অত্যন্ত বিচক্ষণ ও স্বাধীনচেতা হিশেবে
তিনি অত্যন্ত আত্মমর্যাদাবোধসম্পন্ন ও শিষ্টাচারী।
তিনি এখন আফগান জাতির মেহমান
আর আফগানিরা জাতিগতই সদাচারী।
তারা প্রচণ্ড আত্মমর্যাদাবোধসম্পন্ন, যখন তারা সিংহে পরিণত হয়
তখন তারা শত্রুকে ধ্বংস করে অথবা নিজে মৃত্যুবরণ করে।
আমরা আন্তরিক অভিনন্দন জানাই দুঃসাহসী ওই জাতিকে
যারা বিপদাপদ ও কষ্ট-ক্লেশে সাহায্য করে অবিচল থাকে।
আশা করি আল্লাহ তাদের মুক্তি দেবেন এমন বিপদ থেকে,
যা তাদের মনোবল ভেঙে দিতে পারে।
আমি সাক্ষাতে তাঁকে পেয়েছি একজন অসমসাহসী বীর হিশেবে
তিনি একজন সম্মানিত মেহমান, আল্লাহ তাঁর মর্যাদা সমুন্নত করুন।
তাঁকে আল্লাহ কল্যাণ ও ভালো জিনিসের বড় অংশ দিয়েছেন,
তিনি অত্যন্ত সাহসী ও মর্যাদাবান ব্যক্তি।
হে মানুষের প্রভু, তাঁর ওপর দয়া করুন।
তাঁকে কঠিন বিপদাপদ ও কষ্ট-ক্লেশ থেকে মুক্তি দিন।
আমি আবদুল্লাহ তাঁর উঁচু হিম্মত ও দৃঢ়প্রতিজ্ঞার প্রশংসাকারী
আমি তাঁর একান্তভাজন একনিষ্ঠ ব্যক্তিদের অন্তর্ভুক্ত।

মাওলানা আজম তারিকের বক্তব্য

২০০১ খ্রিষ্টাব্দে খানপুরে জামিয়া আবদুল্লাহ বিন মাসউদের সম্মেলনে মাওলানা আজম তারিক এক ঐতিহাসিক বক্তব্য দিয়েছিলেন। সম্মেলনে মাওলানা সামিউল হক, আল্লামা আলি শের হায়দারিসহ বরেণ্য আলিমগণ উপস্থিত ছিলেন।

মুহতারাম মাওলানা শফিকুর রহমান দরখাস্তি ও উপস্থিত আলিমগণ, নওজোয়ান সাথি ও দূর থেকে আগত ইসলামি আত্মমর্যাদাবোধসম্পন্ন মুসলমান ভাইয়েরা, জামিয়া আবদুল্লাহ বিন মাসউদের তিন দিনব্যাপী ইসলামি জলসার আজ সমাপনী বৈঠক চলছে। কিছুক্ষণের মধ্যে সিপাহে সাহাবার প্রধান আল্লামা আলি শের হায়দারি সমাপনী বক্তব্য পেশ করবেন। ইতিমধ্যে আপনাদের সামনে জিহাদি সংগীত ও জমিয়তনেতা মাওলানা সামিউল হক তাঁর যুগোপযোগী বক্তব্য তুলে ধরেছেন। আপনারা সকলেই অবগত আছেন, বর্তমান বিশ্বের বড় সন্ত্রাসী শয়তানের এজেন্ট আমেরিকা ও তার মিত্রশক্তি তালেবানদের উপর হামলা করেছে। আমি মনে করি না, এ ঘটনার পর বিশেষ কোনো বক্তব্যের প্রয়োজন আছে।

তিনি ভিন্ন ভিন্ন শত্রুর বিরুদ্ধে আলাদা আলাদা পরিকল্পনা গ্রহণ করেছিলেন। আল কায়দার নীতিমালায় তিনি পরিপূর্ণভাবে তা বুঝাতে সক্ষম হয়েছিলেন। ছোট ছোট দেশগুলোতে বোমা হামলা বা আত্মঘাতী হামলার পরিকল্পনা গ্রহণ করলেও রাশিয়া ও আমেরিকার মতো বড় দেশগুলোর বিরুদ্ধে তাঁর কর্মপদ্ধতি ছিল সম্পূর্ণ ভিন্ন। তিনি সুকৌশলে তাদের দীর্ঘস্থায়ী যুদ্ধে জড়ানোর ফাঁদে ফেলেন, যা তাদের শক্তি খর্ব করে দিতে পারে। তাঁর মতে, দীর্ঘস্থায়ী যুদ্ধের মাধ্যমে এমন পরাশক্তিকে হারিয়ে দেওয়া সম্ভব। এই কৌশলে যেকোনো দেশকে অর্থনৈতিকভাবে দুর্বল করে দেওয়া যায়। ধারাবাহিকভাবে সেনাদের হতাহত হওয়ায় সরকারের ওপর জাতীয়ভাবে চাপ তৈরি হয়।

যুদ্ধক্ষেত্রে তাঁর সঙ্গে বিভিন্ন দেশের জিহাদিরা অংশগ্রহণ করতেন, যারা আত্মসমর্পণের পরিবর্তে জীবন বিসর্জন দিতে রাজি থাকতেন। এই সমরকৌশলেই তিনি আফগানযুদ্ধে সোভিয়েত ইউনিয়নকে পরাজিত করতে সক্ষম হয়েছিলেন। রুশবাহিনী নিজেদের অস্ত্রশস্ত্র ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়েছিল। বিন লাদেন ভাবছেন, মার্কিনরা আফগানিস্তানে রুশদের ভাগ্যবরণ করবে। আসলেই তাঁর পরিকল্পনা সফলতার দ্বারপ্রান্তে উপনীত হয়েছে। এ যুদ্ধের ফলে মার্কিনদের অর্থব্যবস্থা ভঙ্গুর হয়ে পড়ছে। তারা এখন ইরাক-আফগানযুদ্ধে আগ্রহ হারিয়ে ফেলেছে। জনগণ যুদ্ধের বিরুদ্ধে অবস্থান নিচ্ছে। আমেরিকার জাতীয় নির্বাচনে প্রেসিডেন্ট পদপ্রার্থী বারাক ওবামা তার নির্বাচনী ইশতেহারে দিয়েছিলেন, তিনি বিজয়ী হলে এসব যুদ্ধ সমাপ্ত করবেন, ইরাক ও আফগানিস্তান থেকে নিজেদের সেনা ফিরিয়ে নেবেন।

বিন লাদেন ধরা পড়েছেন, মার্কিনরা তাঁকে হত্যা করেছে; কিন্তু বলতে হবে তিনি ইতিহাসের এমন একক ব্যক্তি, যিনি দু-দুটি বিশ্ব-পরাশক্তির বিরুদ্ধে লড়াই করেছেন। একটিকে পরিপূর্ণরূপে পরাজিত করেছেন, অন্যটিকে পরাজয়ের দ্বারপ্রান্তে এনে তিনি মৃত্যুবরণ করেছেন। ভবিষ্যতে মার্কিন বাহিনী যদি আফগানিস্তান থেকে ফিরে যায়; আর তালেবানরা আফগানিস্তানে পুনরায় ইসলামি হুকুমত প্রতিষ্ঠা করতে সক্ষম হয়, নিঃসন্দেহে এর কৃতিত্ব থাকবে উসামা বিন লাদেনের।

উসামা বিন লাদেনের মৃত্যু নিঃসন্দেহে আল কায়দার জন্য মারাত্মক আঘাত। পুরো বিশ্বের চোখে সন্ত্রাসী হলেও তিনি একজন ক্যারিশম্যাটিক নেতা ছিলেন—এ কথা অস্বীকারের উপায় নেই। কোটি কোটি মানুষ আজও তাঁর অনুসারী। কে না চেনে বিন লাদেনকে? শিশু-কিশোরদের মুখে মুখেও তিনি আলোচিত ব্যক্তি। পুরো পৃথিবীর কোটি কোটি মানুষ বিশ্বাস করে, বিন লাদেন একজন ধনাঢ্য আরব বিলিয়নিয়ার। ইসলামের শত্রুদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য তিনি নিজের ভোগবিলাস ত্যাগ করে ময়দানে এসেছেন।

তাঁর সন্ত্রাসবাদী কর্মকাণ্ডের কঠোর সমালোচকরাও তাঁর প্রশংসা করতে বাধ্য। তারা নির্দ্বিধায় স্বীকার করেন, বিন লাদেন সত্যিকারার্থেই মার্কিনদের চ্যালেঞ্জ করতে পেরেছিলেন। তাঁর কর্মকাণ্ড প্রশ্নবিদ্ধ হতে পারে; কিন্তু এ কথা অস্বীকার করার সুযোগ নেই, তিনি ধীরে ধীরে একটি আন্তর্জাতিক সংঘবদ্ধ দল তৈরি করেছেন, যার ভয়ে শক্তিধর রাষ্ট্রগুলোও তটস্থ থাকত। তিনি কোনো সাধারণ সন্ত্রাসী ছিলেন না; বরং তিনি মার্কিন বিরোধিতার প্রতীকে পরিণত হয়েছিলেন।

আমেরিকা ফিলিস্তিন, আফগানিস্তান ও ইরাকে দখলদারত্ব প্রতিষ্ঠিত করছে। তেল-গ্যাসের জন্য মধ্যপ্রাচ্যের সরকারদের সঙ্গে আঁতাত করে সাধারণ নাগরিকদের ক্ষেপিয়ে তুলছে। মুসলিমবিশ্বের জনগণ মার্কিনদের ভালো চোখে দেখে না, শত্রু মনে করে। এসকল মানুষের জন্য তিনি মহানায়ক হিশেবে আত্মপ্রকাশ করেছিলেন। এ কারণে বিশ্বব্যাপী মুসলিম দেশগুলোতে তাঁর অসংখ্য অনুসারী রয়েছে। মৃত্যুর পর তাঁর অনুসারীরা প্রকাশ্যে তাঁর গায়েবানা জানাজা আদায় করে। তিনি কোনো সন্ত্রাসী নন; বরং একটি দর্শন হয়ে বেঁচে থাকবেন। তিনি ইসলামি সভ্যতা ও খ্রিষ্টান সভ্যতার মধ্যে যে বিভেদরেখা এঁকে দিয়েছিলেন, এখন বিশ্বজুড়ে তা স্পষ্টভাবে দৃশ্যমান হচ্ছে।

এ কথা সকলেই মানতে বাধ্য যে, আমেরিকা ও ইউরোপ ইসলামি সভ্যতা ধ্বংসের চেষ্টা চালাচ্ছে। তিনি এ কথা বুঝাতে সক্ষম হয়েছিলেন, মার্কিনরা পশ্চিম এশিয়ার মুসলমান জনগণের ওপর নিজেদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক মতবাদ চাপিয়ে দিতে চায়। তিনি এ-ও বুঝাতে পেরেছিলেন, আমেরিকা ও ইউরোপীয় দেশগুলোর শক্তি খর্ব করতে তাদের বিরুদ্ধে লড়াইয়ের বিকল্প নেই। মুসলিম শাসকরা মার্কিনদের বিরুদ্ধে লড়াইয়ের ক্ষমতা হারিয়েছে, এ জন্য নিজেদেরই ময়দানে নামতে হবে। তাদের বিরুদ্ধে জিহাদ করা ইসলামের বিধান।

তাঁর এই দর্শন ও মতবাদ উগ্র হলেও মুসলিম যুবসমাজকে চরমভাবে প্রভাবিত করতে সক্ষম হয়। এমনকি এর জন্য তারা নিজেদের উৎসর্গ করতেও প্রস্তুত হয়ে ওঠে। বিন লাদেনের হাতেগড়া তানজিম আল কায়িদার আত্মত্যাগীদের সমন্বয়ে গঠিত একটি লড়াকু বাহিনী। ইউরোপ, উত্তর আমেরিকা, মধ্য ও পশ্চিম এশিয়ার চল্লিশের অধিক দেশে এ সংগঠনের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

কলামিস্টদের চোখে বিন লাদেন

শায়খ উসামা বিন লাদেনকে আল্লাহ এমন মর্যাদা দান করেছিলেন, তাঁর অনুসারীদের বাদ দিলেও বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষ এমনকি সেকুলার মতবাদের কলামিস্ট-গবেষকরাও তাঁর প্রশংসায় পঞ্চমুখ ছিলেন। তাঁর ব্যাপারে নামকরা কজন কলামিস্টের মন্তব্য পাঠকের সামনে তুলে ধরতে চাই। যদিও তাদের বিভিন্ন মতের সঙ্গে আমরা একমত নই।

উসামা বিন লাদেনের শাহাদাতের পর

আবদুল কাদির হাসান, দৈনিক এক্সপ্রেস

সৌদিআরবের এক ধনাঢ্য নাগরিক, যিনি নিজের ধনসম্পদ ও পরিজনদের ছেড়ে আল্লাহর রাস্তায় জিহাদের ময়দানে পা রেখেছিলেন, শেষ-অবধি পাকিস্তানের মাটিতে তিনি তাঁর কাঙ্ক্ষিত শাহাদাতের মর্যাদাপ্রাপ্ত হয়েছেন। নিঃসন্দেহে তিনি বর্তমান যুগের সবচেয়ে বড় শহিদ। বিশ্বমানচিত্রে বহু ইসলামি দেশেরই অস্তিত্ব দেখা যায়; অথচ যিনি ইসলামের জন্য নিজের সর্বস্ব বিলিয়ে দিয়েছেন, তাঁর মৃত্যুর পর ইসলামি দেশগুলোর লাখো-কোটি একর জমিনে তাঁর জন্য দু-গজ জায়গা বরাদ্দ হয়নি।

তিনি বিশ্বকে দেখিয়ে দিয়েছেন ইসলামের বিজয়পতাকা বহনকারী ও ইসলামের জন্য আত্মত্যাগকারীরা অমর। হয়তো বিশাল এই ভূপৃষ্ঠে তাঁর একটুখানি কবরের জায়গা হয়নি; কিন্তু তাঁর ইমান-উদ্দীপক ঘটনাবলি মানবেতিহাসে অমর হয়ে থাকবে। তিনি পশ্চিমা আধিপত্যের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন এবং মুসলিমবিশ্বের প্রতিরোধযুদ্ধের প্রতীকে পরিণত হয়েছিলেন।

তিনি বলেছিলেন, 'আমি কখনো শত্রুদের হাতে জীবিত বন্দি হব না।' তিনি অসুস্থ অবস্থায়ও প্রচণ্ড লড়াই করে শাহাদাতবরণ করেছেন। তিনি তাঁর উচ্চশিক্ষা ও অঢেল সম্পত্তি আল্লাহর জন্য কাজে লাগিয়েছেন। তাঁর সৌভাগ্য যে, আল্লাহ তাঁর এই ত্যাগ

কবুল করেছেন। তিনি আজ কাফিরদের হাতে বন্দি না হয়ে বরং শাহাদাতের অমীয় সুধা পান করেছেন। অনাগত মুসলিম প্রজন্ম তাঁকে শহিদ হিশেবে স্মরণ করবে।

আদর্শের মৃত্যু নেই

মুহাম্মাদ ইউনুস কাসেমি, উরদুপয়েন্ট

উসামা বিন লাদেন অমর। তিনি এমন মহান মর্যাদার অধিকারী হয়েছেন, যা ছিল অসংখ্য মহামানবের জীবনের আরাধ্য। মার্কিনরা ভেবেছে, হয়তো বিন লাদেনকে হত্যা করলে তাঁর মিশন সমাপ্ত হবে, বস্তুত এটা তাদের ভুল ধারণা। আদর্শের জনকেরা মৃত্যুবরণ করেন না; আদর্শের বীজ বপন করে মাটিতে সমাহিত হন শুধু। শস্যবীজের মতো সেখান থেকে তাঁদের অজস্র সৈনিকের জন্ম হয়, যা সূচনা করে নতুন বিপ্লবের। বিন লাদেন ও তাঁর সহযোদ্ধারা আজ যে আদর্শের চাষ করছেন, যে দিন এর ফসল ফলবে, আমেরিকার মতো পরাশক্তি তখন নিশ্চিহ্ন হয়ে যাবে।

উসামা বিন লাদেনের ভীতি

মকবুল জান, দৈনিক এক্সপ্রেস

যাঁর মৃতদেহের ছবি প্রকাশ করতেও মার্কিন নিরাপত্তাবাহিনী আতঙ্কে ভোগে, না জানি কতদিন পর্যন্ত তাঁর ভয় মার্কিনদের মনে বিরাজ করবে। হয়তো তাদের কয়েক প্রজন্ম তাঁর ভয়ে তটস্থ থাকবে।

আজ সকালে আমি ইসরাইলের প্রতিষ্ঠাবার্ষিকীতে ইসরাইল-লেবানন সীমান্তে দাঁড়িয়ে নিরীহ ফিলিস্তিনিদের প্রতিবাদমিছিল দেখছিলাম। হঠাৎ টিয়ারশেল নিক্ষেপণ ও গোলাগুলি শুরু হয়। ফিলিস্তিনিরা আহতদের একদিকে রেখে এসে আবার স্লোগান ধরে। এতে প্রায় ১২ জন নিরীহ ফিলিস্তিনি শাহাদাতবরণ করেন। লেবাননের রাস্তাঘাটে প্রায়শই দুটি বিষয়ের দেখা মেলে—তাদের সকলে, এমনকি শিশু-কিশোরেরাও ইসরাইলকে ফিলিস্তিনের ভূখণ্ড মনে করে। এই দেশটি ফিলিস্তিনের ওপর বর্বর নির্যাতনের সাক্ষী। তাদের সামনে ঘটেছে সাবিরা-শাতিলার বোমা হামলা। তারা বহন করেছে অসংখ্য ফিলিস্তিনি নারী ও শিশুর মৃতদেহ।

আরেকটি বিষয়, এখানে আমাকে পাকিস্তানি হিশেবে পরিচয় পেলেই যে-কেউ প্রথম যে প্রশ্নটি করে, বিন লাদেনকে কি শহিদ করে দেওয়া হয়েছে? আমি অস্পষ্ট উত্তর দিয়ে এড়িয়ে যাওয়ার চেষ্টা করি। তাদের অধিকাংশের মতে, আমেরিকা ও ইসরাইলের অত্যাচারের বিরুদ্ধে তিনি ছিলেন লৌহপ্রাচীর। যে জাতি প্রতিনিয়ত

আমেরিকা ও ইসরাইলের বোমা হামলার শিকার হচ্ছে, প্রিয়জন হারাচ্ছে, ঘরবাড়ি হারাচ্ছে, নিঃসন্দেহে তারা বিন লাদেনের কণ্ঠে সম্মোহন অনুভব করেন এবং তাঁর মৃত্যুতে মর্মাহত হবেন।

প্রতি ঘরেই উসামারা জন্ম নেবে

মুজাফফর এজাজ, দৈনিক জাসারাত

উসামা একটি দর্শনের নাম। শায়খ ফাতিহ, শায়খ আবদুল্লাহ আজ্জাম, শায়খ মুসতাফা আবি ইয়াজিদ, শায়খ আবুল লাইস আল লিবি, হামজা রাবিয়া, শায়খ খালিদ হাবিব, আইমান আল জাওয়াহিরি এঁরা কারা? এঁরা সবাই বিন লাদেন। কেউ আগে যাবে আর কেউ পরে।

আগুন, নমরুদ ও ইবরাহিমের বংশধর

মাওলানা মুহাম্মাদ আজহার, দৈনিক ইসলাম

পৃথিবীপৃষ্ঠে অসংখ্য শহিদেরই সমাধি আছে। হয়তো আল্লাহর তাকদিরের ফায়সালায় সমুদ্রপৃষ্ঠের বঞ্চনা দূর করার সিদ্ধান্ত হয়েছিল—আমার উত্তাল বক্ষ কোনো শহিদের রক্ত সঞ্জীবনী পায়নি—এমন অভিযোগ যেন সে করতে না পারে। শায়খ উসামা বিন লাদেন ছিলেন মহান এক মর্দে মুজাহিদ। তিনি শাহাদাতের রক্ত ঝরিয়ে আল্লাহর দরবারে হাজিরা দিয়েছেন।

তিনি শহিদ

আব্বাস আতহার, দৈনিক এক্সপ্রেস

নিঃসন্দেহে তিনি একজন শহিদ। আল্লাহ তাঁকে ক্ষমা করুন।

উসামা বিন লাদেনকে কি মার্কিন এজেন্ট ছিলেন

হারুনুর রশীদ, দৈনিক জং

এমন এক ব্যক্তি, যিনি ইতিহাসের এক নতুন অধ্যায়ের সূচনা করেছিলেন, যিনি অস্ত্রের মোকাবিলায় অস্ত্র বা সৈন্যের মোকাবিলায় সৈন্যের পথে না হেঁটে বিশাল সেনাবাহিনী ও অত্যাধুনিক অস্ত্রের বিরুদ্ধে জীবনবাজি রাখার দুঃসাহস দেখিয়েছিলেন। আত্মঘাতী হয়েছিলেন।

এত কিছুর পরও বিন লাদেনকে মার্কিন এজেন্ট মনে করা নির্বুদ্ধিতার প্রকাশ। এজেন্টরা অঢেল ধনসম্পদ আর আরাম-আয়েশ ছেড়ে পাহাড়ের গুহায় বাস করে না,

হাতের তালুতে জীবন নিয়ে খেলা করে না, নিজের স্ত্রী-পরিজনদের জীবন বিপদের মুখে ঠেলে দেয় না।

মার্কিনরা উসামা বিন লাদেনকে সত্যবাদী প্রমাণ করেছে

হামিদ মির, দৈনিক জং

উসামা বিন লাদেন হয়তো মৃত্যুর পরেও মুচকি হাসছিলেন। তাঁর মৃত্যুতে শত্রুরা আনন্দ উদযাপন করেছে বটে; কিন্তু তারা এ-ও জানে, বিন লাদেনের পার্থিব মৃত্যু হলেও তিনি তাদের পিছু ছাড়বেন না।

মার্কিন সৈন্যরা ২০১১ খ্রিষ্টাব্দের ২ মে অ্যাবোটাবাদে এক অভিযান চালিয়ে আল কায়দাকে এমন এক শহিদ উপহার দিয়েছে, যাঁর মৃতদেহ পৃথিবীর সবচেয়ে শক্তিধর সেনাবাহিনীকে আতঙ্কিত রাখবে। আতঙ্কিত মার্কিনরা তাঁকে পৃথিবীতে দাফনের সাহস করতে পারেনি। বিন লাদেনের মৃতদেহ সমাহিত করে তারা তাঁর অধ্যায়ের সমাপ্তি করতে চেয়েছিল; কিন্তু হয়তো তারা জানে না, বিন লাদেনের জীবন সমাপ্ত হলেও সেখান থেকে শুরু হবে নতুন অধ্যায়ের। তাই মার্কিনরা তাঁর মৃতদেহ সমুদ্রের উত্তাল বুকে সমাহিত করে ইতিহাসবিদদের লিখতে বাধ্য করেছে—তিনি এমন এক ব্যক্তি ছিলেন, বিশ্ব-পরাশক্তি যাঁর মৃতদেহের ভয়েও আতঙ্কিত ছিল। হয়তো তাঁর মৃতদেহ সমুদ্রে সমাহিত করে মার্কিনরা নিজেদের ব্যয় সংকোচন করতে চেয়েছিল।

নাজির আহমাদ গাজি

নাওয়ায়ে ওয়াক্ত

পুরো বিশ্ব যখন স্তব্ধ, খানকাগুলো বোবার ভূমিকা পালন করছিল, মিহরাবগুলো নিশ্চল আর বক্তাদের মুখে ছিল বিশাল বিশাল তালা ঝুলানো। পৃথিবী যেন তখনই নিজের সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবহার করেছে বিন লাদেনকে। তিনি হুংকার দিলেন—হারামাইনের পবিত্র ভূমিতে নাপাক মার্কিনদের আসতে দিয়ো না। তাদের চোখ বায়তুল মাকদিস থেকে হারামাইন পর্যন্ত বিস্তৃত। তোমাদের ভূখণ্ড, তোমাদের সরকার, তোমাদের জনসাধারণ ও তোমাদের ইমান আজ হুমকির মুখোমুখি। এই আওয়াজ তোলার অপরাধে তাঁকে ছাড়তে হয়েছে হারামাইনের সান্নিধ্য। বরণ করতে হয়েছে যাযাবর-জীবন।

যুগের যখন তাঁর মৃতদেহ সমুদ্রে সমাহিত করে উল্লাস করে, এতে আমরা দেখি ইবলিশের নগ্ননৃত্য। বিন লাদেন নিজের সামর্থ্য অনুযায়ী সমুদ্রের উত্তাল তরঙ্গে

আরোহণ করে তাকদিরের হাতে নিজেকে সমর্পণ করেছেন। হয়তো তিনি কিছুদিন বিশ্রাম নেবেন। অতঃপর ঘূর্ণিঝড় হয়ে অবতরণ করে মার্কিন ভূখণ্ডকে সুনামিতে ডুবিয়ে দেবেন। আল্লাহর ক্রোধের তুফান তাদের মৃত্যুও দেবে না, আবার শান্তিতে বাঁচতেও দেবে না। শান্তির সকল পথ রুদ্ধ হয়ে যাবে। ডলার হয়ে পড়বে মূল্যহীন।

উসামার মৃতদেহ উত্তাল সমুদ্রে ভাসিয়ে দেওয়া হয়েছে, তাতে কী? হকের পক্ষে গর্জে ওঠা ব্যক্তিরা মৃত্যুর পরেও তাঁদের অস্তিত্বের স্বীকৃতি আদায় করে নেয়। এমন যেন না হয়, সমুদ্র-উত্তাল ঢেউ আছড়ে পড়বে তোমাদের ভূখণ্ডে; আর তোমাদের মাটিতেই আবার জন্ম নেবে উসামারা। তোমাদের প্রতিটি অলিগলিতে চোখে ভাসবে একেকজন মুসা, তোমরা হয়তো ভয়ে 'ইমান এনেছি, ইমান এনেছি' জপ করবে; কিন্তু আল্লাহর ক্রোধ তোমাদের নিশ্চিহ্ন করে দেবে।

উসামা বিন লাদেনের পর

সালিম সাফি, দৈনিক জং

উসামা বিন লাদেন আল কায়দার আধ্যাত্মিক গুরু ও এর প্রতিষ্ঠাতা ছিলেন। বিশ্ববাসীর দৃষ্টিতে তিনি সন্ত্রাসবাদী হতে পারেন; কিন্তু নিজের অনুসারীদের মধ্যে আত্মত্যাগের অনুপ্রেরণা ও মুগ্ধ করার সহজাত গুণের কারণে অত্যন্ত প্রিয়ভাজন ছিলেন। মানুষকে তিনি খুব সহজেই সম্মোহিত করতে পারতেন। তিনি ধনাঢ্য পরিবারের সন্তান ছিলেন; কিন্তু পৃথিবীর আরাম-আয়েশ ছেড়ে পাহাড়-পর্বতে জীবন কাটিয়েছেন।

মরেও যিনি অমর

সফদর মাহমুদ, দৈনিক জং

মার্কিনরা উসামা বিন লাদেনের মৃতদেহ ও সমাধির আতঙ্কে তাঁকে সমুদ্রে সমাহিত করেছে; কিন্তু আমেরিকার মতো বিশ্ব-পরাশক্তিকে চ্যালেঞ্জ করে নিজের জীবদ্দশায় মহানায়কে পরিণত হয়েছিলেন তিনি। মৃত্যুর পরেও তিনি মার্কিনদের বিরুদ্ধে যুদ্ধের প্রতীক হয়ে ইতিহাসের পাতায় অমর থাকবেন।

তিনি যেমন ছিলেন

ইরফান সিদ্দিকি, দৈনিক জং

আমি মর্মাহত দেশবাসীকে বলতে চাই, হে নিরীহ দেশবাসী, আমরা তাঁকে শহিদ বলতে পারি না। এতে সৃষ্টিকর্তা রাগান্বিত হবেন। কারণ, দীর্ঘদিন যাবৎ আমরা

মার্কিনদের মিত্র হয়ে কাজ করছি; আর বিন লাদেন ছিলেন আমাদের বিরোধীপক্ষের নায়ক। আমরা নিজেদের জীবিকার জন্য মার্কিনদের রুটি-রুজির মুখাপেক্ষী ছিলাম। আর এ জন্যও যে, মার্কিনরা অত্যন্ত ক্ষমতাধর; আর আমাদের শাসকদের লাগাম ও তাদের হাতে। সবচেয়ে বড় কথা 'দাসদের ভাষায়' মার্কিনদের চ্যালেঞ্জ করা বীরকে শহিদ বলা যায় না। প্রতিটি পাকিস্তানি চ্যানেল আজ তাঁর ব্যাপারে আমেরিকা-ইউরোপ ও অন্যান্য মুসলিমবিদ্বেষী দেশগুলোর ভাষায় কথা বলছে। বরাবরই আমরা তাঁকে মার্কিনদের দৃষ্টিতে উপলব্ধি করার চেষ্টা করছি। তাঁর ব্যাপারে মার্কিনদের ভাষ্যই পুনরাবৃত্তি করেছি, মার্কিনদের ভাষায় তাঁকে নিয়ে প্রতিবেদন তৈরি করেছি। এভাবেই আমাদের মনন-মেধা-মস্তিষ্কে দাসত্বের ছাপ তৈরি হয়েছে।

এত কিছুর প্রয়োজন নেই, তাঁর জীবনের ঘটনাপ্রবাহের দিকে দৃষ্টি দিলেই চলে। ধনাঢ্য বিলিয়নিয়ার আরব-পরিবারে সোনার চামচ মুখে নিয়ে জন্ম নেওয়া যুবরাজ, যিনি প্রকৌশল শাস্ত্রে উচ্চশিক্ষা অর্জন করেছিলেন, তিনি কেন পৈতৃক অঢেল সম্পদ ও আরাম-আয়েশ ছেড়ে কষ্টপূর্ণ যাযাবর-জীবনে সাম্রাজ্যবাদীদের চোখের কাঁটায় পরিণত হয়েছিলেন? পৃথিবীতে আর কজন যুবরাজ এমন আছেন, যারা নিজেদের আরাম-আয়েশ ছেড়ে কাঁটাযুক্ত পথে বের হন—মৃত্যু যেখানে ছায়ার মতো পেছনে লেগে থাকে? দুই টাকার চাকুরি, সম্মান ও ধর্ম বিক্রির এ যুগে এমন পাগলামি আর কে করেছে?

শায়খ উসামা বিন লাদেন এখন আল্লাহর হাতে সমর্পিত, যিনি প্রতিটি মানুষের জীবনের হিসাব রাখেন এবং নিয়তের অবস্থাও জানেন। আমাদের মতো আত্মপ্রবঞ্চক, কাপুরুষ, দুর্বল ও পেটপূজারি মার্কিন আজ্ঞাবহদের তাঁকে শাহাদাতের তকমা দেওয়ার কোনো প্রয়োজন নেই। আল্লাহর বিচারে তিনি দোষী হলে শাস্তি পাবেন; আর যদি তাঁর ভালো কাজগুলো আল্লাহর দরবারে গৃহীত হয়, তাহলে তাঁর মৃতদেহ সমুদ্রের মাছের পেটে থাকুক বা হিংস্র প্রাণীর উদরে—তিনি আসীন হবেন শহিদের সোনালি আসনে। যদি বিশ্বজগতের স্রষ্টা নিষেধ না করেন আর তাঁর দরবারে দাসানুদাস আমাদের শাসকরা রাগান্বিত না হন, আসুন আল্লাহর দরবারে তাঁর জন্য দুহাত তুলি, আল্লাহ তাঁর ভুলত্রুটি ক্ষমা করুন এবং তাঁকে ক্ষমার চাদরে ঢেকে নিয়ে প্রিয় বান্দাদের কাতারে গণ্য করুন।

শহিদ উসামা বিন লাদেন মার্কিন সাম্রাজ্যবাদ-বিরোধিতার প্রতীক

মতিন ফিকরি, দৈনিক জাসারাত

উসামা বিন লাদেন সৌদিআরবের এক ধনাঢ্য পরিবারে জন্মগ্রহণ করেছেন। অত্যন্ত

আরাম-আয়েশে প্রতিপালিত এই যুবক ইঞ্জিনিয়ারিংয়ে উচ্চতর ডিগ্রিও লাভ করেন। তাঁর ভবিষ্যৎ ছিল অত্যন্ত উজ্জ্বল, ক্যারিয়ার ছিল আলোকিত। চাইলে তাঁর পৈতৃক সম্পদে আরও বৃদ্ধি ঘটাতে পারতেন; কিন্তু তাঁর ভরাযৌবনে সোভিয়েত ইউনিয়নের পক্ষ থেকে আফগানিস্তানের উপর বর্বর হামলা শুরু হলে নিরীহ আফগানদের সহযোগিতায় পাকিস্তান হয়ে আফগানিস্তান গমন করেন। তিনি নিজের জীবনের আরাম-আয়েশ ত্যাগ করে ইসলামকে বিজয়ী করতে নিজেকে সমর্পিত করেন। তিনি সশরীরে আফগানযুদ্ধে অংশগ্রহণ করেন এবং সকল বিপদাপদের মোকাবিলা করেন।

সাহসী বীর

আজমল নিয়াজি, নাওয়ায়ে ওয়াক্ত

মুসলমানদের ইতিহাসে এমন অসংখ্য বীরত্বপূর্ণ মৃত্যু রয়েছে। মৃত্যু-উপত্যকায় যেতে জীবনের গলি পেরিয়েই যেতে হয়। জীবন-মৃত্যু উভয়ের জন্যই রোমান্স তথা প্রেম-ভালোবাসার প্রয়োজন হয়।

বারাক ওবামা মার্কিন ইতিহাসের দুর্বলতম প্রেসিডেন্ট। বহু বছর ধরে বিন লাদেনের রহস্যময় ব্যক্তিত্ব মার্কিনদের ভীতসন্ত্রস্ত করে রেখেছে। 'উসামা বিন লাদেনের মৃত্যুতে পৃথিবী নিরাপদ হয়েছে'—বারাক ওবামার এ বাক্যটা জর্জ বুশের বর্বরতা ও নির্বোধ পলিসিগুলোর কথা স্মরণ করিয়ে দেয়। মিথ্যাচার করে ইরাক বিজয়ের পথে চলা জর্জ বুশকে একজন নিরীহ সাংবাদিক জুতো মেরে স্বাগত জানিয়েছিল। জানি না বারাক ওবামা কোন ধরনের সম্ভাষণের অপেক্ষা করছেন।

বিন লাদেনের মৃতদেহ সমুদ্রে সমাহিত হয়েছে, তাতে কী? মহামানবরা সমাহিত হন মানুষের হৃদয়ে। পুরো সমুদ্রপৃষ্ঠ বিন লাদেনের কবর। আরবের সিংহপুরুষের জন্য আরবসাগর উপযুক্ত সমাধি।

আসরার বুখারি

নাওয়ায়ে ওয়াক্ত

উসামা বিন লাদেন কাফিরবিশ্বের বিরুদ্ধে ইসলামি জিহাদের প্রবাদপুরুষে পরিণত হয়েছেন, এটি এক অনস্বীকার্য বাস্তবতা। এ জিহাদ কিয়ামত পর্যন্ত চলমান থাকবে, এটি স্রষ্টার বিধান। শাহাদাত মুজাহিদের জন্য মিরাজস্বরূপ। তিনি তাঁর স্রষ্টার সান্নিধ্যে যাত্রা শুরু করেছেন। তিনি তাঁর গন্তব্যে পৌঁছেছেন, এই সৌভাগ্য অর্জনে তাঁকে অভিনন্দন।

উসামা বিন লাদেনের আত্মা

আতাউর রহমান, নাওয়ায়ে ওয়াক্ত

উসামা বিন লাদেন যদি পৃথিবীপৃষ্ঠে না-ও থাকেন, ইতিহাসের পাতায় তিনি অমর থাকবেন। বর্তমান বিশ্বে তাঁর ব্যক্তিত্ব ও কীর্তিগুলো যে প্রভাব তৈরি করেছে, তা খুব সহজে মুছে ফেলার সাধ্য কারও নাই। পরাশক্তিগুলো তাঁকে শীর্ষ সন্ত্রাসী মনে করে; কিন্তু মুসলিমবিশ্বের একটি বড় অংশ তাঁকে জাতির কর্ণধার, স্বাধীনতাযুদ্ধের লড়াকু নেতা মনে করেন। তিনি এক অসম যুদ্ধে অল্পসংখ্যক সহযোদ্ধা নিয়ে মার্কিন পরাশক্তির ভিত কাঁপিয়ে দিয়েছিলেন। পালটে দিয়েছিলেন ইতিহাসের যাত্রাপথ।

যেভাবে তিনি শেষযাত্রায় গেলেন

বিলাল গোরি, দৈনিক মাশরিক

আমি অবাক হয়ে ভাবছি, আল্লাহ উসামা বিন লাদেনকে কত সৌভাগ্য দিয়েছেন। পৃথিবীর কোনো সম্রাটের এমন সৌভাগ্য হয়নি, যার একটি কথা বা একটি ইঙ্গিতে মানুষ আত্মত্যাগে সম্মত হবে। পুরো বিশ্বের মানুষ তাঁকে ভালোবেসে তাঁর প্রতি হৃদ্যতা পোষণ করে। মার্কিনরা তাঁকে সন্ত্রাসবাদী মনে করে; কিন্তু বিশ্বে কোনো সন্ত্রাসবাদী কী এত ভালোবাসায় সিক্ত হয়েছেন? হিংস্র ও বর্বর সন্ত্রাসী তো তারা, যারা তাঁর মৃতদেহ সমুদ্রে সমাহিত করেছে। যদি তাঁকে দাফন-কাফন ও তাঁর জানাজার সালাত পড়ার সুযোগ দেওয়া হতো, তাহলে অনুধাবন করা যেত তাঁর বাস্তব অনুসারীর পরিমাণ কত।

মরিয়ম গিলানি

উসামা বিন লাদেনের স্থলাভিষিক্ত কে হবে, এটাই এখন সবার প্রশ্ন। আইমান আল জাওয়াহিরি থেকে আল কায়দার অধস্তন কর্মকর্তা পর্যন্ত প্রতিটি ব্যক্তি বিন লাদেন। এমনকি আল কায়দার সদস্য না হয়েও যে-ই মার্কিনদের বিরুদ্ধে বিদ্বেষ পোষণ করে, আমি মনে করি তারা প্রত্যেকেই বিন লাদেন। বিন লাদেন একটি দর্শনের নাম। তাঁর উত্তরাধিকারী কে হবে, তা বড় ব্যাপার নয়।

সাআদ উল্লাহ্ শাহ্

নাওয়ায়ে ওয়াক্ত

উসামা বিন লাদেনের মৃত্যু বিস্ময়কর ঘটনা নয়। তিনি বিশ্ব-পরাশক্তির গলার কাঁটা ও মার্কিনবিরোধী যুদ্ধের প্রবাদপুরুষে পরিণত হয়েছিলেন। এমন লোকদের জন্ম হয়

শতাব্দীতে একবার—পৃথিবীর আরাম-আয়েশ ছেড়ে পাথুরে পাহাড়ি জীবন বেছে নেওয়া সিংহপুরুষ। ইতিহাসের ভাষায় এ যুগ বিন লাদেনের যুগ বলে অভিহিত হবে। তিনি মৃত্যুবরণ করেননি; তিনি অমর। ভবিষ্যতেও তাঁর আত্মপ্রকাশ ঘটবে। তাঁর দোষ ছিল একটাই, তিনি মুসলিমবিশ্বকে মার্কিন দখলদারত্ব থেকে মুক্ত করতে চেয়েছিলেন। তাঁর এই দর্শন আজ প্রতিটি মুসলিম শিশুর জীবনাদর্শ। মায়েরা তাদের সন্তানদের নাম রাখছেন উসামা বিন লাদেনের নামে।

তাঁর শাহাদাতে ১৫ কোটি প্রবন্ধ লেখা হয়েছে। সংবাদপত্র, টিভি-টকশো ও সেমিনারগুলোর জন্য এত গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয় অতীতে হয়নি। তিনি প্রতিটি মুসলমানের হৃদয়ে জীবন্ত। কেননা, তিনি ইসলামের ভালোবাসা ও কাফিরবিদ্বেষের প্রতীকে পরিণত হয়েছেন। আজ আমি তাঁর নামে আমার এই কবিতাটি উৎসর্গ করতে চাই—

আমার প্রিয় বন্ধু, একটু দেখো, আমি তো পরাজয়বরণ করিনি,
আমার মাথা লুটিয়ে পড়েছে, তবে আমামা নিয়েই পড়েছে।
একদা সময় বলে দেবে, আমি সদা অমর,
নিজের কীর্তিতে যে অমর, তার মৃত্যু কোথায়?

মালিক আহমাদ সারওয়ার

মাসিক জিয়ায়ে আফাক ও মাসিক চশমে বেদার

উসামা বিন লাদেনের মৃত্যুসংবাদে পুরো বিশ্বের তাগুতি মিডিয়ার আনন্দ-উল্লাস থেকেই অনুমান করা যায়, তিনি কত বড় মুমিন ছিলেন এবং তাগুতের কত বড় শত্রু ছিলেন। আবদুল্লাহ ইবনু উবাইর অনুসারীরা আজ আনন্দিত। মুনাফিক ও তাগুত আদিকাল থেকেই একে অপরের সহযোগী ছিল। বিগত ১০ বছরেও মুমিনের রক্ত ঝরাতে তারা ছিল একে অপরের দোসর।

বিন লাদেনের শাহাদাতে পাকিস্তানি মিডিয়ার আনন্দপ্রকাশ চরম লজ্জাজনক ও তাদের আজ্ঞাবহ মানসিকতার প্রকাশ। বিশ্বের কাফির মিডিয়া ও তাগুতি শক্তির মনে রাখা উচিত, বিন লাদেনের শাহাদাতে জিহাদের ধারা বন্ধ হবে না। তাগুতের বিরুদ্ধে জিহাদ প্রতিটি মুসলমানের জন্য ফরজ। হামজা, উমর ফারুক, উসমান ও আলি রা.-এর মতো বীরপুরুষ শাহাদাতবরণ করেছেন; কিন্তু ইসলামবিচ্যুত হননি, জিহাদের পথও ছেড়ে যাননি।

উসামা বিন লাদেন প্রায় দুই দশক ধরে অত্যাধুনিক অস্ত্রসজ্জিত পশ্চিমাজোটের মোকাবিলা করেছেন, তাদের ব্যতিব্যস্ত করে রেখেছেন। পশ্চিমারা তাঁকে হত্যা করেছে, তবে এটা সম্ভব হয়েছে মুনাফিক ও ইসলামের গাদ্দারদের সহযোগিতায়।

ইতিহাস সাক্ষী, তাগুতের প্রতিটি সফলতাই সে যুগের মির জাফর ও মির সাদিকদের হাত ধরে অর্জিত হয়। বিন লাদেনের শাহাদাত আমাদের আবারও জানিয়ে দেয়, যত দিন পর্যন্ত মির জাফর ও মির সাদিকদের অস্তিত্ব থাকবে, তত দিন টিপু সুলতানরা শহিদ হতে থাকবেন।

আল্লাহ সেই ধর্মবিদ্বেষীদের জাহান্নামে প্রেরণ করুন, যারা ডলারের লোভে বিন লাদেনের হত্যাকাণ্ডে শয়তানের সঙ্গ দিয়েছে। তাদের পরিজনদের ওপর লাঞ্ছনা অবধারিত করুন। ইনশাআল্লাহ বিন লাদেনের প্রতিটি রক্ত থেকে বিপ্লবীদের আত্মপ্রকাশ হবে। তিনি মহানায়ক। আজ্ঞাবহ সাংবাদিকেরা তাঁর মর্যাদা কেড়ে নিতে পারবে না।

মুসলিম ইতিহাসে তাঁর গুরুত্ব অনুধাবনে শুধু এটিই যথেষ্ট—এক ব্যক্তির বিরুদ্ধে ৪৪টি দেশের জোট দীর্ঘ ১১ বছর লড়াই করছে। তাঁর পেছনে ব্যয় করেছে ৩০ ট্রিলিয়ন ডলার, যেখানে দ্বিতীয় বিশ্বযুদ্ধের মোট ব্যয় ছিল ৪০ ট্রিলিয়ন ডলার। তিনি অত্যন্ত সুকৌশলে মার্কিনদের পরাশক্তিসমূহের কবর আফগানিস্তানে টেনে এনেছেন।

আমেরিকার পরাশক্তি হওয়ার স্বপ্ন চূর্ণ করে দিয়েছেন। আগত কয়েক বছরে বিশ্বমানচিত্রে যে পরিবর্তন হবে, এর একক কৃতিত্ব বিন লাদেনের। তাঁর মৃত্যুতে একদিনেই ১৫ কোটির বেশি প্রবন্ধ-নিবন্ধ লেখা হয়েছে। নিঃসন্দেহে আগামী কয়েক বছরে এ সংখ্যা ১৫ বিলিয়ন পার করবে। পৃথিবীতে আর কোনো নেতা কি ছিলেন, যিনি এতটা আলোচিত হয়েছিলেন?

রাশিদুল হক সামি হক্কানি

মাসিক আল-হক

তিনি একজন সাধক পুরুষ, যাঁর আতঙ্কে বিশ্ব-পরাশক্তিগুলো আতঙ্কিত ছিল। তারা ভালোভাবেই অনুধাবন করেছিল, আফগানযুদ্ধে সোভিয়েত ইউনিয়নকে পরাজিত করতে আরব মুজাহিদরা, বিশেষ করে শায়খ আবদুল্লাহ আজ্জাম ও শায়খ উসামা বিন লাদেনের ক্যারিশমাটিক ব্যক্তিত্ব ছিল চরম প্রভাবক। বিন লাদেনের কাঙ্ক্ষিত লক্ষ্য ছিল শাহাদাত, যার সন্ধানে আরবের সুউচ্চ অট্টালিকা ছেড়ে তিনি আফগানিস্তানের পাহাড়ি গুহা চষে বেড়িয়েছেন। মুজাহিদ-জীবনের এই মিরাজের অন্বেষণে আরব-মুসাফির বিন লাদেন কোম্পানির মালিকানাসহ অঢেল সম্পদ ও পরিজনদের উৎসর্গ করতে আফগান-ভূমিতে পা রেখেছিলেন। বিন লাদেন শাহাদাতবরণ করে চিরদিনের জন্য অমর হয়ে রইলেন। নিজের বেনজির আত্মত্যাগের কল্যাণে হয়তো বদরের শহিদগণের সহাবস্থান লাভ করবেন।

আজ মুসলিমবিশ্বের কমান্ডার, সিপাহসালার ও শাহাদাতের ইতিহাসে বিন লাদেনের নাম পূর্ণচন্দ্র হয়ে জ্বলজ্বল করেছে। এতে অবাক হওয়ার কিছু নেই। কেননা, তিনি একক এমন ব্যক্তি, যিনি দুটি বিশ্ব-পরাশক্তির মোকাবিলা করে তাদের পরাজয়ের স্বাদ আস্বাদন করিয়েছেন। বিশ্ব-পরাশক্তি ও মিত্রজোট অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করেও দীর্ঘ ১৫ বছর তাঁকে খুঁজে পায়নি। আজও পাকিস্তানি শাসক ও গোয়েন্দাসংস্থার সহযোগিতা না থাকলে মার্কিন বাহিনী তাঁকে খুঁজে বের করতে পারত না।

মাওলানা বারিদ আহমাদ নোমানি

মাসিক আল-হক

থেমে থেমে যেন বুকে ব্যথার অনুভব হচ্ছে। গতকাল পর্যন্ত যাঁর নিরাপত্তার জন্য আল্লাহর দরবারে হাত তুলেছিলাম, আজ তিনি আমাদের ছেড়ে জান্নাতের অভিযাত্রী। যাঁর প্রতিটি মুহূর্ত, প্রতিটি নিঃশ্বাস ছিল মুসলমানদের ওপর নির্যাতন-নিপীড়ন করা শত্রুদের বিরুদ্ধে সোচ্চার। যিনি মুসলমানদের প্রথম কিবলার স্বাধীনতা ও হারামাইন শরিফাইনের নিরাপত্তা নিশ্চিত করার মিশন শুরু করেছিলেন। ভোগবিলাসের জীবন ছেড়ে পাহাড়ি গুহায় ডেরা বানিয়েছিলেন। সামসময়িক ফিরআউনের সামনে আল্লাহর বড়ত্বের ঘোষণা দিতে বিন্দুমাত্র দ্বিধা করেননি। জায়নবাদী পরিকল্পনার সামনে সিকান্দরি প্রাচীর হয়ে দাঁড়িয়েছিলেন। নিঃসন্দেহে এই মুহূর্তে তিনি জান্নাতুল ফিরদাউসের অট্টালিকায় নিজের অর্জনে আনন্দ অনুভব করছেন, অস্থির জীবনে বিশ্রামের সময় এসে গেল বলে।

মাওলানা মাহমুদুর রশিদ হাদুটি

আব-হায়াত

ইসলামের সিংহপুরুষ, মুসলিমবিশ্বের মহানায়ক ও জিহাদের সমন্বয়ক উসামা বিন লাদেন গতকালও জীবিত ছিলেন, আজও তিনি জীবিত। মুসলিম উম্মাহর হৃদয়ে তিনি অমর। তাঁর হাতেগড়া বিপ্লবী বাহিনী আবারও শত্রুদের বিরুদ্ধে রুখে দাঁড়াবে। মার্কিন মিত্রজোট আবারও নাস্তানাবুদ হবে।

আমরা ভালোবাসার পুনর্জন্ম দিয়েছি

আবদুল কুদ্দুস মুহাম্মাদি, দৈনিক ইসলাম

পৃথিবীতে বহু মানুষ জীবন বাঁচাতে মৃতের মতো বেঁচে থাকে। মৃত্যুর আগেই তাদের

আত্মা মৃত্যুবরণ করে। জীবিত থেকেও তারা মৃত এবং শেষপর্যন্ত ইতিহাসের আঁস্তাকুড়ে নিক্ষিপ্ত হয়। আর যে-সকল লোক মৃত্যুর খোঁজে জীবন কাটায়, জীবনভর যারা মৃত্যুর সঙ্গে খেলায় লিপ্ত থাকে, তাদের কাছে জীবন-মৃত্যু বিশেষ কোনো মানে রাখে না। মৃত্যুর পরও তারা অমর। উসামা বিন লাদেন এ দলেরই অন্তর্ভুক্ত। তিনি এক বিশ্ব-পরাশক্তিকে পরাজিত করেছিলেন, অন্য এক পরাশক্তিকে এক দশক যাবৎ নিজের আঙুলে নাচিয়ে ছেড়েছেন।

তিনি যে মিশন বেছে নিয়েছিলেন, যে লক্ষ্যে কণ্টাকাকীর্ণ পথে হেঁটেছিলেন, তা আজ সফলতার দ্বারপ্রান্তে উপস্থিত। তিনি ছিলেন অত্যাচারের বিরুদ্ধে প্রতিরোধের প্রবাদপুরুষ। তাঁর সাহসিকতা ও বীরত্বে হাজারো প্রদীপ জ্বলে উঠেছে। অন্ধকার আজ পালানোর পথ খুঁজছে। তিনি তাঁর জীবদ্দশায় ছিলেন মুজাহিদদের অনুপ্রেরণা; আর তাঁর শাহাদাতে সূচনা হবে এক নতুন অধ্যায়ের। তিনি যৌবনেই বিলাসবহুল অট্টালিকা ও বিলাসী জীবন ছেড়ে পাহাড়ি গুহায় অবস্থানের সিদ্ধান্ত নিয়েছিলেন। রুশ-বর্বরতার বিরুদ্ধে সিসাঢালা প্রাচীর হয়ে দাঁড়িয়েছিলেন। পুরো বিশ্ব যখন আমেরিকার ভয়ে প্রকম্পিত ছিল, তখন তিনি তাদের চ্যালেঞ্জ করেছিলেন।

নিউ ওয়ার্ল্ড অর্ডার বিজেতা

সুলতান মাহমুদ জিয়া, দৈনিক ইসলাম

শায়খ উসামা বিন লাদেন দুটি বিশ্ব-পরাশক্তিতে পরাজিত করার গৌরব অর্জন করেছিলেন। উপনিবেশবাদী আমেরিকা ও তাদের বৈশ্বিক মিশন নিউ ওয়ার্ল্ড অর্ডারের মুখ থুবড়ে পড়েছে। আফগানিস্তান থেকে মার্কিন সেনাদের ফিরে যাওয়ার ঘোষণা প্রচার হচ্ছে। অ্যাবোটাবাদের অভিযানে উচ্ছ্বাস প্রকাশকারীরা মূলত এর আড়ালে নিজেদের পরাজয়ের ব্যর্থতা গোপন করার প্রয়াস চালাচ্ছে। তারা হয়তো মুসলমানদের ইতিহাস জানে না। ইসলামের চারাগাছে যত দামি রক্ত দেওয়া হয়, ইসলামের ফুলবাগান তত সুশোভিত হয়। ইসলামের বীরপুরুষগণ শাহাদাতে হতাশ হন না। তাঁদের মিশন থেমে যায় না। আফগানিস্তান থেকে মার্কিনদের চলে যেতে হবে, এটাই একটি চিরন্তন সত্য।

বর্তমান ঘটনাপ্রবাহের ধারাবাহিকতায় বা মার্কিনদের পূর্বনির্ধারিত ঘোষণা অনুযায়ী হোক, তাদের আর এখানে অবস্থানের বৈধতা নেই। মার্কিনরা এই অভিযানকে কোনোভাবে হজম করতে পারছে না। এই রক্তাক্ত রাত যে দূরত্ব ও ভুল বোঝাবুঝির জন্ম দিয়েছে, তা প্রতিশোধের আগুনকে আরও উত্তপ্ত করবে। সময়ের বিবর্তনে এটা

ভয়াবহ সুনামির রূপ ধারণ করবে। বিন লাদেন একক কোনো ব্যক্তি নন, যিনি চলে যাওয়ায় এ ময়দান খালি হয়ে যাবে।

অ্যাবোটাবাদ-অপারেশনে বিন লাদেনের শাহাদাতের ঘটনার বাস্তবতা সময়ই ব্যাখ্যা করবে; কিন্তু এটা চিরন্তন সত্য, তিনি অমর। তিনি শুধু একজন ব্যক্তিই নন; বরং একটি দর্শন। একটি আদর্শ হয়ে অমর থাকবেন। সালাহুদ্দিন আইয়ুবি আজও জীবন্ত। কেননা, তাঁর চরিত্র সদা বিদ্যমান। বর্তমান ক্রুসেডারদের নাকানি-চুবানি খাওয়ানো বিন লাদেন কীভাবে ধ্বংস হবেন? নিঃসন্দেহে তিনি নিউ ওয়ার্ল্ড অর্ডারের বিজেতা হিশেবে চির স্মরণীয় থাকবেন।

ইতিহাসের মহানায়ক

সামিয়া সালিম

ইতিহাস সাক্ষী, এই উম্মাহ এখনো বন্ধ্যা হয়ে যায়নি। ফিলিস্তিনের যুদ্ধক্ষেত্র হোক বা ইরাকের রণভূমি; অথবা আফগানিস্তানের দীর্ঘ গেরিলাযুদ্ধের পটভূমি—এই উম্মাহ শায়খ আহমাদ ইয়াসিন, ইঞ্জিনিয়ার ইয়াহইয়া আইয়াশ, আবু মুসআব জারকাবি, শায়খ আবদুল্লাহ আজ্জাম ও উসামা বিন লাদেনের মতো মহানায়ক জন্ম দিয়েছে, যাঁরা বিশ্বের কাফিরশক্তির অহমিকা ধুলায় মিশিয়ে দিয়েছিলেন।

তাগুতি পশ্চিমা মিডিয়া অবশ্য নিজেদের মিশনে অনেকটা সফল। তারা নিজেদের আজ্ঞাবহ কলামলেখক ও প্রতিবেদকদের মাধ্যমে উম্মাহর বহু সদস্যকে বিভ্রান্ত করতে সক্ষম হয়েছে। শেখানো বুলির মতো তাঁকে অনেকে সিআইএর এজেন্ট, সন্ত্রাসবাদী ও ফিতনাবাজ বলে অভিহিত করে থাকে। দাজ্জালি মিডিয়ার জাদুতে বহু সাধারণ মানুষ আজও জানে না, এই আরব-যুবরাজ নিজের বর্তমান তাদের ভবিষ্যতের জন্য উৎসর্গ করেছেন, যিনি নিজের রক্তে কাফিরের বিরুদ্ধে যে বিভেদরেখা টেনেছেন, বিশ্ব-পরাশক্তি ও তার ৪৯টি দেশের মিত্রজোট অসংখ্য জনবল ও অস্ত্রশস্ত্র নিয়েও ১০ বছর যাবৎ সে রেখা অতিক্রম করতে পারেনি।

এই উম্মাহর দুর্ভাগ্য, তারা তাদের হিতাকাঙ্ক্ষীদের চিনতে পারেনি। তারা তাদের মূল্যায়ন করেনি। সামান্য কয়েকটা ডলারের জন্য তাঁর রক্ত ও তাঁর সম্মান শত্রুদের হাতে বিক্রি করে দিয়েছে। রাসুল সা. বলেছেন, 'ধ্বংস হয়েছে দিরহাম ও দিনারের পূজারি।'

তুচ্ছ দুনিয়ার ভালোবাসায় অন্ধ রাজনীতিবিদ, শাসক ও তাদের এজেন্টরা গাদ্দারদের পরিণতি দেখতে পায় না। পশ্চিমারা কী আচরণ করেছে ইরান শাহ, পারভেজ মোশাররফ, হুসনি মোবারক ও তার ছেলেদের সঙ্গে? কী আচরণ করেছে সাদ্দাম

হুসাইন ও তাঁর ছেলেদের সঙ্গে? কী আচরণ করেছে ইয়াসির আরাফাতের সঙ্গে? মুআম্মার গাদ্দাফি বা তাঁর ছেলেদের সঙ্গে? গাদ্দারদের তালিকা আর কত দীর্ঘ হবে?

চলে গেলেন খাওয়ারিজম শাহ

ইসমাইল রায়হান, দৈনিক ইসলাম

হ্যাঁ, উসামা বিন লাদেনের শাহাদাতের সংবাদ শুনে আমার এটাই মনে হয়েছে, জালালুদ্দিন খাওয়ারিজম শাহ আরেকবার শাহাদাতবরণ করেছেন। নিজের অজান্তেই অস্ফুট কণ্ঠে বেরিয়ে পড়েছে, বর্তমান যুগের জালালুদ্দিন খাওয়ারিজম শাহ মৃত্যুবরণ করেছেন।

আমি প্রায়ই লক্ষ করি, এ দুজনের জীবন কতই-না সাযুজ্যপূর্ণ। সুলতান জালালুদ্দিন খাওয়ারিজম শাহ হিজরি সপ্তম শতকের চেঙ্গিস খানের নেতৃত্বাধীন কাফির পরাশক্তির মোকাবিলা করেছিলেন। এর ৮০০ বছর পর আমেরিকার নেতৃত্বাধীন কাফির পরাশক্তির বিরুদ্ধে প্রতিরোধের দেয়াল হয়ে দাঁড়িয়েছিলেন বিন লাদেন।

সুলতান জালালুদ্দিন খাওয়ারিজম শাহ সারা জীবন তাতারদের কাছে মোস্ট ওয়ান্টেডের তালিকায় ছিলেন। চেঙ্গিস খান তাঁকে জীবত বা মৃত গ্রেপ্তারের আদেশ দিয়েছিল। তাঁকে গ্রেপ্তার করতে তাতাররা দীর্ঘ ১২ বছর পৃথিবীর কোনায় কোনায় অভিযান চারিয়েছে। যেখানেই তাঁর অবস্থানের গুজব উঠত, সেখানের মানুষের জীবনে বিভীষিকা শুরু হয়ে যেত। তল্লাশির নামে এলাকাজুড়ে নির্যাতনের তাণ্ডব চালানো হতো। বর্তমানেও বিন লাদেন মার্কিনদের দৃষ্টিতে মোস্ট ওয়ান্টেড তালিকার শীর্ষে অবস্থান করছেন। মার্কিন সরকার তাঁকে গ্রেপ্তারের সব রকম প্রচেষ্টা চালিয়েছে। তাঁর সংবাদ সংগ্রহের জন্য অসংখ্য স্থানে হানা দিয়েছে, তল্লাশির নামে বহুজনকে গ্রেপ্তার করেছে।

সুলতান খাওয়ারিজম শাহ বহুবার তাতারদের হাতের নাগালে এসেও অল্পের জন্য বেঁচে যান, একইভাবে বিন লাদেনও বিভিন্ন সময় অল্পের জন্য মার্কিনদের হাতে গ্রেপ্তারি এড়াতে সক্ষম হন। খাওয়াজিম শাহকেও যেমন তাতাররা জীবিত গ্রেপ্তার করতে পারেনি, অনুরূপ মার্কিনরাও বিন লাদেনকে গ্রেপ্তার করতে পারেনি।

খাওয়ারিজম শাহ নিজের মিশন অব্যাহত রাখতে ও শত্রুদের হাত থেকে বাঁচতে বার বার ঠিকানা পালটাতে বাধ্য হয়েছিলেন। দীর্ঘ জীবনে তিনি মধ্য-এশিয়া, আফগানিস্তান, ইরান-ইরাক ও তুরস্কসহ বিভিন্ন অঞ্চল সফর করেন। বিন লাদেনও পুরো জীবন যাযাবর জিন্দেগি যাপন করেছেন। তিনি সৌদিআরব থেকে সুদান, সুদান থেকে আফগানিস্তান ও শেষপর্যন্ত আফগানিস্তান থেকে পাকিস্তানে গমন করেন।

খাওয়ারিজম শাহ ছিলেন রাজপুত্র; কিন্তু আরাম-আয়েশের জীবন ছেড়ে জিহাদের

কঠিন রাস্তা বেছে নিয়েছিলেন। জীবনের অধিকাংশ সময় কাটিয়েছিলেন ঘোড়ার পিঠে। বিন লাদেনও অর্থসম্পদের দিক থেকে কোনো যুবরাজের থেকে কম ছিলেন না; কিন্তু তিনিও জীবন কাটিয়েছেন কণ্টকাকীর্ণ ও আত্মত্যাগের দাস্তানে পরিপূর্ণ পথে।

সূর্যের মতো ব্যক্তিত্ব

মুহতারামা আমিরাহ ইহসান

বর্তমান কাফির মিডিয়া তাঁর শাহাদাতকে কলঙ্ক লেপন করে মুসলিম উম্মাহকে বিভ্রান্ত করতে উঠেপড়ে লেগেছে। তারা বিভিন্ন মিথ্যা গল্প ফেঁদে সবাইকে বিভ্রান্ত করতে চাচ্ছে; কিন্তু ইবলিসি মিডিয়ার মনগড়া কাহিনি, টিভি-ব্যক্তিত্বদের অপপ্রচার শেষপর্যন্ত মিথ্যা প্রমাণিত হয়েছে। লাল মসজিদ, উসামা বিন লাদেন, আইমান আল জাওয়াহিরির অর্থদ্বন্দ্বসহ কত মিথ্যা ছড়াচ্ছে। আসলে অর্থলিপ্সুরা চতুর্দিকে অর্থের দ্বন্দ্ব দেখবেই। মানুষ আয়নায় নিজের প্রতিবিম্বই দেখে।

কুরআন খুলে দেখুন, টেলিভিশনের পর্দা বন্ধ করুন। সময় এখন আল্লাহর দরবারে সিজদা করার, আল্লাহর আশ্রয়ে চলে যাওয়ার। উম্মাহর সামনে অপেক্ষা করছে মহাযুদ্ধ। সবকিছুই আজ হুমকির মুখে, শুধু মসজিদে আকসা নয়; পারমাণবিক শক্তির অধিকারী পাকিস্তান, এমনকি হারামাইন শরিফাইনও আজ হুমকির মুখে। আল্লাহ ভালোকে মন্দ থেকে আলাদা করবেন। ইমান ও কুফর থেকে নিজের অবস্থান নির্বাচন করে নিতে হবে। আখিরাত আমাদের সামনে চলে আসছে। নিজের সামর্থ্য, নিজের শক্তিকে একটু স্মরণ করুন। কোথায় বানাতে চান আপনার ঠিকানা?

কাফিরবিশ্ব যেন বিন লাদেনের শাহাদাতে উন্মত্ত না হয়। তাদের তো জানার কথা—রাসুল সা.-এর ইনতিকালের চেয়ে ভয়াবহ বিপদ মুসলমানদের ওপর আর আবর্তিত হয়নি। মুসলমানরা বেদনায় মুষড়ে পড়েছিল; কিন্তু তোমাদের রোমান পূর্বপুরুষরা আশ্চর্যান্বিত হয়ে একসঙ্গে দুটি সংবাদ পেয়েছিল—রাসুলের ইনতিকাল ও উসামা বিন জায়েদের বাহিনীর শাম বিজয়ের ঘটনা। রোমানরা উসামা বিন জায়েদের বাহিনীর সামনে টিকতে পারেনি। তাঁরা বাহিনী গনিমত নিয়ে মদিনায় প্রত্যাবর্তন করে। আবু বকর সিদ্দিক রা.-এর ইনতিকালের পরও তেমনিভাবে উমর রা. তাৎক্ষণিকভাবে মুসান্না রা.-কে ইরাক-অভিমুখে রওনা করেন। আমাদের কাফেলা থেমে যায় না; বরং হয়ে উঠে দুর্জয়। বিন লাদেনের বাহিনীও থেমে থাকবে না, আফগানিস্তানে মুজাহিদরা কাফিরদের মৃত্যুপয়গাম নিয়ে ধেয়ে আসবে।

দশম অধ্যায়

বিন লাদেন হত্যার প্রতিশোধ

নেভি সিল সদস্যসহ মার্কিন হেলিকপ্টার ভূপাতিত

আফগানিস্তানের সরকারি কর্মকর্তাদের বরাতে জানা যায়, তালেবানরা কৌশলে সেখানে মার্কিন বাহিনীকে ডেকে নিয়ে তাঁরা একটি মার্কিন হেলিকপ্টার ভূপাতিত করে। ঘটনাস্থলে ৩০ জন মার্কিন সৈন্য নিহত হয়। এ যুদ্ধে এটাই সবচেয়ে বেশি মার্কিন সৈন্য নিহত হওয়ার ঘটনা।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন সিনিয়র সরকারি কর্মকর্তা এএফপিকে গোয়েন্দাসংস্থার বরাতে জানান, 'কারি তাহির নামে একজন তালেবান-কমান্ডার পরিকল্পিতভাবে মার্কিন বাহিনীর কাছে সংবাদ পাঠায়, সেখানে তালেবানরা বৈঠক করছে।' এ সরকারি কর্মকর্তার ভাষ্যমতে, চার পাকিস্তানি নাগরিক কমান্ডার তাহিরকে সহযোগিতা করেছিল। তিনি বলেন, 'এখন স্পষ্ট হয়েছে, এটা ছিল একটি ষড়যন্ত্র, যার মাধ্যমে হেলিকপ্টারটি ভূপাতিত করা হয়েছে। একজন তালেবান-কমান্ডার পরিকল্পিতভাবে এ ফাঁদ পেতেছিলেন। তালেবানরা ভালোভাবেই হেলিকপ্টারের গতিপথ জানত। সেখানে যাওয়ার এটাই ছিল একমাত্র রুট। উপত্যকার উভয় দিকে তালেবানরা পাহাড়ে নিজেদের পজিশন নিয়ে অবস্থান করছিল। হেলিকপ্টার সেখানে পৌঁছামাত্রই তাঁরা রকেট লঞ্চার ও অত্যাধুনিক হাতিয়ার নিয়ে একযোগে আক্রমণ চালালে হেলিকপ্টারটি ভূপাতিত হয়।'

তার মতে, মার্কিন মদদপুষ্ট আফগান প্রেসিডেন্ট হামিদ কারজাই সরকারের ভাষ্যমতে তালেবানরা বিন লাদেন হত্যার প্রতিশোধ নিতেই এই হামলা চালিয়েছে।

হেলিকপ্টারটি আফগানিস্তানের রাজধানী কাবুলের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ওয়ারদাগ প্রদেশের সাইয়িদাবাদ জেলায় ধ্বংস হয়, যা তালেবানদের ঘর হিশেবে প্রসিদ্ধ। এই ঘটনায় ৩০ মার্কিন সৈন্যের পাশাপাশি আফগান স্পেশাল ফোর্সের সাত সদস্য ও একজন দোভাষী নিহত হয়।

মার্কিন মিডিয়ার মতে, এ ঘটনায় নিহতদের মধ্যে মার্কিন নেভি সিলের ওই সদস্যরাও ছিল, যারা অ্যাবোটাবাদে বিন লাদেনের হত্যাকাণ্ডে অংশগ্রহণ করেছিল। অবশ্য হোয়াইট হাউসের ভাষ্যমতে, নিহতদের মধ্যে অ্যাবোটাবাদ অভিযানে অংশগ্রহণকারী কেউ নিহত হয়নি।

ISAF এর মুখপাত্রের ভাষ্যমতে, এ ঘটনার তদন্ত করা হচ্ছে এবং নিহতদের মৃতদেহ সরিয়ে নেওয়া হয়েছে। আফগান সরকারের ভাষ্যমতে, হেলিকপ্টারটি বিদ্রোহীদের হাতে আক্রান্ত হয়েছে এবং তা বিধ্বস্ত হয়েছে।

এর মধ্যে পশ্চিমাঞ্চলের প্রদেশ পাকতিয়ায় আরও একটি হেলিকপ্টার উড্ডয়নের সময় ভূমিতে আঘাত করেছে। অবশ্য এতে হতাহতের কোনো ঘটনা ঘটেনি। এ ব্যাপারেও তদন্ত চলমান।

মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ও আফগান প্রেসিডেন্ট হামিদ কারজাইয়ের ফোনালাপে হামিদ কারজাই এ ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন। বারাক ওবামা বলেন, 'আফগানিস্তান-মিশন অব্যাহত থাকবে, উভয় দেশের জন্য এটি কল্যাণকর।'[৪২]

হেলিকপ্টার বিধ্বস্ত : ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের বিবৃতি

ওয়ারদাগ প্রদেশের সাইয়িদাবাদ জেলার ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের মুজাহিদদের সঙ্গে হানাদার মার্কিন সৈন্যদের কয়েক ঘণ্টাব্যাপী ভয়াবহ লড়াইয়ে মার্কিনদের ব্যাপক ক্ষতি হয়। মার্কিন সামরিক মুখপাত্র স্বীকার করেন, বিগত ১০ বছরে এটা ছিল তাদের সর্বাধিক নিহতের ঘটনা। তিনি আরও মনে করেন, এ যুদ্ধে মার্কিন স্পেশাল বাহিনীর একটি চিনুক-৭৪ হেলিকপ্টার ভূপাতিত করা হয়। যেখানে ৩০ জন মার্কিন সৈন্যসহ আটজন আফগানসৈন্য আরোহী ছিল।

কাবুল-ওয়াশিংটনের প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হোয়াইট হাউস ও বাগরাম ঘাঁটির বিবৃতির অপেক্ষা না করে এত বিশাল হতাহতের ঘটনায় কাবুলের পুতুল সরকারের পক্ষ থেকে বিবৃতি আসা একটা অস্বাভাবিক ঘটনা। হতে পারে মার্কিন শাসকদের পরামর্শেই এটা হয়েছে। মার্কিন শাসকরা হয়তো তাদের সামরিক ক্ষয়ক্ষতির খবর জনসাধারণের কাছ থেকে লুকানোর পলিসিতে পরিবর্তন এনেছে। বিগত ১০ বছরে এ ধরনের বহু ঘটনা ঘটেছে; কিন্তু মার্কিন শাসকরা কখনো তা স্বীকার করেনি। অবস্থাদৃষ্টে আমরা বলতে পারি, এ ধরনের ঘোষণার মাধ্যমে মার্কিন

---

৪২ *আল আরাবিয়া ডটকম রিপোর্টার* : আমজাদ আলি।

সরকার হয়তো মার্কিন জনসাধারণকে নতুন চিন্তা ও নতুন বার্তা দিতে চায়, যার বাস্তবতা হয়তো অদূর ভবিষ্যতে প্রকাশ পাবে। আপাতদৃষ্টিতে আফগানিস্তানে তাদের ব্যবহৃত হেলিকপ্টারের ধরন প্রকাশ পাচ্ছে। আবার এই ঘটনায় আফগান মুজাহিদদের শক্তি ও সাহসিকতার দৃশ্যও ফুটে উঠছে। তাঁরা যেভাবে রাতের অন্ধকারে অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন হেলিকপ্টারের মোকাবিলা করেছে, এতে তাঁরা খুব সহজেই মার্কিন জনসাধারণকে আফগানিস্তানের বাস্তবতা সম্পর্কে ধারণা দিতে পেরেছে।

বস্তুত মার্কিনরা নিজেদের ক্ষয়ক্ষতি আড়াল করে জনগণকে বিজয়গাথায় বিভোর রাখার পরিকল্পনা নিয়েছিল। বিগত ১০ বছরে বিভিন্ন অঞ্চলে বহু মার্কিন হেলিকপ্টার মুজাহিদদের হাতে আক্রান্ত হয়েছে। বিশেষত এ বছর বদর অপারেশনের পর থেকে হেলিকপ্টার ভূপাতিত হওয়ার ঘটনা রীতিমতো বেড়ে চলছে; কিন্তু তারা বরাবরই এসব অস্বীকার করে। আর যদি কখনো স্বীকার করতে বাধ্য হয়, তখন যান্ত্রিক ত্রুটি বলে চালিয়ে দেওয়ার চেষ্টা করে। ফলে সাধারণ মানুষের মনে প্রশ্ন জন্ম নিতে বাধ্য, শুধু আফগানিস্তানেই কেন প্রযুক্তিগত ত্রুটিতে হেলিকপ্টার ভূপাতিত হয়? কেন আফগানিস্তানই শুধু জরুরি অবতরণ করাতে হয়? জরুরি অবতরণকালে এসব হেলিকপ্টারে অগ্নিসংযোগের ঘটনা ঘটে বা পুরোপুরি বিধ্বস্ত হয়ে যায়, আবার কখনো আরোহীরা বেঁচে যায়।

সাইয়িদাবাদের ঘটনা প্রমাণ করে, শত্রুদের বিভিন্ন প্রোপাগান্ডা সত্ত্বেও ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের মুজাহিদদের সামরিক শক্তিতে কোনো ধরনের ঘাটতি হয় না; বরং আল্লাহর সাহায্যে মুজাহিদরা পূর্বের চেয়ে আরও বেশি শক্তিশালী ও সংগঠিত হয়ে নিজেদের কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছেন। শত্রুবাহিনীর জন্য গোঁয়ারতুমির পরিবর্তে বাস্তবতা অনুধাবন করাই কল্যাণকর হবে। চলমান আফগানযুদ্ধে প্রকাশ্য পরাজয়ের স্বীকারোক্তি করাই তাদের জন্য কল্যাণকর। নিজেদের আগ্রাসী মনোভাব পরিবর্তন করলেই তারা ভবিষ্যতের আক্রমণ থেকে রক্ষা পাবে।[৪৩]

হেলিকপ্টার-দুর্ঘটনায় নিহতরা আমাদের নায়ক : আমেরিকা

ওয়াশিংটন-কাবুল নিউজ এজেন্সি, পেন্টাগন ও আফগানিস্তানের ন্যাটো মুখপাত্রের ভাষ্যমতে, হেলিকপ্টার দুর্ঘটনার ব্যাপারে তদন্ত করা হচ্ছে। যেখানে ৩১ জন মার্কিনীসহ সাত আফগানসৈন্য নিহত হয়েছে। ওবামা প্রশাসন এ দুর্ঘটনায় উসামা বিন লাদেনের হত্যা-অভিযানে অংশগ্রহণকারী সেনাদের নিহত হওয়ার তথ্য নাকচ

৪৩ *ইমারাতে ইসলামিয়া আফগানিস্তান* : ০৭ আগস্ট ২০১১।

করে দিয়েছে। মিডিয়া রিপোর্ট অনুযায়ী আফগানিস্তানে ন্যাটো বাহিনীর কমান্ডার জেনারেল জন এলেন তাঁর বক্তব্যে বলেন, 'পশ্চিম আফগানিস্তানের ওয়ারদাগ প্রদেশে হেলিকপ্টার ভূপাতিতের ঘটনায় নিহতরা আমাদের নায়ক, যারা স্বাধীনতা রক্ষায় বড় ভূমিকা রেখেছেন।' ন্যাটোর ভাষ্যমতে, এ ঘটনার তদন্ত করা হচ্ছে।

অন্যদিকে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লিওন পানিটা তার বক্তব্যে বলেন, 'নিহত সেনারা অত্যন্ত সাহসিকতার অধিকারী ছিলেন, তারা পৃথিবীকে নিরাপদ রাখতে নিজেদের উৎসর্গ করেছেন। যে মিশনে আমাদের সেনারা আত্মত্যাগ করেছেন, তা অব্যাহত থাকবে।' অবশ্য তিনি দুর্ঘটনার কারণ নিয়ে মন্তব্য করতে অস্বীকৃতি জানান। তার ভাষ্যমতে, 'এ ব্যাপারে তদন্ত করা হচ্ছে।' তিনি আরও বলেন, 'আফগানিস্তানে আমরা আমাদের মিশন পূর্ণ করতে কাজ করে যাচ্ছি।' এদিকে মার্কিন বাহিনীর কমান্ডার অ্যাডমিরাল মাইক মুলেনের ভাষ্যমতে, এখনো দুর্ঘটনার ব্যাপারে তথ্য সংগ্রহ করা হচ্ছে, তদন্তের আগেই এ ব্যাপারে মন্তব্য করা অনুচিত। তিনি বলেন, 'আমার মতে এই ঘটনার তদন্তকারীদের নিজেদের কাজ যথাযথভাবে করতে দেওয়া উচিত। আমরা আমাদের মিশন এগিয়ে নিতে দৃঢ়প্রতিজ্ঞ। নিহত সৈন্যদের পরিজনদের সম্মানের জন্য হলেও আমাদের এই মিশন অব্যাহত রাখা উচিত।'

তালেবানরা তাৎক্ষণিক হেলিকপ্টার ভূপাতিত করার দাবি করেছে। আফগান-সরকারের ভাষ্যমতে, হেলিকপ্টারে রকেট হামলা করা হয়েছিল। মার্কিন সরকারের এক কর্মকর্তাও ব্যাপারটি নিশ্চিত করেন। এদিকে এটাও বলা হয়, নিহতদের মধ্যে ২০ জন নেভি সিলের সদস্য রয়েছেন, যারা বিন লাদেন হত্যা অভিযানে অংশগ্রহণ করেছেন। অবশ্য ব্রিটিশ সংবাদসংস্থা বারাক ওবামা প্রশাসনের বরাতে এ তথ্য নাকচ করে দিয়েছে।

চিনুক হেলিকপ্টারের ধ্বংস

মার্ক আরবান, বিবিসির কূটনীতিক ও প্রতিরক্ষাবিভাগের প্রধান, নিউজ নেইট

মার্কিন বাহিনীর চিনুক হেলিকপ্টার বিধ্বস্ত হওয়া ও এর ৩৮ জন আরোহীর মৃত্যু আফগানিস্তানের ন্যাটোজোটের ভয়াবহ হামলার মুখোমুখি হওয়ার চিত্র বোঝায়।

চিনুক হেলিকপ্টার ধ্বংসে কার্যত আমেরিকান নেভি সিলের ছয়জনের কমান্ডো ইউনিটের একটি পুরো স্কোয়াড্রন ধ্বংস হয়েছে। এই ইউনিটের কমান্ডোরা এ বছর মে মাসে বিন লাদেনের হত্যাকাণ্ডে অংশগ্রহণ করেছিল।

মার্কিন সামরিক নীতিনির্ধারকরা এ নিয়ে বেশ চিন্তিত, বিশেষ এ বাহিনী এখন

বেশিরভাগ এমন হামলার শিকার হচ্ছে কেন?

২০১০ খ্রিষ্টাব্দে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত এ বাহিনী রাতের অন্ধকারে দুর্গম পাহাড়ি অঞ্চলে হাজার হাজার অপারেশন চালিয়েছে, যেখানে শত্রুদের বিরুদ্ধে ভয়াবহ লড়াই করতে হয়েছে।

আফগানিস্তানে নিয়োজিত ন্যাটোর অধীন ইন্টারন্যাশনাল সিকিউরিটি স্টান্ট ফোর্সের সদ্য সাবেক কমান্ডার জেনারেল পিটারসন এক সাক্ষাৎকারে মার্কিন এই বিশেষ বাহিনীর প্রশংসা করেন। সঙ্গে সঙ্গে তিনি এ-ও বলেন, 'বর্তমানে গণমাধ্যমে এ জাতীয় বাহিনীগুলোর প্রয়োজনের চেয়ে বেশি প্রচার চালানো হচ্ছে।'

ইরাক ও আফগানিস্তানে মার্কিন বাহিনীর বিশেষ অপারেশনে নিয়োজিত সেনারা চিনুক হেলিকপ্টার ও বিশেষ বাহিনীর সদস্যরা ব্ল্যাক হক হেলিকপ্টারে যাতায়াত করত।

মার্কিন অর্থনীতির দুরবস্থা

আফগানযুদ্ধে মার্কিনদের অর্থনৈতিক অস্থিতিশীলতা

বর্তমানে আমেরিকা ও ব্রিটেনের অর্থনৈতিক দুর্দশা ও অস্থিতিশীলতার জন্য তাদের আগ্রাসী ঔপনিবেশিক মনোভাবই দায়ী, এর সঙ্গে দ্বিমত করার সুযোগ নেই। এ দেশগুলো বিগত ১০ বছর ধরে নিজেদের জনগণকে অনর্থক যুদ্ধের মুখে ঠেলে দিয়েছে এবং তাদের মৌলিক অধিকারগুলো এড়িয়ে চলেছে।

ওয়াশিংটনভিত্তিক একটি অর্থনৈতিক সংস্থার এর সদস্য পল ম্যাংগো মিডিয়ার সামনে বলেন, 'মার্কিনসমাজ আজ যে অর্থনৈতিক দুর্দশার মোকাবিলা করছে, তার মূল কারণ ইরাক, আফগানিস্তান, পাকিস্তান ও লিবিয়ায় তাদের অযথা অর্থ ব্যয়।' তার ভাষ্যমতে, 'আমেরিকা ২০০১ থেকে আজ পর্যন্ত জনসাধারণের পুঁজি ও করের প্রায় ১ ট্রিলিয়ন ডলার ইরাক ও আফগানযুদ্ধে ব্যয় করেছে; কিন্তু মার্কিন জনগণ এর কোনো ইতিবাচক ফল পাচ্ছে না।'

অন্যদিকে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট রবার্ট রোলেকের মতে, বিশ্ব-অর্থনীতি এক ভয়াবহ অস্থিতিশীলতার মোকাবিলা করছে। তার মতে, উন্নত দেশগুলো ভবিষ্যতে ভয়াবহ পরিস্থিতির মুখোমুখি হবে। তিনি বলেন, 'যে অর্থনৈতিক অস্থিরতা শুরু হতে যাচ্ছে, তা ২০০৮ খ্রিষ্টাব্দের অর্থনৈতিক অস্থিতিশীলতার চেয়ে ভিন্ন ও ভয়াবহ হবে। কেননা, আমাদের কাছে সময়ক্ষেপণ বা নতুন কর্মপন্থা গ্রহণের সুযোগ নেই।'

অর্থনৈতিক দুর্দশা দেখে মার্কিন প্রতিরক্ষা-দপ্তর পেন্টাগনও শঙ্কিত হয়ে পড়ছে। মার্কিন সেনাবাহিনীর কমান্ডার মাইক মুলেন বলেন, 'মার্কিন সরকার যদি পার্লামেন্টের সঙ্গে চুক্তিবদ্ধ হতে সক্ষম না হয় এবং ঋণ জুটাতে না পারে, আফগানিস্তান ও ইরাকে অবস্থানরত মার্কিন সৈন্যরা তাদের বেতন পাবে না।' সেনাদের সম্মুখে দেওয়া এক বক্তব্যে তিনি বলেন, 'যদি সৈনিকদের বেতন আটকে দেওয়া হয়, তাহলে এর পরিণাম হবে ভয়াবহ।'

স্পষ্টতই দেখা যাচ্ছে, বিশ্বব্যাপী রাজনৈতিক ও সামরিক কর্তৃত্ব প্রতিষ্ঠায় প্রতিশ্রুত

মার্কিন পুঁজিবাদীব্যবস্থা এক ভয়াবহ অর্থনৈতিক বিপর্যয়ের শিকার। তাদের প্রতিটি পদক্ষেপ এখন হাস্যকর মনে হচ্ছে। যদি মার্কিন সরকার নতুন করে ঋণ না পায়, তাহলে তাদের বর্তমান কোষাগারে আফগানিস্তানে অবস্থানরত সেনাবাহিনীকে পরিশোধ করার মতো অর্থ নেই।

আমেরিকার ভঙ্গুর অর্থব্যবস্থার পরিপ্রেক্ষিতে আমরা আমেরিকা ও ইউরোপের জনসাধারণকে বলতে চাই, তারা যেন তাদের প্রতারক নেতাদের জিজ্ঞেস করে, যারা তাদের ১ ট্রিলিয়ন ডলার অর্থ আফগানযুদ্ধে খরচ করেছে, এর ফলাফল কী? এমনকি তাদের অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন হেলিকপ্টার ও উন্নত প্রশিক্ষিত সেনারাও তোমাদের নিরাপত্তা দিতে পারছে না।

তোমাদের চিনুক হেলিকপ্টার প্রতিদিন তালেবানদের আক্রমণের শিকার হয়ে ভূপাতিত হচ্ছে। একদিনে তোমাদের ৩১ জন সেনা মৃত্যুমুখে পতিত হয়েছে। আমরা বিশ্বাস করি, যে অর্থনৈতিক বিপর্যয় মার্কিন সরকার ও জনসাধারণকে ঘিরে রেখেছে, তার একমাত্র সমাধান নিজেদের আগ্রাসী মনোভাব পরিত্যাগ করে আফগানযুদ্ধের ইতি টানা। যত দ্রুত সম্ভব, আফগানিস্তানের জনসাধারণের স্বাধীনতার প্রতি শ্রদ্ধা জানিয়ে নিজের সৈন্যদের ফিরিয়ে আনা।

যদি মার্কিন সরকার নিজেদের এমন যুদ্ধংদেহী রাজনীতি ও উপনিবেশী মতবাদ খতম না করে, তাহলে অচিরেই তাদের দেশের জনগণই এমন প্রতিবাদ ও বিপ্লবের জন্ম দেবে, যা তাদের রাষ্ট্রব্যবস্থাকে হুমকির মুখে ফেলে দেবে। কেননা, আমেরিকার ক্রমবর্ধমান অর্থনীতির কারণেই মার্কিন জনসাধারণ এখনো আমেরিকার অখণ্ডতায় বিশ্বাস করে; কিন্তু আমেরিকা যদি অর্থনৈতিকভাবে ভেঙে পড়ে, তাহলে তাদের পরিণতি হবে সোভিয়েত ইউনিয়নের মতো।

শায়খের ব্যক্তিত্বের একটি গুরুত্বপূর্ণ দিক—তিনি বিংশ-একবিংশ শতাব্দীতে ইসলামি জিহাদকে মার্কিন প্রভাবমুক্ত করেছিলেন। সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে আফগানিস্তানের জিহাদ বিংশ শতাব্দীর গুরুত্বপূর্ণ ঘটনাপ্রবাহের মধ্যে অন্যতম। কিন্তু এই জিহাদের ব্যাপারে একটা প্রোপাগান্ডা হলো, এটি আমেরিকান অস্ত্রশস্ত্র ও তাদের সহযোগিতায় সম্পন্ন হয়, যা ইসলামি জিহাদকে আমেরিকান বলয়ে আবদ্ধ করে ফেলে। এই প্রোপাগান্ডা পুরো মুসলিমবিশ্বের জন্য বড় ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়।

শায়খ জিহাদকে আমেরিকান বলয়মুক্ত করেছিলেন। তিনি প্রমাণ করে দিয়েছিলেন, সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে মুসলমানরা মার্কিন সামরিক শক্তি ও ডলারের প্রভাবে বিজয়ী হয়নি, তাঁরা বিজয়ী হয়েছিল মুসলমানদের জিহাদি মানসিকতা ও শাহাদাতের তীব্র বাসনার কারণে। মুসলমানরা নিজেদের ইমানি শক্তিতে তার পুনরাবৃত্তি করতে সক্ষম। খোরাসানে আমেরিকা ও তার সহযোগীদের পরাজয় এর প্রত্যক্ষ প্রমাণ।

আমেরিকা শায়খের মাথার মূল্য নির্ধারণ করেছিল ৫ কোটি ডলার। বস্তুত এটা তাঁর একটি পশমের মূল্যও নয়। কেননা তিনি ছিলেন একবিংশ শতাব্দীর সবচেয়ে মূল্যবান ব্যক্তি। আল্লামা ইকবালের কবিতার মর্ম প্রমাণ করে দেখিয়েছিলেন মোল্লা মুহাম্মাদ উমর রাহ.—

যদি রাজ্যও হাত থেকে চলে যায়, তো যেতে দাও;
তবু আল্লাহর বিধানের অন্যথা করো না।

পাঠক নিশ্চয় ইতিমধ্যে বুঝে গেছেন গ্রন্থটি কী নিয়ে রচিত। গ্রন্থটিতে শায়খের জীবনী-সংক্রান্ত অন্যোন্য গ্রন্থের তুলনায় ভিন্ন ধরনের তথ্য পাবেন। তাঁকে নিয়ে আরও অনেক বই বাজারে এসেছে, যেগুলোর কোনোটায় তাঁর ব্যক্তিত্বের প্রতি আঙুল তোলা হয়েছে। কেউ রূপকথার প্লট সাজিয়েছে। কেউ আবার তাঁর শাহাদাতকে নাটক প্রমাণের চেষ্টা করেছে। কেউ তাঁকে সিআইএর এজেন্ট হিশেবেও আখ্যায়িত করেছে। এ পরিস্থিতিতে তাঁর জীবনের সত্য তথ্যগুলো এই গ্রন্থে তুলে ধরা হয়েছে।

গ্রন্থটিতে আমরা তাঁর ব্যাপারে আলিমগণের বিভিন্ন মন্তব্য তুলে ধরা হয়েছে। এ ছাড়াও বিশ্বখ্যাত বিভিন্ন ব্যক্তি, এমনকি অনেক খ্রিষ্টান লেখকের মতামতও তুলে ধরা হয়েছে। বস্তুত এ গ্রন্থটিতে জাজিরাতুল আরবে জন্ম নেওয়া ও আরবসাগরে সমাহিত হওয়া পর্যন্ত তাঁর জীবনকালের সত্য ঘটনাপ্রবাহ তুলে ধরা হয়েছে। বিভিন্ন মন্তব্য তুলে ধরতে বিভিন্ন মতবাদের আলিম ও রাজনীতিবিদের নামও চলে এসেছে। আসলে সব মতবাদ ও মাজহাবের লোকেরাই তাঁর সঙ্গে হৃদ্যতা পোষণ করতেন বিধায় সবাই তাঁর প্রশংসায় পঞ্চমুখ থাকতেন।

প্রকাশকাল : অক্টোবর ২০২০
স্বত্ব : প্রকাশক
মুদ্রিত মূল্য : ৩২০ টাকা মাত্র
প্রকাশক : রেনেসাঁ, ফকিরাপুল, ঢাকা